Mr. W. Seton Karr is vested with the special powers described in Clause 3, Section 2, Regulation III. of 1821.

Mr. A. A. Swinton is vested with special powers under Section 21, Regulation VIII. of 1831, in Zillah Monghyr.

Mr. C. Mackenzie, Uncovenanted Assistant to the Salt Agent of Cuttack, is vested with the power of adjudicating cases of contravention of the Salt Laws under Section 25, Act XXIX. of 1838.

Dr. D. J. O'Callaghan and Mr. Anderson, to be Members of the Ferry Fund Committee at Pubna, vice Messrs. Battersby and White.

The Honourable the Deputy Governor of Bengal has been pleased, upon the recommendation of the Superintendent of Police, Lower Provinces, to promote the following Darogahs to the 1st and 2d Grades:

Zillah	Thannah.	Name.	Grade and Salary.
Sarun, ...	... Town, ...	.. Kedarnauth Pundit, ...	1st Grade, at Rs. 100 each per mensem.
Tirhoot,	... Town, ...	.. Ram Bhurose Singh, ...	
Patna, ...	... Town 2d Court Gusht, ...	Syed Baker, ...	
Behar, ...	... Nowada, ..	.. Jesree Lall, ...	
Sylhet, ...	... Parcool, ...	... Sibchunder Raie, ...	
Dacca, ...	... City,... ...	Waseflooddeen Mahomed,	
Nuddea.	... Hurrah, ...	... Rammohun Mitter, ...	
Moorshedabad,	Soojagunge,	... Ramdhun Mundel, ...	
24-Pergunnahs	Tazeerhaut,	... Golam Jelanny, ...	
24-Pergunnahs	Kidderpore,	.. Benny Madhub Chatterjee,	
Mymensing,	... Madargunge,	... Teelok Chunder Bose, ...	2nd Ditto, at Rs. 75 per mensem.

রাজকর্ম্মে নিয়োগ।

৫৩৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৪ সাল ৩০ মার্চ।

শ্রীযুত গোলোকচন্দ্র শর্ম্মা ও কুরজন সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত বক্সআলী চৌধুরী ও শ্রীযুত মদনমোহন বাবু ত্রিপুরাতে খেয়ার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

১৮৪৪ সাল ১ আপ্রিল।

শ্রীযুত ডবলিউ সিটন কার সাহেব ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত এ এ সুইন্টন সাহেব ১৮৩৮ সালের ৮ আইনের ২১ ধারানুসারে জিলা মুঙ্গেরে বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

কটকের নিমকের এজেন্টের অচিক্ষিত আসিষ্টাণ্ট শ্রীযুত সি মাকেঞ্জি সাহেব ১৮৩৮ সালের ২৯ আইনের ২৫ ধারানুসারে নিমক বিষয়ি আইন উল্লঙ্ঘনকারিদের মোকদ্দমার বিচারকরণার্থ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত বাটর্সবি সাহেব ও শ্রীযুত ওয়াইট সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত ডাক্তর ডি জে ওকালাঘান সাহেব ও শ্রীযুত আণ্ডর্সন সাহেব পাবনাতে খেয়ার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেব বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের পরামর্শক্রমে নীচের লিখিত দারোগারদিগকে প্রথম ও দ্বিতীয় শ্রেণীভুক্ত করিয়াছেন।

জিলা।	থানা।	নাম।	শ্রেণী ও মাহিয়ানা।
সারণ ...	সারণ নগর ...	কেদারনাথ পণ্ডিত ...	প্রথম শ্রেণীতে নিযুক্ত হইয়া ১০০৲ টাকা মাহিয়ানা পাইবেন।
ত্রিহুত ...	ত্রিহুত নগর ...	রামভরসা সিংহ ...	
পাটনা...	পাটনা নগর গস্ট	সায়দ বাকের ...	
বেহার...	নওয়াদা ...	বশারি লাল ...	
সিলেট ..	পারকুল...	শিবচন্দ্র রায় ...	
ঢাকা ...	ঢাকা শহর	ওয়ালেফ উদ্দিন মহম্মদ	
নদীয়া ...	হরুরা ...	রামমোহন মিত্র ...	
মুরশিদাবাদ...	সুজাগঞ্জ ...	রামধন মণ্ডল ...	
চব্বিশপরগনা	তাজিরহাট	গোলাম জেলানি ...	
চব্বিশপরগনা	খিদিরপুর	বেণিমাধব চাটুর্য্যা ...	দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়া ৭৫৲ টাকা মাহিয়ানা পাইবেন।
ময়মনসিংহ ...	মাদারগঞ্জ ...	তিলকচন্দ্র বসু ...	

[*Government Gazette*, 16*th April*, 1844.]

LEAVES OF ABSENCE.

The 1st April, 1844.

Mr. G. Martin, Magistrate of Purneah, for one month, under Section XI. of the Amended Rules of 17th May 1843, commencing from the 20th proximo, or from the date on which he may make over charge of his office to his Assistant the Honourable F. Drummond, who will officiate as Magistrate of that District during Mr. Martin's absence.

Mr. A. Smith, Civil Surgeon and Deputy Salt Agent at Hidgellee, for five days, on private affairs.

The unexpired portion of the leave of absence for two years, granted on the 28th November 1842, to Mr. Welby Jackson, Commissioner of Revenue of the 14th or Moorshedabad Division, is cancelled from the 14th December last, the day on which he resumed charge of his office.

The 8th April, 1844.

Baboo Russomoy Dutt, Commissioner of the Court of Requests, for four days, commencing from the 6th instant, under Medical Certificate.

The 9th April, 1844.

Mr. Henry Brownlow, Civil and Sessions Judge of Cuttack, for one month, under Section XI. of the Amended Rules of the 17th May 1843, from the 1st proximo, making over charge of the current duties of his office to the Principal Sudder Ameen of that District.

NOTIFICATIONS.

The 25th March, 1844.

The Honourable R. Forbes, Civil and Sessions Judge of Behar, assumed charge of his office from Mr. W. St. Quintin on the 18th instant.

Mr. R. B. Kinsey, Civil Assistant Surgeon of Purnea, assumed charge of his office from Mr. Assistant Surgeon Lay on the 18th instant.

The 30th March, 1844.

Mr. E. A. Samuells, Magistrate of Tirhoot, made over charge of his office to Mr. A. R. Young on the 21st instant.

Mr. A. T. Dick, Collector of Rungpore, made over charge of his office to Mr. Uncovenanted Deputy Collector E. W. Pitt on the 19th instant.

Mr. H. C. Metcalfe, Officiating Judge of Bhagulpore, resumed charge of his office from the Principal Sudder Ameen of that District on the 26th instant.

Mr. F. W. Russell, Judge of Hooghly, reported his return at Saugor from leave of absence to Sea, on the 28th instant.

The 9th April, 1844.

Mr. A. T. Dick, Collector of Rungpore, resumed charge of his office from Mr. Uncovenanted Deputy Collector E. W. Pitt on the 30th ultimo.

Mr. G. W. Battye, Officiating Collector of Bhaugulpore, assumed charge of his office from Mr. F. E. Read on the 1st instant.

ছুটী।

১৮৪৪ সাল ১ আপ্রিল।

পুরণিয়ার মাজিষ্ট্রেট শ্রীযুত জি মার্টিন সাহেব ১৮৪৩ সালের ১৭ মে তারিখের শুধরা হওয়া বিধানের ১১ ধারানুসারে আগামি মাসের ২০ তারিখঅবধি অথবা যে তারিখে তিনি আপন কর্ম্মের ভার আপন আসিষ্টান্ট শ্রীযুত অনরবিল এফ ড্রমণ্ড সাহেবের প্রতি অর্পণ করেন্ সেই তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন। এবং শ্রীযুত মার্টিন সাহেবের অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত অনরবিল এফ ড্রমণ্ড সাহেব ঐ জিলার মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

হিজলীর সিবিলসম্পর্কীয় চিকিৎসক ও নিমকের ডেপুটী এজেন্ট শ্রীযুত এ স্মিথ সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

১৪ সংখ্যক অর্থাৎ মুরশিদাবাদের এলাকার রাজস্বের কমিস্যনর শ্রীযুত ওয়েলবি জাকসন সাহেব ১৮৪২ সালের ২৮ নবেম্বর তারিখে যে দুই বৎসরের ছুটী পান্ তাহার অবশিষ্ট কাল গত ডিসেম্বর মাসের ১৪ তারিখঅবধি অর্থাৎ যে তারিখে তিনি আপনার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্ তদবধি রহিত হইয়াছে।

১৮৪৪ সাল ৮ আপ্রিল।

ছোট আদালতের কমিস্যনর শ্রীযুত বাবু রসময় দত্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ৬ তারিখঅবধি চারি দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৪ সাল ৯ আপ্রিল।

কটকের সিবিল ও সেশন জজ শ্রীযুত হেনরি ব্রৌণলো সাহেব ১৮৪৩ সালের ১৭ মে তারিখের শুধরাহওয়া বিধানের ১১ ধারানুসারে আগামি মাসের ১ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন। তিনি আপনার সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিবেন।

বিজ্ঞাপন।

১৮৪৪ সাল ২৫ মার্চ।

বেহারের সিবিল ও সেশন জজ শ্রীযুত অনরবিল রবর্ট ফর্বস সাহেব বর্ত্তমান মাসের ১৮ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত ডবলিউ সেন্ট কুইণ্টিন সাহেবের স্থানে গ্রহণ করেন্।

পূরণিয়ার সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত আর বি কিন্সি সাহেব বর্ত্তমান মাসের ১৮ তারিখে আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত লে সাহেবের স্থানে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন্।

১৮৪৪ সাল ৩০ মার্চ।

ত্রিহুতের মাজিষ্ট্রেট শ্রীযুত ই এ সামুয়েল্স সাহেব বর্ত্তমান মাসের ২১ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত এ আর ইয়ং সাহেবের প্রতি অর্পণ করেন্।

রঙ্গপুরের কালেক্টর শ্রীযুত এ টি ডিক সাহেব বর্ত্তমান মাসের ১৯ তারিখে অচিহ্নিত ডেপুটী কালেক্টর শ্রীযুত ই ডবলিউ পিট সাহেবের প্রতি আপন কর্ম্মের ভার অর্পণ করেন্।

ভাগলপুরের একটিং জজ শ্রীযুত এচ সি মেটকাফ সাহেব বর্ত্তমান মাসের ২৬ তারিখে ঐ জিলার প্রধান সদর আমীনের স্থানে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

হুগলীর জজ শ্রীযুত এফ ডবলিউ রসেল সাহেব বর্ত্তমান মাসের ২৮ তারিখে সমুদ্রহইতে গঙ্গাসাগরে আপনার পঁহুছনের রিপোর্ট করেন্।

১৮৪৪ সাল ৯ আপ্রিল।

রঙ্গপুরের কালেক্টর শ্রীযুত এ টি ডিক সাহেব গত মাসের ৩০ তারিখে আপন কর্ম্মের ভার অচিহ্নিত ডেপুটী কালেক্টর শ্রীযুত ই ডবলিউ পিট সাহেবের স্থানে পুনর্গ্রহণ করেন্।

ভাগলপুরের একটিং কালেক্টর শ্রীযুত জি ডবলিউ বাটী সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখে শ্রীযুত এফ ই রীড সাহেবের স্থানে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন্।

Mr. M. S. Gilmore, Officiating Magistrate, Collector and Salt Agent Cuttack, assumed charge of his office from Mr. E. T. Trevor on the 1st instant.

Lieut. W. H. Oakes, 1st Class Assistant Agent Governor General South Western Frontier, made over charge of the Maunbhoom Treasury to Lieut. S. R. Tickell on the 1st instant.

Mr. James Grant, Civil and Sessions Judge of Dinagepore, made over charge of the current duties of his office on the 30th ultimo to the Principal Sudder Ameen of that District, to proceed to Maldah on Circuit duty.

Mr. T. Wyatt, Civil and Sessions Judge of Rungpore, made over charge of the current duties of his office on the 30th ultimo to the Principal Sudder Ameen of that District, to proceed to Bogra on current duty.

Mr. W. M. Dirom, Officiating Collector of Rajshahye, assumed charge of his office from Mr. R. B. Garrett on the 2d instant.

At the recommendation of the Superintendent of Police Lower Provinces, the removal of Thannah Sunkerpore, in Zillah Bhaugulpore, to Packye Serai, is sanctioned.

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

কটকের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেন্ট শ্রীযুত এম এস গিলমোর সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখে শ্রীযুত ই টি ট্রেবর সাহেবের স্থানে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন্।

দক্ষিণ পশ্চিম অঞ্চলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের প্রথম শ্রেণীর আসিষ্টান্ট এজেন্ট শ্রীযুত লেপ্টেনেন্ট ডবলিউ এচ ওক্স সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখে মানভূমের খাজানাখানার ভার শ্রীযুত লেপ্টেনেন্ট এস আর টিকেল সাহেবের প্রতি অর্পণ করেন্।

দিনাজপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত জেম্স গ্রান্ট সাহেব দায়েরসায়েরী কর্ম্মে মালদহে গমনার্থ আপনার সিরিশ্তার চলিত কর্ম্মের ভার গত মাসের ৩০ তারিখে ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন্।

রঙ্গপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত টি ওয়াইয়াট সাহেব আপনার পদের কর্ম্মে বগুরাতে গমনার্থ গত মাসের ৩০ তারিখে আপনার সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন্।

রাজশাহীর একটিং কালেক্টর শ্রীযুত ডবলিউ এম ডিরম সাহেব বর্ত্তমান মাসের ২ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত আর বি গারেট সাহেবের স্থানে গ্রহণ করেন্।

বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের সুপরিন্টেণ্ডেন্ট সাহেবের পরামর্শক্রমে জিলা ভাগলপুরের শঙ্করপুর থানা পাকাই সরাই থানার শামিল করিবার অনুমতি হইয়াছে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

SHERIFF'S SALES.

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে মৃত রামলাল মিত্রের উত্তরাধিকারিণী ও আইনমতে প্রতিনিধি বিধবারা শ্রীমতী অপর্ণা দাসী ও শ্রীমতী চন্দ্রমণি দাসীর মালের বিরুদ্ধে বেন্দিসিয়োনৈ এক্সপোনাস নামক যে এক পরওয়ানা কলিকাতার সরিফ সাহেবের হাতে আছে তাহার ক্ষমতাতে তিনি বর্ত্তমান আপ্রিল মাসের ১৮ তারিখ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময়ে সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারাণ্ডায় সরিফ সাহেবের দফ্তরখানায় প্রবেশ দ্বারের নিকট নীচের লিখিত বিষয় নীলাম করিবেন।

বিশেষতঃ কলিকাতা নগরের চাঁদনির শামিল ও তন্মধ্যস্থিত চাঁদনি চক নামে বিখ্যাত যে ইষ্টক নির্ম্মিত চক কি গুদাম তাহা এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ১০/ দশ বিঘা তাহার তিনআনা দুই পাই অংশে ও ঐ অংশের মধ্যে ও ঐ অংশের উপর উক্ত মৃত রামলাল মিত্রের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে নীলাম হইবেক তাহা এইরূপে চতুঃসীমা বদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে গলি পূর্ব্ব দিগে এই দেশীয় লোকেরদের হাসপিটাল উত্তর দিগে ঘুমগড় গলি দক্ষিণদিগে সরকারী রাস্তা।

এবং জিলা চব্বিশপরগনার সিতির শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগান ভূমি কমবেশ ৪০/ সঙ্গিশ বিঘা এবং তাহার মধ্যে যে এক বাঙ্গলা ও এক পুকুর ও নানা জাতীয় বৃক্ষ আছে তাহার তিনআনা দুই পাই অংশে ও ঐ অংশের মধ্যে ও ঐ অংশের উপর উক্ত মৃত রামলাল মিত্রের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কালে ও স্থান ও নিয়মানুসারে নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিমদিগে মৃত মথুরামোহন সেনের বাগান পূর্ব্ব দিগে গোলোকচন্দ্র রায়ের বাগান দক্ষিণ দিগে সিম লাইরদের এক খণ্ড ভূমি উত্তর দিগে দমদমার রাস্তা।

[*Government Gazette*, 16*th April*, 1844.]

সরিফের নীলাম।

সরিফ সাহেবের দফ্তরখানায় অন্বেষণ করিলে নীলামের নিয়ম জানা যাইতে পারিবেক।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে মৃত কালীকিঙ্কর পালিতের অন্তী জান লাএল সাহেব ও উলিয়ম রিচার্ড লাকষ্টিন সাহেব ও ডেবিড জার্ডিন সাহেবের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়স নামক যে এক পরওয়ানা কলিকাতার সরিফ সাহেবের হাতে আছে তাহার ক্ষমতাতে উক্ত সরিফ সাহেবের হুকুমমতে শ্রীযুত টালা কোম্পানির সাহেবেরা আগামি মে মাসের ২ তারিখ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময়ে লাল দীঘীর ধারে আপনারদের বাটীতে নীচের লিখিত বিষয় নীলাম করিবেন।

বিশেষতঃ কলিকাতা নগরের ঠন্ঠনিয়ার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত পরিবারের বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ৬॥০ ছয় বিঘা দশ কাটা তাহাতে পাকা ঘাট বাঁধা দুইটা পুকুর ও আস্তবল তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত মৃত কালীকিঙ্কর পালিতের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে তারাচাঁদ দত্তের পরিবারের বসত বাটী দক্ষিণ দিগে বৃন্দাবন মিত্রের ভূমি পূর্ব্ব দিগে ত্রিপুরাচরণ মিত্রের বাটী পশ্চিম দিগে সরকারী রাস্তা।

এবং জিলা চব্বিশপরগনার সিতির শামিল ও তন্মধ্যস্থিত যে তিনটা অর্দ্ধেক দোতালা অর্দ্ধেক এক তালা ইষ্টক নির্ম্মিত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ৪২/ বেয়ালিশ বিঘা এবং তাহাতে লাহার কারখানা ও রমসরাবের কারখানা ও চিনির কারখানা এবং পাকা ঘাট বাঁধা চারিটা পুকুর তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত কালীকিঙ্কর পালিতের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপ-

রের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে জয়নারায়ণ সরকারের বাগান দক্ষিণ দিগে সরকারি রাস্তা পশ্চিম দিগে প্রাণকৃষ্ণ মল্লিক ও তাঁহার ভ্রাতারদের বাগান পূর্ব্বদিগে গোরাচাঁদ বসাকের বাগান।

এবং উক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত মতিঝিলে বেষ্টিত যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি কমবেশ ১২ বারো বিঘা ও তাহার উপর যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত বৈঠকখানা বাটী এবং একটা একতালা গুদাম ও পাকাঘাট বাঁধা দুইটা পুকুর তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত মৃত কালীকিঙ্কর পালিতের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে কাশীনাথ ঘোষ ও রামধন ঘোষের বাগান দক্ষিণ দিগে সরকারী রাস্তা পশ্চিম দিগে কার্ত্তিক বসাকের বাগান পূর্ব্বদিগে নারায়ণচাঁদ বসাকের বাগান। এবং উক্ত বাগানের মধ্যে যে সকল লওয়াজিমা আছে তাহারো নীলাম হইবেক।

এবং জিলা চব্বিশপরগনার ভবানীপুরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি কমবেশ ৮ আট বিঘা এবং তাহার উপরে নির্ম্মিত যে এক একতালা গুদাম এবং তাহাতে যে একটা পুকুর তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত মৃত কালীকিঙ্কর পালিতের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে বৃন্দাবন বসির ভূমি দক্ষিণ ও পশ্চিম দিগে চৈতন কুণ্ডের ভূমি পূর্ব্ব দিগে সরকারী রাস্তা।

এবং জিলা চব্বিশপরগনার বড় নগরের শামিল মৃত গোপীকৃষ্ণ চৌধুরীর বাটীতে ভেরাণ্ডার তৈল প্রস্তুত করিবার যে দুইটা সম্পূর্ণ কল আছে তাহা নীলাম হইবেক।

এবং জিলা চব্বিশপরগনার বড় নগরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক অর্দ্ধেক দোতালা অর্দ্ধেক একতালা ইষ্টকর্ম্মিত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ১০/ দশ বিঘা ও তাহার মধ্যে যে এক চিনির কারখানা আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত মৃত কালীকিঙ্কর পালিতের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে গলি দক্ষিণ দিগে গঙ্গারতীরে যাইবার রাস্তা পূর্ব্ব দিগে হলধর দাসের ভূমি পশ্চিম দিগে গঙ্গা।

এবং কলিকাতা নগরের মীর্জ্জাপুরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি কমবেশ ২॥ দুই বিঘা দশ কাটা এবং তাহাতে পাকা ঘাট বাঁধা এক পুকুর তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত মৃত কালীকিঙ্কর পালিতের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে হরি মিত্রের ভূমি দক্ষিণ দিগে রাজমোহন ঘোষের বাটী পূর্ব্ব দিগে তারিণীচরণ ঘোষের বাটী পশ্চিম দিগে প্রাণকৃষ্ণ সিংহের বাটী।

এবং জিলা হুগলীর চুঁচুড়ার খড়ুয়া বাজারের শামিল ও তন্মধ্যস্থিত মাছুয়া হাটা নামে খ্যাত যে বাজার কমবেশ ৩/৩ তিন বিঘা তিন কাটা তাহার অর্দ্ধাংশে ও অর্দ্ধাংশের মধ্যে ও অর্দ্ধাংশের উপর উক্ত মৃত কালীকিঙ্কর পালিতের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে নীলাম হইবেক।

এবং জিলা হুগলীর অমরপুরের শামিল ও তন্মধ্যস্থিত ইস্কুলঘর নামে খ্যাত যে এক ঘর এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ২॥০ দুই বিঘা দশ কাটা এবং তাহাতে যে এক পুকুর ও নানাজাতীয় বৃক্ষ আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত মৃত কালীকিঙ্কর পালিতের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে সরকারী রাস্তা পূর্ব্ব দিগে তারাচাঁদ ঘোষের বাটী ও ভূমি দক্ষিণ দিগে গৌরমোহন ঘোষের বাটী পশ্চিম দিগেবাগান।

এবং উক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত অপর যে এক বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কম বেশ ১/৩ এক বিঘা তিন কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত মৃত কালীকিঙ্কর পালিতের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে সরকারী রাস্তা পশ্চিম দিগে উক্ত কালীকিঙ্কর পালিতের অপর এক বাটী দক্ষিণ দিগে গঙ্গানারায়ণ চাটুয্যার বাগান পূর্ব্ব দিগে উক্ত গঙ্গানারায়ণ চাটুয্যার এক খণ্ড ভূমি।

এবং উক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি কমবেশ ৪০/ চল্লিশ বিঘা তাহাতে দুইটা পুকুর আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত মৃত কালীকিঙ্কর পালিতের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে সরকারী রাস্তা পূর্ব্ব দিগে মিত্রেরদের পুকুর দক্ষিণ দিগে নরদমা পশ্চিম দিগে রামলোচন ঘোষের ভূমি।

এবং উক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত মিত্রেরদের পুকুর নামে যে এক পুকুর ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ৮ আট বিঘা তাহার তেরো অংশের এক অংশে ও তাহার ঐ অংশের মধ্যেও ঐ অংশের উপর উক্ত মৃত কালীকিঙ্কর পালিতের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে নীলাম হইবেক।

এবং ঐ স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ৪॥০ চারিবিঘা দশকাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত মৃত কালীকিঙ্কর পালিতের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে নীলাম হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণদিগে নন্দঘোষের বাটী উত্তর দিগে গঙ্গানারায়ণ চাটুয্যার বাটী পশ্চিম দিগে সরকারী রাস্তা পূর্ব্ব দিগে নরদমা।

এবং উক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত ২৪ চব্বিশ মৌজার যে এক তালুক আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত মৃত কালীকিঙ্কর পালিতের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে নীলাম হইবেক।

এবং জিলা হুগলীর চুঁচুড়ার শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টক নির্ম্মিত বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কম বেশ ১/৪ এক বিঘা চারিকাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত মৃত কালীকিঙ্কর পালিতের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে নীলাম হইবেক।

সরিফ সাহেবের দফ্তরখানায় অন্বেষণ করিলে নীলামের নিয়ম জানা যাইতে পারিবেক।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে রামলোচন

রায় ও রামচন্দ্র রায়ের মালের বিরুদ্ধে বেন্দিলিয়োনৈ এক্সপোনাস নামক যে এক পরওয়ানা কলিকাতার সরিফ সাহেবের হাতে আছে তাহার ক্ষমতাতে তিনি বর্ত্তমান আপ্রিল মাসের ১৮ তারিখ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময়ে সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারাণ্ডায় সরিফ সাহেবের দফ্তরখানায় প্রবেশ দ্বারের নিকটে নীচের লিখিত বিষয় নীলাম করিবেন।

বিশেষতঃ জিলা চব্বিশপরগনার ডিহী পঞ্চান্ন গ্রামের ভবানীপুরের চক্রবেড়ের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত পরিবারের বসতবাটী ও তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ২॥০ দুই বিঘা দশ কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত রামলোচন রায় ও রামচন্দ্র রায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে রাজু ডাক্তরের এক খণ্ড ভূমি পশ্চিম দিগে ঈশ্বর মড়ীর বাটী ও ভূমি দক্ষিণ দিগে সরকারী রাস্তা উত্তর দিগে কাশী ঘোষের এক খণ্ড ভূমি।

এবং উক্ত ডিহী পঞ্চান্ন গ্রামে পদ্মপুকুরিয়ার শামিল ও তন্মধ্যস্থিত ২॥০ দুই বিঘা দশ কাটার যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি তাহাতে পুকুর এবং অনেক গাছ আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত রামলোচন রায় ও রামচন্দ্র রায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে মাধব চাটুয্যার এক খণ্ড ভূমি পশ্চিম দিগে উক্ত মাধব চাটুয্যার এক খণ্ড ভূমি দক্ষিণ দিগে কালী যুগির বাটী ও ভূমি উত্তর দিগের এক ভাগে মাধব চাটুয্যার বাটী ও ভূমি অপর ভাগে লক্ষ্মীনারায়ণ চাটুয্যার বাটী ও ভূমি।

এবং উক্ত ডিহী পঞ্চান্ন গ্রামের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ২॥০ দুই বিঘা দশ কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত রামলোচন রায় ও রামচন্দ্র রায়ের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরের লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে জগন্নাথ যুগির এক খণ্ড ভূমি পশ্চিম দিগে ব্রজনাথ মিত্রের এক খণ্ড ভূমি দক্ষিণ দিগে ফকিরচাঁদ সরকারের এক খণ্ড ভূমি উত্তর দিগে জগমোহন মণ্ডলের এক খণ্ড ভূমি।

সরিফ সাহেবের দফ্তরখানায় অন্বেষণ করিলে নীলামের নিয়ম জানা যাইবেক।

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

শহর কলিকাতার যোত্রহীন ঋণিরদের পরিত্রাণার্থ আদালত।

আলেকজাণ্ডর ডনাল্ড মাক্লৌড এবং কৃষ্টফের ফেগন সাহেবেরা

যাঁহারা সুবে বাঙ্গালার অন্তঃপাতি শহর কলিকাতায় বাস করিতেন সওদাগর ও এজেন্ট যাঁহারা মেকলিউড ফেগন কোম্পানি নামে সওদাগরি করিতেন এবং সন ১৮৪৩ সালের ১ জুলাই তারিখ শনিবারে গত জর্জ দি-ফোর্থ বাদশাহের নবম আইনের ৭৩ ধারার মতে অক্ষম ঋণি বলিয়া ধার্য্য হইয়াছেন।

এতদ্দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৪ সালের ৩ আপ্রিল বুধবারে উক্ত আদালত বসিবাতে পূর্ব্বোক্ত অক্ষম ঋণিরদিগের এক জন এসাইনি উলিয়ম ইউইৎ সাহেবের পক্ষে এক দরখাস্ত হয় তাহাতে তাঁহার প্রার্থনা এই যে তিনি তাঁহার ঐ এসাইনি কর্ম্মহইতে অবসর হইবার অনুমতি প্রাপ্ত হন ইহাতে অনুজ্ঞা হইল যে আগামি ৬ জুলাই শনিবারের পূর্ব্ব যদ্যপি ইহার প্রতিকূলে কোন বিষয় দর্শান না হয় তবে উক্ত উলিয়ম ইউইৎ সাহেবের ও তাঁহার সমভিব্যাহারি এসাইনি জান ওয়ালিস আলেকজান্দরের পক্ষে উক্ত আদালতের সাধারণ এসাইনি মেৎ পেট্রিক ও হালেন সাহেব সন ১৮৪২ সালের ৯ মার্চ তারিখে যে ইনডেনটীউর আপ এসাইনমেন্ট অর্থাৎ হস্তান্তর করণ লিপি পত্র লিখিয়া দেন্ তাহা উক্ত উলিয়ম ইউইৎ সাহেবের পক্ষে বাতিল হইবেক কিন্তু এই অনুমতির পূর্ব্বে উক্ত উলিয়ম ইউইৎ যে কোন নিয়ম অথবা কর্ম্ম করিয়াছেন তাহা অগ্রাহ্য হইবেক না এবং আর অনুমতি হইল যে উক্ত এসাইনি আগামি ৬ জুলাই তারিখঅবধি ঐ সম্পত্তির হিসাব প্রস্তুত করিয়া দাখিল করিবেন।

গ্রাণ্ট ও রেম্‌ফ্রি। উকীল।

কলিকাতা ৩ আপ্রিল সন ১৮৪৪ সাল।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

PROBATE of the Last Will and Testament of Moteechundro Chotopodhyo, late of Saumpooker, in the Town of Calcutta, Inhabitant, deceased, having been this day granted by the Supreme Court of Judicature, at Fort William in Bengal, in its Ecclesiastical Jurisdiction, to Sree Mutty Woomah Dabey of Saumpooker, aforesaid, widow, the sole Executrix in the said Will named; all persons having claims on the said Estate, are requested to make the same known, and those indebted thereto to pay their respective debts to the said Executrix forthwith.

W. N. HEDGER, *Proctor.*

Calcutta, 3rd April, 1844.

[*Government Gazette, 16th April,* 1844.]

পূর্ব্বে কলিকাতা নগরের শ্যামপুকুর নিবাসী মৃত মতিচন্দ্র চট্টোপাধ্যায়ের উইল ও দানপত্রের প্রোবেট বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়মের সুপ্রিম কোর্টের এক্লিসিয়াষ্টিকাল এলাকাহইতে অদ্য উক্ত দানপত্রের লিখিত একাকিনী অছী উক্ত শ্যামপুকুর নিবাসি বিধবা শ্রীমতী উমা দেবীকে দেওয়া গিয়াছে। অতএব উক্ত মৃত ব্যক্তির উপর যাঁহারু যে দাওয়া থাকে তিনি অবিলম্বে সেই বিষয় উক্ত অছীকে জানাইবেন এবং যাঁহারদের স্থানে কোন পাওনা থাকে তাহারা সেই পাওনা অবিলম্বে উক্ত অছীকে দিবেন।

ডবলিউ এন হেজর। প্রকটর।

কলিকাতা। ১৮৪৪ সাল। ৩ আপ্রিল।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, APRIL 23, 1844.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৪ সাল ২৩ আপ্রিল।

ACTS.

FORT WILLIAM.
HOME DEPARTMENT.
LEGISLATIVE.
THE 9TH APRIL, 1844.

The following Act is brought up before the Legislative Council this day, the Governor General of India in Council being desirous, that no time should be lost in passing the Act:

Resolved,—That the Rule requiring that no Draft of a Law shall be ordered to be published till at least one week shall have elapsed from the day on which it was first laid before the Council of India in its Legislative Department; and that the Rules requiring that all Acts of the Governor General of India in Council shall be brought up for second reading in two months, or in three months, from the date of the first reading, be suspended in respect to the following proposed Act, and that it be at once passed into Law.

ACT No. VIII. OF 1844.

An Act to authorize the Governments of Fort William in Bengal, Fort St. George and Bombay, to remove Native Officers, Soldiers and Followers imprisoned under Sentence of a Court Martial from one Prison to another.

It is hereby enacted, that whenever any Native Officer or Soldier, or Follower, belonging to the Forces of the East India Company, shall be a prisoner in any public prison or other place within the Territories subject to the Government of the said Company under sentence of any Court Martial, it shall be lawful for the Governor or Governor in Council (as the case may be) of the Presidency, in which such public prison or other place may be situated to give an order in writing to the

আইন।

ফোর্ট উলিয়ম।
দেশীয় সিরিশতা।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৪ সাল ৯ আপ্রিল।

নীচের লিখিত আইন অদ্য ব্যবস্থাপক কৌন্সেলে উপস্থিত করা গেল এবং ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে এই আইন অগোণে জারী হওনের বিষয়ে আকাঙ্ক্ষি হওয়াতে

নির্দ্ধারণ হইল যে যে দিবসে ব্যবস্থাপক সিরিশতায় ভারতবর্ষের হজুর কৌন্সেলে কোন আইনের মুসাবিদা উপস্থিত করা যায় তাহার পর এক সপ্তাহ অতীত না হইলে ঐ মুসাবিদা প্রকাশ না করণের যে বিধি আছে তাহা এবং ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের সকল আইন যে তারিখে প্রথমবার পাঠ করা যায় সেই তারিখের দুই মাস অথবা তিন মাসের পর দ্বিতীয়বার পাঠ করিবার যে বিধান আছে তাহা নীচের লিখিত প্রস্তাবিত আইনের বিষয়ে স্থগিত হয় এবং তাহা আইনস্বরূপ একেবারে জারী হয়।

ইঙ্গরেজী ১৮৪৪ সাল ৮ আইন।

এদেশীয় যে হুদ্দাদার এবং সিপাহী ও সৈন্যসমভিব্যাহারি লোক কোর্ট মার্ত্যলের হুকুমক্রমে কয়েদ হয় তাহারদিগকে এক জেলখানাহইতে অন্য জেলখানায় লইয়া যাইবার হুকুম দিতে বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম ও মান্দ্রাজ ও বোম্বাইয়ের গবর্ণমেণ্টকে ক্ষমতা দেওনের বিষয়ি আইন।

ইহাতে হুকুম হইল যে ভারতবর্ষের কোম্পানি বাহাদুরের সৈন্যের অন্তঃপাতি এদেশীয় কোন হুদ্দাদার অথবা সিপাহী কি সৈন্যসমভিব্যাহারি লোক যখন কোর্ট মার্ত্যলের হুকুমক্রমে উক্ত কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে কোন সরকারী জেলখানায় অথবা অন্য কোন স্থানে কয়েদ থাকে তখন যে রাজধানীর এলাকার মধ্যে ঐ সরকারী জেলখানা অথবা অন্য কোন স্থান থাকে সেই রাজধানীর শ্রীযুত গবরনর বাহাদুর অথবা শ্রীযুত গবরনর বাহাদুর হজুর কৌন্সেলে ঐ জেলখানার রক্ষক অথবা অন্য যে কোন ব্যক্তির জিম্মায় ঐ জেলখানা থাকে তাঁহাকে এইমত একটা লিখিত হুকুম দিতে পারেন যে ঐ হুকুম

Gaoler thereof, or other person in charge thereof, commanding him to deliver up such prisoner to the person producing such order, and such Gaoler or other person shall deliver up such prisoner at any period of his imprisonment to the person producing such order either for his discharge or in order that he may be removed in Military custody to undergo the remainder of his sentence, to such other public prison or such other place as such Governor or Governor in Council (as the case may be) may direct, provided that such other public prison or other place shall be within the Presidency subject to the Government of the Governor or Governor in Council (as the case may be) who shall have given such order, and provided that the time of imprisonment on removal from one prison to another, or while the prisoner is in custody for any intermediate period shall be reckoned as part of the original period of imprisonment for which such prisoner shall have been sentenced.

T. R. Davidson,

Offg. Secy. to the Govt. of India.

FORT WILLIAM.

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

The 13th April, 1844.

The following Act, passed by the Right Honourable the Governor General of India in Council on the 13th April, 1844, is hereby promulgated for general information.

Act No. IX. of 1844.

An Act for authorizing the institution of Suits in the Courts of Principal Sudder Ameens and Sudder Ameens.

I. It is hereby enacted, that within the Territories subject to the Presidencies of Fort William in Bengal, Fort St. George and Bombay, all Suits within the competency of a Principal Sudder Ameen or Sudder Ameen to decide, shall ordinarily be instituted in the Courts of those Officers respectively.

II. Provided nevertheless, and it is hereby enacted, that it shall be competent to a Zillah or City Judge to withdraw such Suits from the Court in which they may have been instituted, and to try them himself, or to refer them for trial to any other Court subordinate to his authority, and competent in respect to the value of the Suit whenever he may see sufficient reason for so doing.

III. And it is hereby enacted, that whenever there shall be more than one Principal Sudder Ameen, or more than one Sudder Ameen attached to the Court of any Zillah or City Judge, and not having any special local jurisdiction, it shall be the duty of such Judge to appoint from time to time the several Moonsiffs' divisions which shall consti-

যে ব্যক্তি দেখায় তাহার হস্তে ঐ কয়েদী ব্যক্তিকে অর্পণ করেন্ এবং ঐ জেলরক্ষক অথবা অন্য ব্যক্তি ঐ কয়েদীর কয়েদ হওনের কোন সময়ে তাহার খালাস হওনের নিমিত্ত অথবা সৈন্যেরদের জিম্মায় তাহার দণ্ডের অবশিষ্ট কালপর্য্যন্ত অন্য যে কোন সরকারী জেলখানা অথবা অন্য যে কোন স্থান ঐ শ্রীযুত গবর্নর্ বাহাদুর অথবা শ্রীযুত গবর্নর্ বাহাদুর হুজুর কৌন্সেলে নির্দ্দিষ্ট করেন্ সেই স্থানে কয়েদ থাকিবার নিমিত্ত ঐ হুকুমদেখানিয়া ব্যক্তির হাতে ঐ কয়েদীকে সমর্পণ করিবেন। পরন্তু আবশ্যক যে ঐ অন্য সরকারী জেলখানা অথবা অন্য স্থান যে শ্রীযুত গবর্নর্ বাহাদুর অথবা শ্রীযুত গবর্নর্ বাহাদুর হুজুর কৌন্সেলে হুকুম দেন্ তাঁহার অধীন দেশের মধ্যে থাকে এবং আরো আবশ্যক যে এক জেলখানাহইতে অন্য জেলখানায় স্থানান্তর করণের পর সেই ব্যক্তি যত কাল কয়েদ থাকে অথবা এক জেলখানাহইতে অন্য জেলখানায় উঠাইয়া লইয়া যাইতে যত কাল সৈন্যেরদের জিম্মায় থাকে তত কাল ঐ কয়েদী ব্যক্তির আদৌ যত মিয়াদ নির্দ্দিষ্ট হইয়াছিল সেই মিয়াদের মধ্যে ধরা যাইবেক ইতি।

টি আর ডেবিডসন।

ভারতবর্ষের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

John C. Marshman, *Bengalee Translator*

ফোর্ট উলিয়ম।

দেশীয় সিরিশ্তা।

লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৪৪ সাল ১৩ আপ্রিল।

ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৪৪ সালের ১৩ আপ্রিল তারিখে নীচের লিখিত আইন জারী করিলেন এবং তাহা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্ত প্রকাশ হইতেছে।

ইঙ্গরেজী ১৮৪৪ সাল ৯ আইন।

প্রধান সদর আমীনেরদের এবং সদর আমীনেরদের আদালতে মোকদ্দমা উপস্থিত করণের ক্ষমতা দেওনের আইন।

১ ধারা। ইহাতে হুকুম হইল যে বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর ও মান্দ্রাজের এবং বোম্বাইয়ের অধীন দেশের মধ্যে প্রধান সদর আমীন ও সদর আমীন যে সকল মোকদ্দমার বিচার করিতে পারেন্ সেই সকল মোকদ্দমা সামান্যতঃ ঐ২ বিচারকের আদালতে উপস্থিত করা যাইবেক ইতি।

২ ধারা। পরন্তু ইহাতে হুকুম হইল যে জিলা কি শহরের জজ সাহেব উপযুক্ত হেতু দেখিলে যে আদালতে উক্ত প্রকার মোকদ্দমা উপস্থিত হইয়াছে সেই আদালতহইতে সেই মোকদ্দমা তলব করিয়া আপনিই তাহার বিচার করিতে পারেন্ অথবা মোকদ্দমার মূল্য বুঝিয়া আপনার অধীন অন্য যে কোন আদালতে তাহার বিচার হইতে পারে সেই আদালতে বিচারার্থ তাহা সোপর্দ্দ করিতে পারেন্ ইতি।

৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে কোন জিলা কি শহরের জজ সাহেবের আদালতের সম্পর্কে যখন একের অধিক প্রধান সদর আমীন অথবা একের অধিক সদর আমীন নিযুক্ত থাকেন্ এবং তাঁহারদের কোন বিশেষ এলাকা নির্দ্দিষ্ট না থাকে তখন ঐ জজ সাহেবের উচিত যে যে কএক মুনসেফের এলাকার মধ্যে প্রত্যেক প্রধান সদর আমীন এবং

tute the special local jurisdiction of each of such Principal Sudder Ameens and Sudder Ameens, and that each of such Principal Sudder Ameens and Sudder Ameens shall be empowered to take cognizance of all such Suits as are mentioned in Section I. of this Act, provided the landed or other real property to which the Suit may relate shall be situated, or in all other cases the cause of action shall have arisen, or the defendant at the time when the Suit may be commenced shall reside as a fixed inhabitant within the limits of such local jurisdiction as aforesaid.

IV. And it is hereby enacted, that it shall be competent to the Zillah or City Judge to receive a Summary Appeal from the orders of any Principal Sudder Ameen or Sudder Ameen, rejecting any Original Suit cognizable by him, and that all Rules applicable to summary Appeals from orders dismissing Original Suits on the ground of any default shall be applicable to the Summary Appeals given by this Act.

V. And it is hereby enacted, that in all Suits which in respect to value are cognizable by a Sudder Ameen, the same Stamps shall be sufficient in any other Court as would have been sufficient in the Court of a Sudder Ameen.

T. R. Davidson,
Offy. Secy. to the Govt. of India.

সদর আমীনেরদের বিশেষ কর্ত্তৃত্ব হইবেক তাহা সময়ক্রমে নিরূপণ করেন্। এবং যে ভূমি বা অন্য প্রকার স্থাবর সম্পত্তির বিষয়ে মোকদ্দমা হয় তাহা যদ্যপি ঐ বিশেষ এলাকার মধ্যে থাকে অথবা অন্যান্য গতিকে যদ্যপি নালিশের হেতু সেই এলাকার মধ্যে হইয়া থাকে অথবা মোকদ্দমা আরম্ভ হওনের সময়ে সেই এলাকার মধ্যে যদি আসামী বাস করে তবে ঐ প্রত্যেক প্রধান সদর আমীন এবং সদর আমীন এই আইনের ১ ধারার নির্দ্দিষ্ট সকল প্রকার মোকদ্দমা শুনিতে ও বিচার করিতে পারেন্ ইতি।

৪ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে প্রধান সদর আমীন কি সদর আমীন প্রথমত উপস্থিতহওয়া যে মোকদ্দমার বিচার করিতে পারেন্ তাহা যদি অগ্রাহ্য করেন্ তবে তাঁহার অগ্রাহ্য করণের হুকুমের উপর জিলা কি শহরের জজ সাহেব এক সরাসরী আপীল লইতে পারেন্ এবং কোন প্রকার ত্রুটিপ্রযুক্ত প্রথমত উপস্থিতহওয়া মোকদ্দমা ডিসমিস করণের হুকুমের উপর সরাসরী আপীল হইলে যে সকল বিধান খাটে সেই সকল বিধান এই আইনক্রমে নিরূপিত সরাসরী আপীলের বিষয়েও খাটিবেক ইতি।

৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে সদর আমীন যে মূল্যের মোকদ্দমার বিচার করিতে পারেন্ সেই সকল মোকদ্দমাতে যে মূল্যের ইষ্টাম্প কাগজের ব্যবহার সদর আমীনের আদালতে হইত সেই মূল্যের ইষ্টাম্প অন্য আদালতেও ব্যবহার হইবেক ইতি।

টি আর ডেবিডসন।
ভারতবর্ষের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।
John C. Marshman, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 7.

To the Civil Judges in the Lower Provinces.

The Court are pleased to direct that the copies of Bewustehs delivered by the Pundits, be forwarded to this office through the Judge of the district in which the Division or Zillah Pundit resides, and not separately through the Judges of the districts from which requisitions for opinions were made.

W. Kirkpatrick, *Deputy Register.*

Fort William, 15th March, 1844.

No. 8.

To the Civil Judges in the Lower Provinces.

The Sudder Dewanny Adawlut notify, for general information, that their Court will be closed on the dates indicated in the annexed Memorandum, being the days on which Hindoo and Mahomedan holidays will take place in the year 1251, Bengalee Style, and they hereby authorize the closing of the Civil Courts in the several Districts under their control for the same periods.

W. Kirkpatrick, *Deputy Register.*

Fort William, 22d March, 1844.

[*Government Gazette, 23d April,* 1844.]

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

৭ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরা হুকুম করিতেছেন যে পণ্ডিতেরা যে ব্যবস্থা দেন্ সেই ব্যবস্থার নকল যে জিলার মধ্যে চক্রের কি জিলার পণ্ডিত অবস্থিতি করেন্ সেই জিলার জজ সাহেবের দ্বারা এই আদালতে পাঠাইতে হইবেক এবং যে জিলাহইতে পণ্ডিতের নিকটে ব্যবস্থা চাওয়া যায় সেই জিলার জজ সাহেবের দ্বারা স্বতন্ত্র করিয়া পাঠান যাইবেক না।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৪৪। ১৫ মার্চ।

৮ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

সদর দেওয়ানী আদালত সকল লোকদিগকে জানাইতেছেন যে বাঙ্গলা ১২৫১ সালে হিন্দু ও মুসলমানের পরবের নিমিত্ত সদর আদালত পশ্চাৎ লিখিত তালিকার নির্দ্দিষ্ট দিবসে বন্দ হইবেক এবং তাঁহারদের অধীন নানা জিলার দেওয়ানী আদালত সেই২ দিবসে বন্দ করিতে হুকুম দিতেছেন।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৪। ২২ মার্চ।

Statement of Hindoo and Mahomedan Holidays in the Year 1251, B. S. corresponding with 1844-45.

Names of Holidays.	English month.	Bengalee month.	Days of the Week.
	1844.		
Dussera (Gungapuja,)	May 27th	Jyestee 15th	Monday.
Usnan Jattrah, ...	May 31st	Jyestee 19th	Friday.
Eclipse of the Moon, ...	June 1st	Jyestee 20th	Saturday.
Ruth Jattrah, ...	June 18th	Assaur 6th	Tuesday.
Raksha Bundun, ...	August 27th	Bhadoon 13th	Tuesday.
Shubarat, ...	August 29th	Bhadoon 15th	Thursday.
Junum Ushtomee, ...	September 5th and 6th	Bhadoon 22d and 23d	Thursday and Friday.
Dusserah Vacation, including Mohaloya, Eed-ul-Fitr, Dewalie and Bhydooj, ...	October 8th to November 12th ...	Assin 24th to Kartick 28th	Tuesday to Tuesday.
Kartick Pooja, ...	November 14th and 15th	Kartick 30th and Ughun 1st	Thursday and Friday.
Juggutdhatri Pooja, ...	November 18th and 19th	Ughun 4th and 5th ...	Monday and Tuesday.
Eclipse of the Moon, ...	November 25th ...	Ughun 11th	Monday.
Eed-ooz-Zohah, ...	December 21st and 22d	Poos 8th and 9th ...	Saturday and Sunday.
	1845.		
Mohurrum Vacation, ...	January 10th to 24th	Poos 28th to Maugh 12th	Friday to Friday.
Bussunt Punchumi, ...	February 11th	Falgoon 1st	Tuesday.
Akheri Chahar Shumba, ...	March 5th	Falgoon 23d	Wednesday.
Shoorattri, ...	March 6th and 7th ...	Falgoon 24th and 25th	Thursday and Friday.
Futteh Dwazduhun, ...	March 21st	Chyte 9th	Friday.
Dole Juttra, ...	March 23d to 25th ...	Chyte 11th to 13th ...	Sunday to Tuesday.
Baruni Asnan, ...	April 4th	Chyte 23d	Friday.
Charuck Pooja, ...	April 11th	Chyte 30th	Friday.

N. B. The Native holidays which fall on a Sunday are not specified.

W. Kirkpatrick, *Deputy Registrar.*

বাঙ্গলা ১২৫১ সালের এতাবতা ইঙ্গরেজী ১৮৪৪ । ৪৫ সালের হিন্দু ও মুসলমানেরদের পরবের তালিকা ।

পরবের নাম	ইঙ্গরেজী মাস	বাঙ্গলা মাস	সপ্তাহের দিন
	১৮৪৪		
দশহরা গঙ্গাপূজা	২৭ মে	১৫ জ্যৈষ্ঠ	সোমবার
স্নানযাত্রা	৩১ মে	১৯ জ্যৈষ্ঠ	শুক্রবার
চন্দ্রগ্রহণ	১ জুন	২০ জ্যৈষ্ঠ	শনিবার
রথযাত্রা	১৮ জুন	৬ আষাঢ়	মঙ্গলবার
রক্ষাবন্ধন	২৭ আগষ্ট	১৩ ভাদ্র	মঙ্গলবার
সুবেরাত	২৯ আগষ্ট	১৫ ভাদ্র	বৃহস্পতিবার
জন্মাষ্টমী	৫ । ৬ সেপ্টেম্বর	২২ । ২৩ ভাদ্র	বৃহস্পতিবার ও শুক্রবার
দশহরার বন্দ অর্থাৎ মহালয়া ইদুলফেতর দেওয়ালী ও ভ্রাতৃদ্বিতীয়া	৮ অক্টোবর অবধি ১২ নবেম্বরপর্য্যন্ত	২৪ আশ্বিনঅবধি ১৮ কার্ত্তিকপর্য্যন্ত	মঙ্গলবারঅবধি মঙ্গলবার পর্য্যন্ত
কার্ত্তিকপূজা	১৪ । ১৫ নবেম্বর	৩০ কার্ত্তিক ১ অগ্রহায়ণ ...	বৃহস্পতিবার ও শুক্রবার
জগদ্ধাত্রীপূজা	১৮ । ১৯ নবেম্বর	৪ । ৫ অগ্রহায়ণ	সোমবার ও মঙ্গলবার
চন্দ্রগ্রহণ	২৫ নবেম্বর	১১ অগ্রহায়ণ	সোমবার
ইদুজ্জহা	২১ । ২২ ডিসেম্বর ...	৮ । ৯ পৌষ	শনিবার ও রবিবার
	১৮৪৫ সাল		
মহরমের বন্দ	১০ জানুআরিঅবধি ২৪ জানুআরিপর্য্যন্ত	২৮ পৌষঅবধি ১২ মাঘ পর্য্যন্ত	শুক্রবারঅবধি শুক্রবার পর্য্যন্ত
বসন্তপঞ্চমী	১১ ফেব্রুআরি	১ ফাল্গুণ	মঙ্গলবার
আখেরী চহার শোম্বা	৫ মার্চ	২৩ ফাল্গুণ	বুধবার
শিবরাত্রি	৬ । ৭ মার্চ	২৪ । ২৫ ফাল্গুণ	বৃহস্পতিবার ও শুক্রবার
ফতে দোআজদহুম	২১ মার্চ	৯ চৈত্র	শুক্রবার ...
দোলযাত্রা	২৩ মার্চঅবধি ২৫ মার্চ পর্য্যন্ত	১১ চৈত্রঅবধি ১৩ চৈত্র পর্য্যন্ত	রবিবারঅবধি মঙ্গলবার পর্য্যন্ত
বারুণীস্নান	৪ আপ্রিল	২৩ চৈত্র	শুক্রবার
চড়কপূজা	১১ আপ্রিল	৩০ চৈত্র	শুক্রবার

মন্তব্য কথা । যে বন্দ রবিবারে পড়ে তাহা এই তালিকায় লেখা যায় নাহি ।

ডবলিউ কর্কপাত্রিক । ডেপুটী রেজিষ্টর ।

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪৪ । ২৩ আপ্রিল ।]

NOTIFICATION.

An Examination will be held on the 1st day of July next in the College of Fort William for the purpose of filling up existing vacancies in the Secondary or Military Class of the Medical College. All candidates will be expected to possess an adequate knowledge of the Hindoostance Language, to enable them to read and write from dictation, or from a printed work in the Persian or Devanagri Characters.

All Interpreters of Regiments and Battalions are requested not to grant certificates of qualification to any candidates under the age of 15 and above that of 20 years, and likewise to reject all who may not pass the prescribed ordeal with a sufficient degree of fluency and facility. Much disappointment, expense and inconvenience, have already been experienced by lads from distant stations being furnished with certificates who were found on examination quite unqualified for admission, and it is with a view to prevent the recurrence of this, that the above measure has been suggested.

Candidates for admission will be required to present themselves before the Secretary to the Medical College at least three days prior to the day of examination, in order that a proper descriptive Roll may be prepared for transmission to the examiners of the College of Fort William.

By order of the Honourable the President and Council of Education,

F. J. Mouat, M. D.
Secretary.

Medical College, April 6th, 1844.

বিজ্ঞাপন।

মেডিকেল কালেজের অন্তঃপাতি দ্বিতীয় অর্থাৎ মিলেটারীসম্পর্কীয় সম্প্রদায়ের কএক পদ শূন্য হইয়াছে অতএব তাহাতে ছাত্র নিযুক্ত করিবার নিমিত্তে আগামি জুলাই মাসের ১ তারিখে ফোর্ট উলিয়ম কালেজে ইমতিহান হইবেক। যে২ পদাকাঙ্ক্ষির হিন্দুস্থানী ভাষায় এমত উপযুক্ত জ্ঞান না থাকে যে তাহারা ঐ ভাষা পাঠ করিতে পারে এবং কেহ আওড়াইলে তাহা লিখিতে পারে অথবা পারসী কিম্বা দেবনাগর অক্ষরে ছাপাহওয়া কেতাব দেখিয়া লিখিতে পারে তাহারা গ্রাহ্য হইবেক না।

রেজিমেণ্ট এবং বাটালিয়নের সকল দোভাষি সাহেবের প্রতি হুকুম হইল যে তাঁহারা পনের বৎসরের ন্যূন কি বিশ বৎসরের অধিকবয়স্ক কোন পদাকাঙ্ক্ষিকে যোগ্যতার সর্টিফিকট না দেন্ এবং যাহারা নিরূপিত পরীক্ষায় উচিতমত এবং অনায়াসে উত্তীর্ণ না হইতে পারে তাহারদিগকে অগ্রাহ্য করেন্। ইহার পূর্ব্বে দূর স্থানের যে বালকেরদিগকে সর্টিফিকট দেওয়া গিয়াছিল তাহারা ইমতিহানের সময়ে কালেজে ভর্ত্তি হওনের অযোগ্য বোধ হওয়াতে তাহারদিগের আশাভঙ্গ ও খরচ ও ক্লেশ হইয়াছে এবং এইরূপ বিঘ্ন উত্তর কালে না হয় এই নিমিত্ত উপরের উক্ত হুকুম দেওয়া গেল।

কালেজে ভর্ত্তিহওনের আকাঙ্ক্ষি ব্যক্তিরদের আবশ্যক যে ফোর্ট উলিয়ম কালেজের পরীক্ষক সাহেবেরদের নিকটে পাঠাইবার নিমিত্ত তাহারদের এক উপযুক্ত চেহারা প্রস্তুত হয় এজন্যে ইমতিহানের দিনের অন্যূন তিন দিন পূর্ব্বে মেডিকেল কালেজের সেক্রেটারী সাহেবের সম্মুখে তাহারা উপস্থিত হয়।

বিদ্যাধ্যাপনের কমিটির শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেবের এবং কৌন্সেলের হুকুমক্রমে প্রকাশিত।

এফ জে মৌআট।
মেডিকেল কালেজের সেক্রেটারী।

মেডিকেল কালেজ। ১৮৪৪। ৬ আপ্রিল।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 6th April, 1844.

Baboo Lukheenarain Mitter, Moonsiff of Chowgong, Zillah Rajeshahye, for one month.

Baboo Govindchunder Biddarutun, Moonsiff of Cowcolly, Zillah Backergunge, from the 6th February last to the 16th ultimo.

The 12th April, 1844.

Syed Mahommeddee, Moonsiff of Tannore, Zillah Rajshahye, for two weeks from the 3d instant, in extension of that granted on the 6th idem.

J. Hawkins, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের নিয়োগ।

ছুটী।

১৮৪৪ সাল ৬ আপ্রিল।

জিলা রাজশাহীর চৌগাঁর মুনসেফ শ্রীযুত বাবু লক্ষ্মীনারায়ণ মিত্র এক মাসের ছুটী পাইয়াছেন।

জিলা বাকরগঞ্জের কৌখালির মুনসেফ শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র বিদ্যারত্ন গত ৬ ফেব্রুআরি তারিখঅবধি গত মাসের ১৬ তারিখপর্য্যন্ত ছুটী পান্।

১৮৪৪ সাল ১২ আপ্রিল।

জিলা রাজশাহীর তানোরের মুনসেফ শ্রীযুত সায়দ মহম্মদী বর্ত্তমান মাসের ৬ তারিখে যে ছুটী পান্ তাহার অতিরিক্ত বর্ত্তমান মাসের ৩ তারিখঅবধি দুই সপ্তাহের ছুটী পান্।

জে হকিন্স। রেজিষ্টর।

CIVIL APPOINTMENTS.

No. 555.

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 9th April, 1844.

Mr. H. Doveton, Deputy Collector under Regulation IX. of 1833, in Burdwan, is promoted to the 2d grade, from the 1st instant.

[*Government Gazette, 23d April*, 1844.]

রাজকর্ম্মে নিয়োগ।

৫৫৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৪ সাল ৯ আপ্রিল।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে বর্দ্ধমানের ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ ডবটন সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন।

Syed Azeemudeen Hossein, ditto ditto in Behar, is promoted to the 2d grade, from the 1st instant.

The 15th April, 1844.

Mr. W. Grey to be an Assistant to the Magistrate and to the Collector of Moorshedabad, with the powers of a Joint Magistrate and Deputy Collector in that District.

LEAVES OF ABSENCE.

The 9th April, 1844.

Mr. W. B. Buckle, Assistant to the Magistrate and to the Collector of Midnapore, for ten days, on private affairs, commencing from the date on which Mr. Buckle may avail himself of the leave.

Mr. C. P. White, Deputy Collector under Regulation IX. of 1833, in Midnapore, for two days, in extension of the leave granted to him by the Commissioner of the 19th or Cuttack Division.

Baboo Prawnkissen Roy, Deputy Collector under Regulation IX. of 1833, in Chittagong, for twenty days, under Medical Certificate, in extension of the leave granted to him on the 27th November last.

Baboo Ragobanund Doss Deputy Collector under Regulation IX. of 1833, in Cuttack, for one week, on private affairs, commencing from the 11th instant.

Baboo Lokenath Bose, Sudder Ameen of the 24-Pergunnahs, for ten days, in further extension of the leave granted to him on the 18th ultimo.

NOTIFICATIONS.

The 9th April, 1844.

Mr. W. P. Goad, Collector of Monghyr, assumed charge of his office from Mr. A. A. Swinton on the 8th instant.

Mr. James Grant, Civil and Sessions Judge of Dinagepore, resumed charge of his office from the Principal Sudder Ameen of that District on the 5th instant.

Mr. J. G. Campbell, Officiating Collector of Dacca, resumed charge of his office from Baboo Hurrischunder Bose, Uncovenanted Deputy Collector of that District, on the 4th instant.

Baboo Russomoy Dutt, Commissioner of the Court of Requests, resumed charge of his office on the 9th instant.

Moulavie Ausaff Allee, Sudder Ameen of Mymensing, resumed charge of his office on the 1st instant. This cancels the appointment under Orders of 25th ultimo of Moulavie Ameer Ooddeen, Moonsiff, to officiate in his room.

The 15th April, 1844.

Mr Charles Francis Montresor, of the Bengal Civil Establishment, is reported qualified for the Public Service.

By order of the Honourable the Deputy Governor of Bengal.

F. J. HALLIDAY,

Secy. to the Govt. of Bengal.

বেহারের ডেপুটী কালেক্টর শ্রীযুত সায়েদ আজীমুদ্দীন হুসেন বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি ঐ পদের দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন।

১৮৪৪ সাল ১৫ আপ্রিল।

শ্রীযুত ডবলিউ গ্রে সাহেব মুরশিদাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন এবং ঐ জিলাতে জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর সাহেবের ক্ষমতাপ্রাপ্ত হইবেন।

ছুটী।

১৮৪৪ সাল ৯ আপ্রিল।

মেদিনীপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত ডবলিউ বি বকল সাহেব যে তারিখে আপনার ছুটী গ্রহণ করেন্ সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে দশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে মেদিনীপুরের ডেপুটী কালেক্টর শ্রীযুত সি পি ওয়াইট সাহেব ১৯ সংখ্যক অর্থাৎ কটকের এলাকার কমিস্যনর সাহেবের স্থানে যে ছুটী পান্ তদতিরিক্ত দুই দিনের ছুটী পাইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে চাটিগাঁর ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু প্রাণকৃষ্ণ রায় গত নবেম্বর মাসের ২৭ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে বিশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে কটকের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাঘবানন্দ দাস বর্ত্তমান মাসের ১১ তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

চব্বিশপরগনার সদর আমীন শ্রীযুত বাবু লোকনাথ বসু গত মাসের ১৮ তারিখে যে ছুটী পান্ তাহার অতিরিক্ত দশ দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৪ সাল ৯ আপ্রিল।

মুঙ্গেরের কালেক্টর শ্রীযুত ডবলিউ পি গোড সাহেব বর্ত্তমান মাসের ৮ তারিখে শ্রীযুত এ এ সুইন্টন সাহেবের স্থানে আপন কাছারীর কর্ম্মের ভার গ্রহণ করেন।

দিনাজপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত জেমস গ্রান্ট সাহেব বর্ত্তমান মাসের ৫ তারিখে আপন সিরিশতার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের স্থানে পুনর্গ্রহণ করেন্।

ঢাকার একটিং কালেক্টর শ্রীযুত জে জি কাম্বেল সাহেব বর্ত্তমান মাসের ৪ তারিখে আপন কাছারীর কর্ম্মের ভার ঐ জিলার অচিহ্নিত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু হরিশ্চন্দ্র বসুর স্থানে গ্রহণ করেন্।

ছোট আদালতের কমিস্যনর শ্রীযুত বাবু রসময় দত্ত বর্ত্তমান মাসের ৯ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

ময়মুনসিংহের সদর আমীন শ্রীযুত মৌলবী য়ুসফ আলী বর্ত্তমান মাসের ১ তারিখে আপনার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্। ইহাতে তাঁহার কার্য্যনির্ব্বাহ করণার্থ মুনসেফ শ্রীযুত মৌলবী আমীরুদ্দীনের যে নিয়োগ গত মাসের ২৫ তারিখের হুকুমানুসারে হইয়াছিল তাহা রহিত হইল।

১৮৪৪ সাল ১৫ আপ্রিল।

বাঙ্গলা কোম্পানির সিবিলসম্পর্কীয় সিরিশতার শ্রীযুত চার্লস ফ্রান্সিস মন্টেসর সাহেব সরকারী কর্ম্মের উপযুক্ত এমত রিপোর্ট হইয়াছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

No. 569.

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 15th April, 1844.

Mr. W. A. Green, Civil Assistant Surgeon of Midnapore, to be a Member of the Municipal Committee of that District, vice Dr. Pagan deceased.

Dr. J. Corbet and Mr. E. DaCosta to be Members of the Ferry Fund Committee in Patna, vice Rajah Bhoop Sing and Moulvie Abdool Wahid.

Mr. R. B. Kinsey, Civil Assistant Surgeon of Purneah, to be Post Master at that Station.

Mahomed Fazil to be a Local Agent at Cuttack, vice Moulvie Golam Russool resigned.

LEAVE OF ABSENCE.

The 15th April, 1844.

Baboo Gooroopersaud Bose, Deputy Collector under Regulation IX. of 1833, in Cuttack, for eight days, on private affairs, commencing from the 22d instant.

The unexpired portion of the leave of absence for two years, granted on the 1st June 1842, to Mr. F. W. Russell, Civil and Sessions Judge of Hooghly, is cancelled from the 8th instant, the date on which he resumed charge of his Office.

NOTIFICATIONS.

The 15th April, 1844.

Mr. R. J. Loughnan, Civil and Sessions Judge of Backergunge, made over charge of the current duties of his Office to the Principal Sudder Ameen of that District on the 6th instant.

Mr. G. U. Yule, Officiating Magistrate of Dinagepore, resumed charge of his Office from Mr. C. Steer on the 10th instant.

Major J. Mathie, Deputy Commissioner of Assam, reported his return to Gowhatty from Cooch Behar, on the 29th ultimo.

The 19th April, 1844.

The eminent attainments of Mr. R. N. Cust, in the Persian language, having been brought by the Examiners of the College of Fort William to the notice of Government, the Deputy Governor has been pleased to confer on him a Degree of Honor, and award to him the donation of Rs. 1,600, prescribed by Section XV. of the Rules of the College.

By order of the Honourable the Deputy Governor of Bengal.

F. I. HALLIDAY,

Secy. to the Govt. of Bengal.

৫৬৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৪ সাল ১৫ আপ্রিল।

ডাক্তর পেগন সাহেবের মৃত্যু হওয়াতে মেদিনীপুরের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত ডবলিউ এ গ্রিন সাহেব ঐ জিলাতে জিলা পরিষ্কার রাখণার্থ কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত রাজা ভূপ সিংহ এবং শ্রীযুত মৌলবী আবদুল ওয়াহিদের পরিবর্ত্তে শ্রীযুত ডাক্তর জে করবেট সাহেব ও শ্রীযুত ই ডাকটা সাহেব পাটনাতে খেদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

পূরণিয়ার সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত আর বি কিন্সি সাহেব ঐ স্থানের ডাকের অধ্যক্ষ হইবেন।

শ্রীযুত মৌলবী গোলাম রসুল কটকের লোকেল এজেন্টী কর্ম্মে ইস্তাফা দেওয়াতে শ্রীযুত মহম্মদ ফাজিল ঐ স্থানের লোকেল এজেন্ট হইবেন।

ছুটী।

১৮৪৪ সাল ১৫ আপ্রিল।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে কটকের ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু গুরুপ্রসাদ বসু খীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ২২ তারিখ অবধি আট দিনের ছুটী পাইয়াছেন।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ১৮৪৪ সালের ১ আগষ্ট তারিখপর্য্যন্ত ত্রিশূলী পয়সা [illegible] জন্য সুবে বারাণসের মধ্যে যে২ খাজানাখানা অথবা অন্য স্থান উত্তরপশ্চিম দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের ইশ্তিহারের দ্বারা নির্দ্দিষ্ট হইবে সেই২ স্থানে ঐ ত্রিশূলী পয়সা সরকারের তরফে [illegible] হইবেক এবং গণতির দ্বারা বদল হইবেক অর্থাৎ [illegible] ত্রিশূলী পয়সা দাখিল হয় তাহা কোম্পানির [illegible] পয়সার

the Province of Benares, as shall be pointed out for that purpose, in any Proclamation of the Lieutenant-Governor of the North Western Provinces.

III. And it is hereby enacted, that immediately after the passing of this Act, the said Lieutenant-Governor shall issue a Proclamation pointing out the Treasuries or other places within the Province of Benares at which such Trisoolee Pyce shall be so received and exchanged as aforesaid, and notifying any Regulations respecting such receipt or exchange as the said Lieutenant-Governor may deem it expedient to establish for the carrying into effect of the same, for the prevention of fraud therein, and especially for the rejection of such Trisoolee Pyce as may appear to the Officer appointed to receive or exchange the same under this Act to be undoubtedly spurious.

IV. And it is hereby enacted, that it shall be lawful for the said Lieutenant-Governor, if he shall see fit, to order that in any case one Company's Rupee shall be given for every 64 Trisoolee Pyce so presented for exchange, and that in every such case one Company's Rupee shall be given for every 64 Trisoolee Pyce accordingly.

T. R. Davidson,
Offg. Secy. to the Govt. of India.

হিসাবে লওয়া যাইবেক এবং যে প্রত্যেক ত্রিশূলী পয়সা বদলের নিমিত্ত দাখিল হয় তাহার এওজে কোম্পানির এক২ পয়সা দেওয়া যাইবেক ইতি।

৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইন জারী হওনের পরেই উক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব একটা ইশ্তিহার প্রকাশ করিবেন এবং সুবে বারাণসেতে যে২ খাজানাখানা অথবা অন্য স্থানে ঐ ত্রিশূলী পয়সা পূর্ব্বোক্তমতে লওয়া যাইবেক এবং তাহার বদলে কোম্পানির পয়সা দেওয়া যাইবেক তাহা ঐ ইশ্তিহারনামার মধ্যে নির্দ্দিষ্ট থাকিবেক এবং ঐ বদলের কর্ম্ম নির্ব্বাহ করিবার নিমিত্ত এবং তাহাতে কোন চাতুরী নিবারণের নিমিত্ত এবং বিশেষতঃ এই আইনক্রমে পয়সা লইতে ও বদল করিতে যে কর্ম্মকারক নিযুক্ত হন্ তাঁহার বোধে যে ত্রিশূলী পয়সা নিতান্ত কৃত্রিম তাহা অগ্রাহ্য করিবার নিমিত্ত উক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ঐরূপ পয়সা লওন ও বদল দেওনের বিষয়ে যে২ নিয়ম আবশ্যক বোধ করেন্ তাহা ঐ ইশ্তিহারনামার মধ্যে থাকিবেক ইতি।

৪ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে উক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব উচিত বোধ করিলে ৬৪ ত্রিশূলী পয়সা বদল হইবার নিমিত্ত দাখিল হইলে তাহার বদলে কোম্পানির এক টাকা দিতে হুকুম করিতে পারেন্ এবং ঐরূপ প্রত্যেক গতিকে ৬৪ ত্রিশূলী পয়সার বদলে কোম্পানির এক২ টাকা দেওয়া যাইবেক ইতি।

টি আর ডেবিডসন।
ভারতবর্ষের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।
John C. Marshman, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 12.

To the Civil Judges in the Lower Provinces, the Governor-General's Agent in Hazareebaugh, and the Commissioner of Assam.

The Court request that, before submitting applications for the appointment of Town and Pergunnah Cazees, you will carefully compare the designation of the jurisdiction in which the Vacancy has occurred, and the name of the nominee, as entered in the Vernacular papers, with those inserted in the English Statements.

W. Kirkpatrick, *Deputy Register.*
Fort William, 24th May, 1844.

No. 13.

To the Civil Judges in the Lower Provinces.

1. The following error detected in the Persian translation of Section 73, Regulation XXIII. of 1814, is notified by order of the Sudder Dewanny Adawlut, for the information of the judicial authorities in the Lower Provinces.

2. By the Section above cited, certain provisions of the same Regulation are "declared to be equally applicable to original suits referred to Sudder Ameens, as to those tried by Moonsiffs"; among these, Section 45, though not included in the English enumeration, has been erroneously entered in the Persian Translation of the 73d Section.

3. [illegible]se 5, Section 15, Regulation XXVI. of [illegible]ch prescribes specific rules for the exe-

[illegible] গেজেট ১৮৪৪। ২৫ জুন।]

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

১২ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব ও হাজারীবাগের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এজেন্ট সাহেব এবং আসামদেশের শ্রীযুত কমিস্যনর সাহেব বরাবরেষু।

সদর আদালত হুকুম করিতেছেন যে শহর ও পরগনার কাজী নিযুক্ত হওনের দরখাস্ত সদর আদালতে পাঠাইবার পূর্ব্বে তুমি মনোযোগ করিয়া যে এলাকার মধ্যে পদ শূন্য হইয়াছে তাহার যে নাম এবং নামাঙ্কিত হওয়া ব্যক্তির যে নাম দেশীয় ভাষার লিখিত কাগজে দেওয়া গিয়াছে তাহা ইঙ্গরেজী কৈফিয়তের লিখিত নামের সঙ্গে মোকাবিলা কর।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম। ১৮৪৪। ২৪ মে।

১৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

১। ১৮১৪ সালের ২৩ আইনের ৭৩ ধারার ফারসী তরজমাতে নীচের লিখিত ভুল দৃষ্ট হইয়াছে এবং তাহা বাঙ্গলাপ্রভৃতি দেশের সকল দেওয়ানী কার্য্যকারকের বিজ্ঞাপনের নিমিত্ত প্রকাশ করা যাইতেছে।

২। উক্ত ধারায় লেখা আছে যে ঐ আইনের কোন২ বিধান যেমন মুনসেফের বিচারিত মোকদ্দমার বিষয়ে খাটে তেমনি সদর আমীনের নিকটে প্রথমত উপস্থিতহওয়া মোকদ্দমার বিষয়ে তুল্যরূপে খাটিবেক। ঐ বিধানের মধ্যে ৪৫ ধারা যদ্যপি আসল ইঙ্গরেজী আইনের মধ্যে লেখা নাই কিন্তু ঐ ৭৩ ধারার ফারসী তরজমাতে ভ্রমপ্রযুক্ত লেখা গিয়াছে।

৩। ১৮১৪ সালের ২৬ আইনের ১৫ ধারার ৫ প্রকরণেতে সদর আমীনের করা ডিক্রী জারীর বিষয়ে

cution of decrees passed by Sudder Ameens attests the correctness of the English version, with which the Persian Edition should be made to correspond, by the erasure of the erroneous entry in the copies furnished for the use of the Zillah and City Courts in the Lower Provinces.

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, 29th April, 1844.

বিশেষ বিধান আছে তাহা দেখিয়া স্পষ্ট বোধ হয় যে ইঙ্গরেজী আইন যথার্থ অতএব বাঙ্গলাপ্রভৃতি দেশের জিলা ও শহরের আদালতের নিমিত্ত যে সকল ফারসী তরজমাকরা আইন পাঠান গিয়াছে তাহাতে ঐ অশুদ্ধ ভাগ উঠাইয়া ফারসীর তরজমা আসল ইঙ্গরেজীর সঙ্গে সমান করিতে হইবেক।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৪। ২৯ আপ্রিল।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

CIVIL APPOINTMENTS.

No. 966.

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 6th June, 1844.

Moulavie Ashruff Alli to be 3d Principal Sudder Ameen of Chittagong.

Moulavie Kumber Alli Khan to be Principal Sudder Ameen of West Burdwan.

The 10th June, 1844.

Mr. C. B. Quintin to be Superintendent of Surveys in Zillahs Behar and Shahabad; and to be vested under Sec. III. Regulation IX. 1825, with the powers specified in Sec. XX. Regulation VII. of 1822, in those Districts.

Mr. H. R. Alexander to be Joint Magistrate and Deputy Collector of Chumparun, vice Mr. C. B. Quintin.

Mr. J. E. S. Lillie to be an Assistant with the powers of Joint Magistrate and Deputy Collector at Chumparun.

The 13th June, 1844.

The Reverend H. S. Fisher to be Senior Presidency Chaplain, and Chaplain of the Jail.

The Reverend W. O. Ruspini, the Senior Chaplain of St. James' Church, to officiate as Junior Presidency Chaplain, until further orders.

Mr. T. G. Heathcote to be Civil Assistant-Surgeon at Akyab in Arracan, vice Dr. A. J. Kemp, deceased.

NOTIFICATIONS.

The 6th June, 1844.

The Honourable the Deputy-Governor of Bengal is pleased to declare Chittagong and Prince of Wales' Island to be Registering Ports under Act No. X. of 1841.

The 10th June, 1844.

The Deputy-Governor of Bengal, with the concurrence of the Supreme Government, has been pleased to authorize the Establishment of a Post Office at Howrah, and to appoint the Magistrate of Howrah ex-officio Post Master of that Station.

Captain J. R. Abbott, Senior Assistant Commissioner in Arracan, received charge of the Ramree District on the 1st ultimo.

Captain D. Williams, Senior Assistant Commis-

রাজকর্ম্মে নিয়োগ।

৯৬৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৪ সাল ৬ জুন।

শ্রীযুত মৌলবী আশরফআলী চাটিগাঁর তৃতীয় শ্রেণীর প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত মৌলবী কুম্বরআলী খাঁ পশ্চিম বর্দ্ধমানের প্রধান সদর আমীন হইবেন।

১৮৪৪ সাল ১০ জুন।

শ্রীযুত সি বি কিন্টিন সাহেব বেহার ও শাহাবাদ জিলাতে জরীপের সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন এবং ১৮২৫ সালের ৯ আইনের ৩ ধারানুসারে ঐ২ জিলাতে ১৮২২ সালের ৭ আইনের ২০ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতাপ্রাপ্ত হইবেন।

শ্রীযুত সি বি কিন্টিন সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত এচ আর আলেকজান্দর সাহেব চম্পারণের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত জে ই এস লিলি সাহেব জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়া চম্পারণে আসিষ্টান্ট হইবেন।

১৮৪৪ সাল ১৩ জুন।

শ্রীযুত এচ এস ফিশর সাহেব কলিকাতা রাজধানীর প্রধান ধর্ম্মোপদেশক এবং জেলখানার ধর্ম্মোপদেশক হইবেন।

কলিকাতার নেড়াগির্জার প্রধান ধর্ম্মোপদেশক শ্রীযুত ডবলিউ ও রুস্পিনি সাহেব অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত কলিকাতা রাজধানীর দ্বিতীয় ধর্ম্মোপদেশক হইবেন।

ডাক্তর এ জে কেম্প সাহেবের মৃত্যুহওয়াতে শ্রীযুত টি জি হিথকট সাহেব আরাকাণের আক্যাব স্থানের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক হইবেন।

বিজ্ঞাপন।

১৮৪৪ সাল ৬ জুন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেব ১৮৪১ সালের ১০ আইনানুসারে চাটিগাঁ ও পুলোপিনাঙ্গ উপদ্বীপ রেজিষ্টরী করণার্থ বন্দর করিয়াছেন।

১৮৪৪ সাল ১০ জুন।

সুপ্রিম গবর্ণমেণ্টের সম্মতিতে বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেব হাবড়াতে ডাকঘর স্থাপন করিবার হুকুম দিয়াছেন। এবং হাবড়ার মাজিষ্ট্রেট সাহেব স্বায় পদোপলক্ষে ডাকের অধ্যক্ষ হইবেন।

আরাকাণের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টান্ট শ্রীযুত কাপ্তান জে আর আবট সাহেব গত মাসের ১ তারিখে রামরি জিলার অধ্যক্ষতা কর্ম্ম প্রাপ্ত হইয়াছেন।

আরাকাণের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টান্ট

sioner in Arracan, received charge of the Aeng District on the 2d ultimo.

Captain A. A. Sturt, Senior Assistant Commissioner in Assam at Gowalparah, received charge of that District on the 3d instant.

Mr. R. E. Cunliffe, Magistrate and Collector of Dacca, assumed charge of the Magistracy from Mr B. H. Cooper on the 1st instant.

Mr. F. Skipwith, officiating Judge of Tipperah, made over charge of his Office to the Principal Sudder Ameen of that District on the 3d instant, to proceed on Circuit duty.

Messrs. A. Gillon and John Warrender Dalrymple, of the Civil Service, are reported qualified for the Public Service, by proficiency in two of the Native languages.

F. J. HALLIDAY,

Secy. to the Govt. of Bengal.

No. 972.

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 6th June, 1844.

Mr. J. T. Shave to be a Deputy Collector under Regulation IX. of 1833, in the 24-Pergunnahs.

Baboo Shamchunder Sirkar to be a Deputy Collector under Regulation IX. of 1833, in Pubna.

Baboo Rajnarain Bysack to be a Deputy Collector under Regulation IX. of 1833, in Backergunge.

Baboo Radanath Bose to be a Deputy Collector under Regulation IX. of 1833, in Maldah.

Baboo Madhubanund Bose to be a Deputy Collector under Regulation IX. of 1833, in Moorshedabad.

ORDERS BY THE HONOURABLE THE GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 15th June, 1844.

Mr. J. G. Campbell to officiate as Private Secretary to the Governor of Bengal, until further orders.

Captain J. L. Walker, of the 71st Regiment N. L, to be Aid-de-Camp to the Governor of Bengal.

The 17th June, 1844.

Mr. John Warrender Dalrymple to be an Assistant to the Magistrate and to the Collector of Dacca.

F. J. HALLIDAY,

Secy. to the Govt. of Bengal.

ORDERS BY THE HONORABLE THE GOVERNOR OF BENGAL.

The 22d June, 1844.

ower, of the Civil Service, was re-

শ্রীযুত কাপ্তান ডি উলিয়ম্‌স সাহেব গত মাসের ২ তারিখে আএঙ জিলার অধ্যক্ষতা কর্ম্ম গ্রহণ করিলেন।

আসাম গোয়ালপাড়ার কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান এ এ ষ্টর্ট সাহেব গত মাসের ৩ তারিখে ঐ জিলার অধ্যক্ষতা কর্ম্ম গ্রহণ করিলেন।

ঢাকার মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত আর ই কনলিফ সাহেব গত মাসের ১ তারিখে শ্রীযুত বি এচ কুপর সাহেবের স্থানে মাজিষ্ট্রেটী কর্ম্ম গ্রহণ করেন্।

ত্রিপুরার একটিং জজ শ্রীযুত এফ স্কিপউইথ সাহেব দায়েরসায়েরী কর্ম্মে প্রস্থান করণার্থ বর্ত্তমান মাসের ৩ তারিখে ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি আপন সিরিশ্‌তার কর্ম্মের ভার অর্পণ করেন্।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত এ গিলন সাহেব ও শ্রীযুত জান ওয়ারেণ্ডর ডালরিম্পল সাহেব এদেশীয় দুই ভাষায় সুশিক্ষিত হইয়া সরকারী কর্ম্মের উপযুক্ত এমত রিপোর্ট হইয়াছে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৯৭২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৪ সাল ৬ জুন।

শ্রীযুত জে টি শেব সাহেব জিলা চব্বিশপরগনায় ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত বাবু শ্যামচন্দ্র সরকার জিলা পাবনাতে ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত বাবু রাজনারায়ণ বসাক জিলা বাকরগঞ্জে ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত বাবু রাধানাথ বসু মালদহে ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত বাবু মাধবানন্দ বসু মুরশিদাবাদে ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টর হইবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৪ সাল ১৫ জুন।

শ্রীযুত জে জি কাম্‌বেল সাহেব অন্য হুকুম না হওয়া পর্য্যন্ত বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল গবর্নর্ সাহেবের নিজ সেক্রেটারীর কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

এতদ্দেশীয় সৈন্যের ৭১ পল্টনের কাপ্তান শ্রীযুত জে এল ওয়াকর সাহেব বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল গবর্নর্ সাহেবের মুলাহেব হইবেন।

১৮৪৪ সাল ১৭ জুন।

শ্রীযুত জান ওয়ারেণ্ডর ডালরিম্পল সাহেব ঢাকার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল গবর্নর্ সাহেবের হুকুম।

১৮৪৪ সাল ২২ জুন।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত জান পৌয়র সাহেব গত ৬

ported qualified for the Public Service, on the 6th April last, by proficiency in two of the Native Languages, but was permitted to continue attached to the College of Fort William for a period of three months to prosecute the study of a third language.

F. J. HALLIDAY,

Secy. to the Govt. of Bengal.

আপ্রিল তারিখে এদেশীয় দুই ভাষায় সুশিক্ষিত হওয়াতে সরকারী কর্ম্মের উপযুক্ত এমত রিপোর্ট হইয়াছিল কিন্তু তৃতীয় ভাষা শিখিবার নিমিত্ত আর তিন মাস ফোর্ট উলিয়ম কালেজে থাকিবার অনুমতি হইল।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

ইস্তেহারনামা কাছারি কালেক্‌টরী জেলা বর্দ্ধমান মোকাম বাকুণ্ডা।

সন ১৮৪১ সালের ১২ আইনের মর্ম্মানুসারে নীচের লিখিত মহালাতের বাঙ্গলা সন১২৫১ সালের লাগাদ বৈশাখ মাসের কিস্তির বাকি মালগুজারি টাকা আদায় কারণ প্রবল প্রতাপান্বিত শ্রীযুত সাহেবান সদর বোর্ডের সন ১৮৪১ সালের ৬ অক্‌টোবরের সরক্যুলর চিঠীর আজ্ঞা প্রমাণ সন ১৮৪৪ সালের ২৮ জুন বাঙ্গলা সন ১২৫১ সালের ১৬ আষাঢ় শুক্রবার দিবা দুই প্রহরের পর জেলা বর্দ্ধমান মোকাম বাকুণ্ডার কালেক্‌টরী কাছারিতে প্রকাশ্যরূপে নম্বরওয়ারি শ্রেণীমত নিলামে বিক্রয় হইবেক নিলামের পূর্ব্ব দিবস সূর্য্যঅস্তের পূর্ব্ব সরকারি বাকি দাখিল হইবেক তৎপর নিলামের নিরূপিত দিবসে কোনক্রমে বাকি টাকা দাখিল হইবেক না যে কেহ ইস্তাহারি মহালাত খরিদ করিবার বাসনা রাখহ নির্দ্ধারিত দিবসে জেলা বর্দ্ধমান মোং বাকুণ্ডার কালেক্‌টরী কাছারিতে হাজির হইয়া খরিদ করিবা নিলাম শেষ হইলে পর মূল্যের টাকার চতুর্থাংশ অর্থাৎ সিকি টাকা নগদ কি বাঙ্গালবেঙ্ক নোট অথবা ঐ বেঙ্কের পোষ্টবিল কিম্বা দাঁড়ামত দস্তখৎকরা কোম্পানির প্রোমিষরি নোট বায়নাস্বরূপ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক খরিদারকে নিলামের দিবসাবধি ত্রিংশৎ অর্থাৎ ত্রিশ দিবসের মধ্যে সূর্য্যঅস্তের পূর্ব্বে অবশিষ্ট মূল্যের টাকা দিতে হইবেক। ইতি সন ১৮৪৪ সাল ১ জুন বাং সন ১২৫১ সাল তারিখ ২০ জ্যৈষ্ঠ।

নম্বর লাট	নাম পরগনা ও মহাল	জমীদারের ও মালিকের নাম	জমা কোং সদর	তায়দাদ রকম যাহা বিক্রী হইবেক	বাকী লাং মে সন ১৮৪৪ সাল বাং বৈশাখ ১২৫১
		বাজেয়াপ্তি মহালাৎ যাহা তোজীভুক্ত হইয়াছে।			
৫৫	বারাশত ॥০ মৌজা	৺ জয়গোপাল মিশ্রী ও রামলাল মিশ্রীদিগরের মাতা তারামণি দেব্যা	২৯৮ ।৵৪	॥০ মৌজা হকিয়ত	৩৭ ।৯
৫৬	চাতরা কৃষ্ণনগর	কৈলাসদাস মহান্ত	৯৬৮ ।৮	মুছলম মৌজা	৬০ ॥৩
৬১	জমুনাবাঁদ আগাল	খরিদার গুরুদাস হাজরা	১৬৬৵৭	ইজারা হকিয়ত	৫৲
৬২	খোর্দ্দমাজ্রডিহা	রাজা জয়সিংহ	১,৯৩৫৵৬	ঐ	৩৬২৸৵১০
৬৪	জুনসরা	বাবু বীরসিংহ দেব রশদী	১,৮৫০৵৫	ঐ	৫৮৲
৬৫	বন্দোনহাটী	রাধাকিশোর বসুদিগর নাবালকের মাতা রাধামণি দাস্যা	৬৪৫৵৪	ঐ	১৯৸৵৬
৬৬	রাধারমণপুর	চন্দ্রনারায়ণ চক্রবর্ত্তি রশদী	৩০৮ ॥৵৮	ঐ	৯ ।০
৬৭	খিদিলপুর	কোঙর গোপাল সিংহ ও বলদেব সিংহ	৯১ ।৵২	ঐ	৩০ ।৵২
৬৮	বাঙ্গালি চক	কাজীসাএফ আলী	১২৯৲	মুছলম মৌজা	৪ ॥৵১০
৭০	মড়রা	রমাকান্ত মহাপাত্র ও গদাধর মহাপাত্র	১৬৭৵৪	ঐ	৫৵০
৭৬	রাধাবল্লভপুর	ভবানন্দঠাকুর দীং রশদী	১৬১৸৵৯	ঐ	৫৲১১
৭৮	কুটীপাত্রসাএর	অযোধ্যা. .থ হাজরা ও রামধর্ম্ম হাজরা দীং	৮০৲	ইজারা হকিয়ত	৪৸১০
৮০	আমরাণী	লক্ষ্মীকান্ত গোস্বামী ও গুরুপ্রসাদ গোস্বামী দীং	৫১৮৸/৯	মুছলম মৌজা	১৬৵০
৮১	ফষ্টা	গুরুপ্রসাদ গোস্বামী দীং	৯৪৵৪	ঐ	১১৸/৪
৮২	ঠাকুরপুর	দামোদর পরিহারী দীং	১৫০ ॥০	ঐ	৪ ॥৵৩
৮৩	মাধবপুর	রামকৃষ্ণ গুচকারী দীং	১২৪ ৴২	ঐ	৩৸৵০
৯৩	শ্যামপুর	অদ্বৈতচন্দ্র ঠাকুর রশদী	৫০ ॥৯	ইজারা হকিয়ত	২৫ ।৫
১৭ মহাল					

Bancoorah Depy. Collectorate, 1st June, 1844.

W. H. BRODHURST, *Offg. Depy. Collector.*

Government Gazette, 25th June, 1844.]

ঘোষণাপত্র অর্থাৎ ইস্তাহারনামা কাছারী রেবিনিউর কমিস্যনরি কিং অষ্টাদশ জেলা যশোহর ইত্যাদি হাল মোং আলিপুর।

জেলা চব্বিশপরগনা সংক্রান্ত।

অপ্রকাশ থাকিবেক না যে উক্ত জেলাতে পূর্ব্বকার ইস্তমরারী বন্দোবস্তী অনেক মহাল যে ক্রমিক সরকারের খাসে খরিদ হইয়াছে তন্মধ্যে কতক মহাল অত্র পূর্ব্বে ইজারা বন্দোবস্ত হইয়াছে তদ্ভিন্ন নিম্নের লিখিত মহালাত অদ্যাপি খাস তহসীলে আছে এবং দৃষ্ট হইতেছে বরং নানা প্রকারের কাগজাতের দ্বারা স্পষ্ট প্রকাশ পাইয়াছে যে ঐ জেলার নানা মহালাতের খাস তহশীলদারাণের তঞ্চক ও কুব্যবহারে এবং কালেক্টরীর আমলাগণ তাহাতে পোষকতা ও তদ্বিষয়ে ঐক্যতা ও তঞ্চকতা করাতে তাহার যথার্থ মফঃসলী মালগুজারী ও প্রকৃত প্রজাওয়ারী জমা সরকারের তহবীলে দাখিল ও আদায় হয় না এবং যে সকল মহালে সদর মালগুজারী আদায় হইয়া সরকারী খাস খরিদা জমীদারীর বহু লভ্য আদায় হওয়ার সম্পূর্ণ সম্ভাবনা তাহাতে কেবল ঐ সকল খাস তহশীলদারান এবং কালেক্টরীর আমলাগণের অসদ্ব্যবহার ও তঞ্চক এবং খেয়ানত প্রযুক্ত কোন২ মহালে বার্ষিক সদর জমাও কালেক্টরীর তহবীলে উসুল ও জমা হয় না এবং কোন২ মহালে কুব্যবহারী খাস তহশীলদার অপনার বাঞ্ছা সিদ্ধার্থ হস্তবুদের কাগজও প্রকৃতরূপে প্রস্তুত করে নাই এবং মহালের যথার্থ উৎপন্ন যাহা তাহাও বিশেষরূপে প্রকাশ পাইতেছে না অতএব এ সকল কুব্যবহার ও কুরীতির যে সতত সরকারের রাজস্বের অশুভজনক দৃষ্ট হইতেছে মূলোৎপাটন করার কারণ খাস তহশীলের নিম্নের লিখিত তাবৎ মহালাত সন ১২৫১ সালাবধি বিংশতি বৎসরের মিয়াদে ইজারা দেওয়া সৎপরামর্শ হইয়া সাধারণ লোকের বিশেষতঃ ইজারা প্রার্থিগণের জ্ঞাপনার্থে অত্র ঘোষণাপত্র প্রকাশ করা যাইতেছে যে কেহ ইজারা লওয়ার বাঞ্ছা রাখে তাহার কর্ত্তব্য যে নিম্নের লিখিত বিধান দৃষ্টে স্বেচ্ছাপূর্ব্বক যথা বিহিত আচরণ করিবেক।

প্রথম বিধান এই যে

এই সকল মহালের যে ব্যক্তি ইজারা প্রার্থনা রাখে তাহার উচিত হইবেক যে আপনার প্রার্থনার বিবরণ প্রকাশ করিয়া তাহার সওয়াল উক্ত জেলার কালেক্টর সাহেবের নিকটে কিম্বা অত্র মহকুমায় এক মাসের মধ্যে দাখিল করে এবং করিতে পারিবেক ইতি।

দ্বিতীয় বিধান।

প্রত্যেক মহালের সদর জমার সংখ্যা মহালের নামের পার্শ্বে লিখিত হইল তাহার উপরে সরকারের জমীদারীর লভ্যের তঙ্কাসহিত যে ব্যক্তি যত টাকা বার্ষিক জমায় ইজারা লইতে চাহে তাহা আপনার দরখাস্তে স্পষ্ট করিয়া লিখিবেক।

তৃতীয় বিধান।

নিম্নের লিখিত মহালাতের মধ্যে যে সকল মহালের সংক্রান্ত খালাড়ি জমীন এবং তস্য জমা হাজতে মৌকুফী ছিল ঐ সকল খালাড়ি জমীন দীর্ঘ কাল যাবৎ পোক্তানের কর্ম্মহইতে অবসর হওয়াপ্রযুক্ত প্রায় আবাদ এবং আবাদউপযুক্ত এবং উর্ব্বরা ও সুফলার সম্ভাবিতা হইয়াছে অতএব ঐ প্রকার মহালের খালাড়ী যাবৎ হাজত মৌকুফী জমা সহিত মোট সদর জমা নিম্নে লিখিত হইল মহাল ইজারাহইতে উক্ত মহাল সংক্রান্ত খালাড়ী এবালেশী জমীন সহিত ইজারা হইবেক এবং ইজারাদারকে বিবেচনা ও জ্ঞান করিতে হইবেক যে ঐ মহাল মায় খালাড়ী এবালেশী জমীন ইজারা করিলেক এবং মহালের তাবৎ জমীনের আবাদ পত্তনের তালাফীর পক্ষে চলিত আইনমতে যে ক্ষমতা নিরূপণ আছে এবং হইবেক তাহা ইজারাদারের শিরে থাকিবেক।

চতুর্থ বিধান।

প্রত্যেক মহালে কত টাকা খালাড়ি যাবৎ পূর্ব্বে মৌকুফ ছিল তাহার বিশেষ জানিতে চাহিলে প্রার্থির উচিত হইবেক যে কালেক্টরীর সেরেস্তায় তাহার সংখ্যা জ্ঞাত হয় তাহা জ্ঞাত করাণের কারণ কালেক্টরীতে সাধারণ আজ্ঞা প্রকাশ করা গেল।

পঞ্চম বিধান।

নিম্নের লিখিত যে২ মহালের জরীপজমাবন্দী হইতেছে এবং হইবেক ও যখন যে মহালে সরকারের তরফ জরীপজমাবন্দী হওয়ার হুকুম হয় ইজারাদার তাহার প্রতিবন্ধকতা জন্মাইতে পারিবেক না এবং তাহার প্রতি ইজারাদারের কোন ওজর গ্রাহ্যযোগ্য হইবেক না বরং ইজারাদারকে আবশ্যক হইলে সরকারি কর্ম্মকারকগণের আদেশ মতে প্রজা হাজির এবং তলবি কাগজ দাখিল করণ ইত্যাদি বিষয়ে সাহায্য ও কর্ম্ম নির্ব্বাহ করিতে হইবেক।

ষষ্ঠ বিধান।

যে ব্যক্তি আপনার স্বীকৃত জমার মাতবরীতে যে প্রকারের যত টাকার মালিয়ৎ ও মিলকীয়ৎ জামীনে আবদ্ধ করিবেক তাহার বিস্তারিত বিবরণ আপনার দরখাস্তে লিখিবেক এবং কোন মহাল জামিনীতে আবদ্ধ করার মানস করিলে সেই মহালের নাম ও সদর জমার পরিমাণ ও জামীনদারের স্বত্বের বিবরণ এবং তাহার অবস্থা পরিচয় বিস্তারক্রমে লিখিবেক।

সপ্তম বিধান।

যে ব্যক্তি সকলের উপর অধিক জমা স্বীকার করিবেক এবং তাহার স্বীকৃত জমা সদর জমা এবং সরকারের খরীদা মিলকীয়তের স্বত্বের লভ্যের তুল্য ও সম্ভাবিত হইবেক এবং মাতবর জামান দিবেক এখানকার বিবেচনামতে তাহার সহিত ইজারা বন্দোবস্ত করণ বিষয় বিশিষ্ট প্রতিবন্ধক বিনা উচিতাদেশ প্রকাশ হইবেক।

অষ্টম বিধান।

নিম্নের লিখিত বিবরণ বিশিষ্টে যে মহাল বাটওয়ারার অধীনে আছে তাহা প্রকাশ পাইবেক অতএব ঐ মহালের ইজারাদারকে বাটওয়ারার কার্য্য নির্ব্বাহকরার কারণ আইনমতে যে২ কাগজ তাহার ইজারার সময়ের যাবৎ তলব হইবেক তাহা দাখিল করিবেক।

নবম বিধান।

নিম্নের লিখিত যে২ মহালে কয়েক হিস্যা সরকারের খাসে খরিদ হইয়াছে ঐ সকল হিস্যা এক তাহুদে ইজারা বন্দোবস্ত হইবেক ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪৪। ২৫ জুন।]

মহালাতের তফসীল।

নম্বর	কালেক্টরীর রেজিষ্টরীর নম্বর	মহালের নাম		মোট সদর জমা কোম্পানি	কৈফিয়ৎ যাহা প্রকাশ করা আবশ্যক
নং ১	৬ নম্বর মহাল জের বাট ওয়ারা	পরগনে মাগুরাওগয়রহ ইষ্টেট রায় নগর ওগয়রহ হিস্যা রামকান্ত দত্ত খরিদ সরকার বাহাদুর	।৮৵	২,৩৪৮৵৯	সরকারের খাস খরীদা এই চারি হিস্যা ইজারা বিলি হইবেক এই মহালে খালাড়ি বাবৎ যে জমা মৌকুফ ছিল তাহা সহিত মোট সদর জমা লিখিত হইল।
		হিঃ রাজীবলোচন ন্যায়ভূষণ খরিদ সরকার	৵১৩/৩	১,৪১৪৵৩	
		হিঃ রামচাঁদ রায় খরিদ সরকার	/৮৸৵৬	৭৭১॥৵৫	
		হিঃ রামকুমার রায় ও গৌরমোহন দত্ত খরিদ সরকার	৵৯৸১৮	১,৮৫৯৸৵	
			॥৵১৯৸৵৭	৬,৩৯৩৸৵৫	
		হিঃ তোরাব মিস্ত্রী	/৮৸/৮	৭৬৮।/৫	
		হিঃ নীলকমল বন্দ্যোপাধ্যায়	/১২॥৵১৫	৮৭০।৵৩	
		হিঃ মুনসী মহম্মদ আমীর	৲১১॥৵৪	৩১০।৵	
		হিঃ মহেশচন্দ্র রায়	৲৬৸৵৬	১৮৩॥৵৩	
			১	৮,৫২৬৸৵৪	
নং ২	৩০ নং	কিশমত পং মাগুরা ইষ্টেট চক বনাইবাগ	১	১৪২৸৯	এই মহালে খালাড়ী বাবৎ অতিঅল্প জমা মৌকুফ ছিল।
নং ৩	৪১ নং	পং মুড়াগাছা মৌজে লুদীয়া ওং	১	৭৬৫॥৵৮	খালাড়ী নাই
নং ৪	৪২ নং	পং হাতিয়াঘর বাঁশবাড়িয়া ওং	১	২০১৲২	খালাড়ী ছিল
নং ৫	৪৬ নং	পং ঐ বৃন্দাবনপুর ওং	১	৯০।/৭	খালাড়ী নাই
নং ৬	৫৩ নং মহাল জের বাটওয়ারা	পং মাগুরা কিং রামেশ্বরপুর ওং			
		হিঃ রামকুমার রায় খরিদ সরকার	/০	২১২॥/৯	এই দুই হিস্যা ইজারা দেওয়া যাইবেক এই মহালে খালাড়ী নাই
		হিঃ ঈশ্বরচন্দ্র মতিলাল খরিদ সরকার	৲১৪।৵	১৫২৸২	
			/১৪।৵	৩৬৫।/১১	
		হিঃ শিবচন্দ্র রায়	।/২৸	১,০৯২॥/৯	
		হিঃ কৃষ্ণচন্দ্র সরকার	৵১১।৵৮	৫৪৬।/২	
		হিঃ গুরুদাস ও শ্যামদাস রায়	৵১১।৵৮	৫৪৬।/২	
		হিঃ কালীপদ চক্রবর্ত্তী	৵১৸/০	৬৫৭৲২	
		হিঃ তারকনাথ বন্দ্যোপাধ্যায়	৲৭৸/১৬	৮৩॥১১	
		হিঃ রামধন বন্দ্য	৲১॥/৩	১৬॥৵৪	
		হিঃ উদয়নারায়ণ মণ্ডল	৲৮৸/৫	৯৩৸/১১	
			১	৩,৪০১৸৪	
নং ৭	৬৩ নং মহাল জের বাটওয়ারা	পং মাগুরা ওং কীং বাঁশদ্রোণী ওং			কেবল সরকারের খরিদা হিস্যা ইজারা হইবেক ঐ মহালে খালাড়ী ছিল
		হিঃ দুর্গাপ্রসাদ নাগ খদির সরকার	।১৩।৵৬	৩৬৬২।৵২	
		হিঃ তারিণীশঙ্কর রায়	/১২	১,২৫৪৸৵৬	
		হিঃ রামনারায়ণ রায়	/১২	১,২৫৪৸৵৬	
		হিঃ মথুরমোহন রায়	/১২	১,২৫৪৸৵৬	
		হিঃ রামমোহন রায়	/১২	১,২৫৪৸৵৬	
		হিঃ গোপীনাথ রায়	/১২	১,২৫৪৸৵৬	
		হিঃ দেবনাথ রায়	/১৩।১৭	১,৩০৬৲৭	
		হিঃ বিশ্বনাথ মুখোপাধ্যায়	/১৩।১৭	১,৩০৬৲৬	
			১৲	১২,৫৪৯৲৭	

[*Government Gazette, 25th June*, 1844.]

নম্বর	কালেক্টরীর রে জিষ্টরীর নম্বর	মহালের নাম		মোট সদর জমা কোম্পানির	কৈফিয়ৎ যাহা প্রকাশ করা আবশ্যক
নং ৮	১৫১ নং	পং বরীদহাটী ওং চক হা			
	মহাল জের	টুরিয়া ওং			
	বাটওয়ারা	হিঃ নীলকমল সরকার			
		খরীদ সরকার	৵৬॥=	৭,৯৪০৲১০	এই মহালের মধ্যে সরকারের খরিদা পাঁচ হিস্যার ইজারা হইবেক মুছল্লম মহালে খালাড়ী এবং তৎ বাবৎ জমা মৌকুফ ছিল না।
		হিঃ নিমচাঁদ মণ্ডল			
		খরীদ সরকার	৵৬॥=	৭,৯৪০৲১০	
		হিঃ গুরুপ্রসাদ চৌধুরী			
		খরীদ সরকার	৵১৭॥=	৬,৮৪২॥০	
		হিঃ রাধারমণ মণ্ডল			
		খরীদ সরকার	/১১=	৩,৭১৩৸৩	
		হিঃ যদুনাথ ঘোষ			
		খরীদ সরকার	/১১=	৩,৭১৩৸৩	
			৸১৩।–	৩০,১৫০৵২	
		হিঃ ভগবতী দাসী		৭,৯৪০৲১০	
		হিঃ বিশ্বম্ভর ঘোষ ও যদুনাথ ঘোষ	৵৬॥=	২,০৩৭।৵২	
				৯,৯৭৭॥০	
			১	৪০,১২৭॥৵২	
নং ৯	১৬৫ নং	পরগণে হাতিয়াঘর			
		রাঙ্গারামপুর	১	৫৪০৸৵৮	খালাড়ী নাই
নং১০	২৮৯ নং	পং মেদনমল্ল			
		মৌজে কিশোরপুর ওং	১	১৩৫৵১০	ঐ
নং১১	৩১১ নং	পং মুড়াগাছা			
		একতারা ওং	১	২,৪০৬।৵৫	ঐ
নং১২	৩৩৩ নং	পং মুড়াগাছা ওং			
		রামচন্দ্রপুর ওং	১	৪,২২৯ ৮/৩	ঐ
নং১৩	৩৩৬ নং	পং শাহাপুর			
		বনমালিপুর ওং	১	৯,২৩৯ ৮/৫	খালাড়ী নাই
নং১৪	৩৪০ নং	কীং পং খড় ওং			
		রায়পুর ওং	১	১০,৬৩৩॥২	খালাড়ী ছিল
নং১৫	৩৪২ নং	কীং পং মুড় ওং			
		রায়পুর ওং	১	৭,০৫৫॥৵৫	ঐ
নং১৬	৩৬০ নং	পংহাতিয়াঘর			
	ঐ	রঘুদেবনগর ওং			
		হিঃ কৈলাসদেব রায়	/৪/১৭		এই মহালের হাজত খারিজ ২ মৌজা ভিন্ন সরকারের খাস খরিদা তিন হিস্যা খালাড়ী এবালেশী তাবৎ ভূমি সহিত। ইজারা দেওয়া যাইবেক।
		খরীদ সরকার		৯৭৯॥৵১১	
		কালেক্টরীর আমলাগণ প্রাণকৃষ্ণ দত্তের নামে খারিজের এজহার করে তরফ তেগাছা হাজত খারিজ ২ মৌজা।		২২৯।/৪	
				৭৫০।৵৭	
		হিঃ হরমোহন রায়	/১১।		সন ১২০২ সালের তাহুদ মিলানি কাগজ প্রমাণ প্রত্যেক হিস্যার সদর জমা লেখা গেল।
		খরীদ সরকার		১,৬০৯॥৵৯	
		হিঃ কাশীনাথ বন্দ্যোপাধ্যায়	।৯॥		
		খরীদ সরকার		৪,৬৭৫৸৵৮	
		খালাড়ী জমীনের বাবৎ মালগুজারী		২৪,১৫৪৸১০	
		হিঃ রামকানাই দত্ত	।/৭৸/১১	৫,৯২২।৩	
		হিঃ আনন্দময় বিশ্বাস	৲৩৸৭	১৯৪৵২	
		হিঃ হৎসেশ্বরী সেবাইৎ দখীলকার শঙ্করী দাসী	৵৩॥	৩,৩৯৬৸৵৯	
			১	মোট মিজান ৪০,৯৩৩॥৪	
				হাজত খারিজ ২২৯।/৪	
				৪০,৭০৪৵০	

নম্বর	কালেক্টরীর রেজিষ্টরীর নম্বর	মহালের নাম		মোট সদর জমা কোম্পানির	কৈফিয়ৎ যাহা প্রকাশ করা আবশ্যক
নং১৭	৩৭৩ নং	পং হাতিয়াঘর মথুরাপুরওং	১	১১,৬৪১৷৵৮	খালাড়ী ছিল নাই
নং১৮	৩৮৪ নং	পং বরিদহাটি মনুরাজওং	১	৫,১৫৩৲	ঐ
নং১৯	৪১১ নং	পং মাগুরা ধান্যখোলাওং	১	২,২৮৫৸৶৩	ঐ
নং২০	৪১৩৷২ নং	পং হাতিয়াঘর আবাদ পহিলা ভগবানপুর	১	১০৯১৷০	ঐ
নং২১	৪১৪ নং	পং মুড়াগাছা আং ইনসুনবাড়িয়া	১	৬৮১[illegible]	এই সদর জমার জমিন ভিন্ন খালাড়ীআদি জমিন স্বতন্ত্র আছে সুন্দরবনের কমিস্যনরের কৃত ডৌলে ব্যক্ত হইবেক।
নং২২	৪২৩ নং	পং হাতিয়াঘর আং বেলপুখুরিয়া	১	৫,৩৯২৸৯	ঐ
নং২৩	৪৩৭ নং	পং পেচাকুলি আং সিমুলবাড়িয়াওং	১	৩৬৭॥৶১১	ঐ
নং২৪	৪৪৩ নং	পং পেচাকুলি কড়াইবাড়িয়াওং	১	৬,১৮৪৷৶২	খালাড়ী ছিল
নং২৫	৫৮৩ নং	পং আনরপুর মোং বরেয়া	১	১৶২	খালাড়ী নাই
নং২৬	৫৮৪ নং	পং আনরপুর মোং বরেয়া	১	১৷৶১১	ঐ
নং২৭	৯৫২ নং	পং হালীশহর কিং কুমারহট্ট	১	৪৷১	খালাড়ী নাই
নং২৮	৯৫৩ নং	পং হালীশহর কিং কোণা	১	১৷৬	ঐ
নং২৯	৯৫৪ নং	পং হালীশহর কিং মোং কোণা	১	॥৶৩	ঐ
নং৩০	১০৭৩ নং	পং মুড়াগাছা আং মসামারী	১	১৭৬৸৶৯	এই সদর জমার জমীন ভিন্ন খালাড়ীআদি জমীন আলাহেদা আছে সুন্দরবনের কমিস্যনরীর প্রস্তুতহওয়া ডৌল দৃষ্টে তাহার অবস্থা স্পষ্ট প্রকাশ হইবেক।
নং ৩১	•	পরগনে মাগুরা মৌজে খিদিরপুর সরকারের খরিদা ভূমি দরিপীন বিখ্যাত মহাল	১	নির্দ্দিষ্ট নাই	দীর্ঘকাল যাবৎ এই সকল ভূমি সরকারে খরিদ হইয়াছে এবং খাস তহসীলের দ্বারা মালগুজারী আদায় হইতেছে জমীর এবং মফঃসলী উৎপন্ন ও জমার অবস্থা ও বিবরণ কালেক্টরীর কাছারীতে হাজির হইয়া জিজ্ঞাসা করিলে বিশেষ রূপে ব্যক্ত হইবেক।

Allipore, 17th May, 1844.

J. J. HARVEY, *Offg. Commissioner.*

[*Government Gazette, 25th June,* 1844.]

হুকুম ইস্তাহারনামা কাছারি কালেক্টরী জেলা বর্দ্ধমান।

১৮৪১ সালের ১২ আইনের ৩। ৬ ধারার বিধানমতে এই কালেক্টরী সংক্রান্ত ৫০৲ টাকার অধিক সদর জমার মহালাতের সন ১২৫১ সালের লাং জ্যৈষ্ঠী তলবের সরকারী রাজস্বের বাকী আদায় কারণ শ্রীযুত সাহেবান সদর বোর্ডের ১৮৪২ সালের ২২ জানুআরির সরক্যুলর অর্ডরের নিরূপিত দিবস ১৮৪৪ সালের ২৮ জুন মোং ১২৫১ সালের ১৬ আষাঢ় শুক্রবার দিবা দুই প্রহরের সময় জেলা বর্দ্ধমানের কালেক্টরী কাছারিতে প্রকাশরূপে নীলামে বিক্রয় হইবেক এমতে এই ইস্তাহারনামা জারি করা যাইতেছে যে যদি উক্ত মহালাতের মালিকান নীলামের নির্দ্ধারিত দিবসের পূর্ব্ব দিবস সূর্য্যাস্তপর্য্যন্ত আপন২ জিম্মার বাকী আদায় না করে তবে নীলামের দিবসে কোনক্রমে বাকী টাকা লওয়া যাইবেক না অতএব যে কেহ খরিদ করিবার বাসনা রাখহ উক্ত দিবসে এই কাছারিতে হাজির হইয়া খরিদ করিবা আর প্রকাশ করা যাইতেছে যে নীলামের ডাক শেষ হইলে তৎক্ষণাৎ মুল্যের সিকী অর্থাৎ শতকরা ২৫৲ টাকার হিসাবে বায়না দাখিল করিবা নীলামের দিবসাবধি ত্রিশ দিবসের মধ্যে সূর্য্যাস্তের পূর্ব্বে অবশিষ্ট মুল্যের সমুদয় টাকা সরকারি খাজানায় দাখিল করিতে হইবেক ইতি।

নম্বর লাট	নম্বর রেজিষ্টরী	নাম মহাল ও পরগনা	মালিকের নাম যাহা সেরেস্তায় লেখা যায়	মুছল্লম মহালের সদর জমা	চাকরান বাজেয়াপ্তি	একুন জমা	যাহা বিক্রয় হইবেক তাহার রকম	নাম থানা ও জেলা	বাকী সরকার	বাকী লাং জ্যৈষ্ঠ সন ১২৫১ সাল	একুন বাকী
১৭ নং	১৭ নং	চক দুর্গা ওং পং রাণীহাটী ওং	মধুসূদন সেট ওং	৯,৯৩৯৶১১	•	৯,৯৩৯৶১১	মুছল্লম	থানা গাঙ্গরিয়া	৪১২॥৴৭	৮৮৫।৫	১,২৯৭৸৶১১
১৮ নং	১৮ নং	বড়বৈনান ওং পং হাবিলি ওং	পুণ্ডরীকাক্ষ রায় ওং	১৫,৫২৩॥৶৯	•	১৫,৫২৩॥৶৯	ঐ	রায়না	৪৫১॥১০	৯,৩৮২।৶৫	১,৮৩৩৸৶৩
১৯ নং	১৯ নং	গিধর্গা ওং পং আরসা ওং	৺ অন্নপূর্ণা ঠাকুরাণী সেং কাশীনাথ বন্দ্যোপাধ্যায় ওং	৭,৩৫৫॥৶১১	১৫৩৸৶২	৭,৫০৯॥৴১	ঐ	মন্তেশ্বর	৩০০॥৴১	৬৬৯৸৴১১	৯৭০।৶০
২০ নং	২০ নং	বিষ্ণুপুর ওং পং বাঘা ওং	গঙ্গাধরপ্রসাদ তেওয়ারি দিগর	৬৩,৭৯৯৸৶১১	১৪০৸৶১১	৬৩,৯৪০৸৶১০	ঐ	পোতনা পং বর্দ্ধমান	১,৬৪৪৶৩	৫,৬৯৩৸৴১১	৭,৩৩৮৴২
২১ নং	২১ নং	মাহাতা ওং পং ঐ	রামকুমারী দেব্যা দিং	১১,৬৯২॥৴২	•	১১,৬৯২॥৴২	ঐ	ভরতপুর জেলা মুরশিদাবাদ	৩৮৪৸৴৫	১,০৪১৴১	১,৪৩৫৸৶৬
২২ নং	২২ নং	ডেলিয়া ৺ আনি পং মনোহরশাহী	নবকৃষ্ণ মিত্র ওং	৮,১২৪৸৶৩	•	৮,১২৪৸৶৩	ঐ	আউগ্রাম পং বর্দ্ধমান	•	১,৩৩৫।৶৬	১,৩৩৫।৶৬
২৪ নং	২৪ নং	কাশীনাথপুর ওং পং ধেঞ্জা ওং	ভুবনমোহন মদনমোহনরায় ওং	২১,০৮৭।৶০	৩৮॥৴২	২১,১২৫৸৶২	ঐ	কাটওা	৭৮৩॥১১	১,৮৮৭।৴৪	২,৬৬০৸৶৩
২৬ নং	২৬ নং	কুলহাণ্ডা ওং পং মণ্ডলঘাট	জমিদার মহারাজ রাজাধিরাজ মহতাপচন্দ্র বাহাদুর ওগয়রহ	১৬,২০৫৲৬	•	১৬,২০৫৲৬	ঐ	বাগনান জেলা হুগলি	১৯৭৶১০	১,৩২৯॥৫	১,৫২৭৲৩
২৭ নং	২৭ নং	শাহাপুর ওং পং জাহিঙ্গিরাবাদ	বেসারৎউল্লা চৌধুরী ওগয়রহ	৮,৫৬৯/১০	•	৮,৫৬৯/১০	ঐ	পূর্ব্বস্থলী	৭৭।৶৫	৭৬২॥৶৮	৮৪০/১
২৯ নং	২৯ নং	জয়পুর ওগয়রহ পং ছোটিপুর	গোকুলচন্দ্র মিত্র	৫,৬৮০৸৶৭	•	৫,৬৮০৸৶৭	ঐ	গাঙ্গরিয়া	•	১৬০৲	১৬০৲
৪৬ নং	৪৬ নং	বড়বহরকুলি ওং পং অম্বিকা	নৃসিংহ রায় দীং	১৮,৯৭৭৭॥৴৯	•	১৮,৯৭৭৭॥৴৯	ঐ	অম্বিকা	৭৮৭।৴৪	১,৬৮৯॥৴৭	২,৪৭৬৸৶১১
৪৯ নং	৪৯ নং	শ্রীখণ্ড ওং পং ধেঞ্জা	জমীদার পরাণচন্দ্র বাবু	৬,২৯১৴	•	৬,২৯১৴	ঐ	কাটওা	২৫০।৶৯	৫৬০৲	৮১০।৶৯
৬০ নং	৬০ নং	কালনা ওং পং বাঘা	পরাণচন্দ্রবাবু ওং	১১,২৫৭॥৶২	•	১১,২৫৭॥৶২	ঐ	পোতনা জেলা পং বর্দ্ধমান	৪৬৫৸৶১১	১,০০২॥৶৮	১,৪৬৮॥৴৭
৬১ নং	৬১ নং	দুরঘট ওং পং ধেঞ্জা	কার্ত্তিকচন্দ্র সিংহ	১০,৭৯৪৸৬	•	১০,৭৯৪৸৬	ঐ	মঙ্গলকোট	•	৯৬০৲	৯৬০৲

নম্বর লাট	নম্বর রেজিষ্টরী	নাম মহাল ও পরগনা	মালিকের নাম যাহা সেরেস্তায় লেখা যায়	মুছল্লম মহালের সদর জমা	চাকরান বাজেয়াপ্তি	একুন জমা	যাহা বিক্রয় হইবেক তাহার রকম মুছল্লম	নাম থানা ও জেলা	বাকী সরকার	বাকী লাং জ্যৈষ্ঠ সন ১২৫১ সাল	একুন বাকী
৬২ নং	৬২ নং	পলসনা ওং পং খেঞা	ভবানীচরণ দত্ত ওং	৭,৪০০॥৶১১	০	৭,৪০০ ॥৶১১	ঐ	কাটওা	০	৬৫৯৶২	৬৫৯৶২
৬৫ নং	৬৫ নং	মাজিদে ওং পং জাহাঙ্গিরাবাদ	হরিপ্রসাদ চক্রবর্ত্তী	৯,৪০১॥৶১১	০	৯,৪০১॥৶১১	ঐ	পূর্ব্বস্থলী	০	৮৩৮৶৫	৮৩৮৶৫
৬৮ নং	৬৮ নং	খড়মপুর ওং পং শাহাবাদ	সৈয়দ আবদুল হাকিম ওগয়রহ	৬,১৮৯॥/	৭৮৸৶	৬,২৬৮॥০	ঐ	মন্তেশ্বর	২৭৬।১০	৫৫৩॥/৭	৮২৯৸৶৫
৭২ নং	৭২ নং	কিং পাটুলি ওং পং পাটুলি	জগৎচন্দ্র চৌধুরী ওং	৫,৭৮৬৸৩	০	৫,৭৮৬৸৩	ঐ	পূর্ব্বস্থলী	২৩৮৸৪	৫১৫৶৪	৭৫৩৸৶৮
৭৫ নং	৭৫ নং	নিমদহ ওং পং জাহাঙ্গিরাবাদ	বৈদ্যনাথ মল্লিক ওং	৮,৮০৭।১১	০	৮,৮০৭।১১	ঐ	ঐ	১০৯৸৶৬	৭৮৪৲	৮৯৩৸৶৬
৮৩ নং	৮৩ নং	পরাণবাটী ওং পং শাহাবাদ	জয়গোপাল চট্টোপাধ্যায়	৫.৪৫০॥৶৩	০	৫,৪৫০॥৶৩	ঐ	মন্তেশ্বর	২২৫৲৬	৪৮৫।/৪	৭১০।/১০
৮৪ নং	৮৪ নং	বেলুলি ওং পং শাহাবাদ	হরিসিংহ রায়	৫,৪৫০ ॥৶৩	০	৫,৪৫০॥৶৩	ঐ	ঐ	০	২৩৯৸৶১১	২৩৯৸৶১১
১০৭ নং	১০৮ নং	কুবাজপুর ॥৶ আনি পং কুবাজ পুর	মির করিমদ্দীন	৭,০৪৮॥/৫	০	৭,০৪৮॥/৫	ঐ	পূর্ব্বস্থলী	০	২২০৸৯	২২০৸৯
১০৮ নং	১১০ নং	সাতসৈকা ৶ আনি পং সাত সৈকা	চন্দ্রশেখর চৌধুরী	৭.২৯৯৶	০	৭.২৯৯৶	ঐ	ঐ	০	৩০৭৶২	৩০৭৶২
১৫৬ নং	১৫৮ নং	কীং সাতসৈকা সমুদ্রগড়ি ওং পং সাতসৈকা	মহিম্মদ মজহর খাঁ ওং	১১,৫২৩॥৶৫	০	১১,৫২৩॥৶৫	ঐ	পূর্ব্বস্থলী	০	৪৭৬৸১০	৪৭৬৸১০
১৮২ নং	১৮৫ নং	বেহালাবাজার ওং পং বায়ড়া ওং	জমীদার তারাচাঁদ বাবু	২৪,৩১৬॥/৪	০	২৪,৩১৬॥/৪	ঐ	জাহানাবাদ জেলা হুগলি	৯৬॥/৪	২১৬৲৪	৩,১৬১৸৶৮

ইহা সেওয়ায় ৫০০০৲ টাকার অনূর্দ্ধ সদর জমার মহাল ৩৭৩

Burdwan Collectorate, 11th June, 1844.

J. H. CRAWFORD, *Collector.*

ইস্তাহারনামা কাছারি কালেক্টরী জেলা যশোহর এই যে ১৮৪১ সনের ১২ আইনের ৩ ধারা ও সাহেবান সদর বোর্ডের ঐ সনের ৬ অক্টোবরের বিধি অনুসারে ও গবর্ণমেণ্ট গেজেটের ১৮৪২ সনের ২২ জানুআরির লিখিত প্রশংসিত সাহেবানের আদেশমতে ৫০৲ টাকার অধিক সদর জমার হজুরি মজকুরি মহালাতের ১২৫০ সনের কিস্তী চৈত্র ও ১২৫১ সনের কিস্তী বৈশাখ ও জ্যৈষ্ঠের বাকী খাজানা আদায় না হয় ঐ সকল মহালাত ১৮৪৪ সনের ২৮ জুন মোতাবেক ১২৫১ সনের ১৬ আষাঢ় শুক্রবার এই জেলার কালেক্টরীর কাছারিতে বিক্রয় হইবেক উক্ত মহালাতের মালগুজারদারানদিগের উচিত যে আপন২ জিম্মার বাকী খাজানা ২৭ জুন সূর্য্যাস্তের পূর্ব্বে অথবা তাহার পূর্ব্বে আদায় করে ও যদি বাকীদারান উক্ত নিয়মমতে বাকী আদায় না করে তবে ঐ বাকীর টাকা না লইয়া বাকীর মহালাত নীলাম করা যাইবেক খাজানা না লওয়ার আপত্তি গ্রাহ্য হইবেক না আর যে কেহ নীলাম খরিদের বাসনা রাখে ঐ তারিখে হাজির হইয়া খরিদ করে ইতি সন ১৮৪৪ ইংরেজি ৬ জুন।

Zillah Jessore, 6*th June*, 1844. F. B. KEMP, *Collector*

ইস্তাহারনামা কাছারী কালেক্টরী জিলা ঢাকা জালালপুর এই যে।

১৮৪১ সনের ১২ আইনের ৩ ধারা ও সাহেবান সদর বোর্ডের ঐ সনের ৬ অক্টোবরের বিধিঅনুসারে ও গবর্ণমেণ্ট গেজেটের ১৮৪২ সনের ২২ জানুআরির লিখিত প্রশংসিত সাহেবানের আদেশমতে ১২৫০ সনের কিস্তি চৈত্র ও ১২৫১ সনের কিস্তি বৈশাখ ও জ্যৈষ্ঠের বাকী খাজানা যে সকল মহালাতের আদায় না হয় ঐ সকল মহালাত ১৮৪৪ সনের ২৮ জুন মোতাবেক ১২৫১ সনের ১৬ আষাঢ় শুক্রবার এই জিলার কালেক্টরী কাছারীতে বিক্রয় হইবেক উক্ত মহালাতের মালগুজারদারানদিগের উচিত যে আপন২ জিম্মার বাকী খাজানা ২৭ জুন সূর্য্যাস্তের পূর্ব্বে অথবা তাহার পূর্ব্বে আদায় করে ও যদি বাকীদারান উক্ত নিয়মমতে বাকী আদায় না করে তবে ঐ বাকীর টাকা না লইয়া বাকীর মহালাত নীলাম করা যাইবেক খাজানা না লওয়ার আপত্তি গ্রাহ্য হইবেক না আর যে কেহ নীলাম খরিদের বাসনা রাখে ঐ তারিখে হাজির হইয়া খরিদ করে ইতি সন ১৮৪৪ ইংরেজী তারিখ ১৫ মে।

Dacca Collectorate, 15*th May*, 1844. R. E. CUNLIFFE, *Collector*.

NOTICE.

The Settlement of Hoodas Eshanpore and Ramdosspore, having been completed, tenders for the farm of these Valuable Estates will be received at the Collector's Office, and further particulars given.

W. J. H. MONEY, *Collector*.

Moorshedabad, Collector's Office,
3rd June, 1844.

বিজ্ঞাপন।

ঈশানপুর ও রামদাসপুরের হুদ্দার বন্দোবস্ত সমাপ্ত হওয়াতে ঐ বহুমূল্য জমীদারী যাঁহারা ইজারা লইতে চাহেন তাঁহারা কালেক্টর সাহেবের দফ্তরখানায় দরখাস্ত করিবেন এবং সেইখানে অনুসন্ধান করিলে ইহার বেওরা জানিতে পারিবেন।

ডবলিউ জে এচ মনি। কালেক্টর।

মুরশিদাবাদ কালেক্টরী আফিস। ১৮৪৪। ৩ জুন।

এস্তেহার কাছারী ডিপুটী কালেক্টরী জেলা রঙ্গপুর সন ১৮৪৪ ইংরেজী তারিখ১ মে মোতাবেক সন ১২৫১ সাল তারিখ ২০ বৈশাখ।

যেহেতুক এ কাছারীর নিযুক্ত আমলা অর্থাৎ কৃষ্ণসুন্দর নন্দী গত ২৯ ডিসেম্বর এ কাছারীর একটিং সেরেস্তাদার এবং ১৭ নবেম্বর গৌরনাথ সেন একটিং পেস্কারী ও রামতনু আচার্য্য একটিং মহাফেজী কর্ম্মে নিযুক্ত হইয়া হজুরের সমভিব্যাহারে থাকিয়া মফঃসলে উপস্থিত কর্ম্মের নির্ব্বাহ করিতেছিল পরে বৈকুণ্ঠপুরহইতে এপক্ষের কাছারী বরখাস হইয়া পাটা গ্রামে স্থিত হওয়াপ্রযুক্ত উক্ত আমলাগানকে উক্ত মোকামে যাওয়ার আদেশ হওয়াতে তাহারা এপক্ষকে না জানাইয়া এবং আপন জিম্মার কর্ম্ম সমজীয়া না দিয়া উক্ত মোকামহইতে ফেরার হইয়াছে যেহেতুক তাহারদিগের ঐ প্রকার আচরণ অর্থাৎ সরকারি কর্ম্ম ছাড়িয়া ফেরার হওয়া মোকদ্দমা ফৌজদারী আদালতে দরপে আছে কিন্তু তাহারা যেরূপ মন্দাচরণ এপক্ষের সহিত করিল অর্থাৎ এপক্ষ সহিত সরারতী আচরণ করিয়া সকলেই এককালীন সরকারী কর্ম্ম ছাড়িয়া ফেরার হইয়াছে নচেৎ তাহারা অন্য আদালতে কোন বিচার কর্ত্তার সমীপে আপন ব্যবহার কর্ম্ম সঙ্গোপনপূর্ব্বক কোন কর্ম্মে নিযুক্ত হইলে পশ্চাৎ কাল ঐরূপ কর্ম্ম তাহারদিগের দ্বারা প্রকাশহওয়া সম্ভব অতএব তাহারদিগের অবিশ্বস্ততা কর্ম্ম আচরণ সর্ব্বত্র বিদিতার্থে এই এস্তাহার প্রকাশ করা যাইতেছে যে কোন হাকিম ঐ সকল ফেরারী আমলার প্রতি বিশ্বাস না করেন্ ইতি।

Deputy Collector's Office, *Zillah Rungpore*, 15*th June*, 1844, E. W. PITT.

SHERIFF'S SALES. সরিফের নীলাম।

সরিফের নীলাম।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে বেহারীলাল কৃষ্ণজীর সম্পত্তির বিরুদ্ধে ফাইরাই ফেসিয়স নামক যে এক পরওয়ানা কলিকাতার সরিফ সাহেবের হাতে আছে তাহার ক্ষমতাতে তিনি আগামি জুলাই মাসের ৪ তারিখ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময়ে সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারাণ্ডায় সরিফ সাহেবের দফ্তরখানায় প্রবেশদ্বারের নিকটে নীচের লিখিত বিষয় নীলাম করিবেন।

বিশেষতঃ উক্ত বেহারীলাল কৃষ্ণজীর কএক থান মান্দ্রাজী ও পাটনাই গ্রে কাপড় ইত্যাদি।

সরিফ সাহেবের দফ্তরখানায় অন্বেষণ করিলে নীলামের নিয়ম জানা যাইতে পারিবেক।

INSOLVENT COURT.

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of BEJOYKISSEN SEAT, late of Rotoo Sircar's Street, in the Town of Calcutta, Merchant and Trader, but at present residing at Konenogore, in the District of Hooghly, in the Province of Bengal.

NOTICE is hereby given, that by an order made in this matter on the fourteenth day of June instant, upon the application of Juggomohun Seat Trader, it was adjudged that the Petition presented by the said Juggomohun Seat, to this Court, was true, and that the said BEJOYKISSEN SEAT, had committed an Act of Insolvency within the provisions of the Statute of the Ninth George the Fourth, Chapter 73.

WM J. JUDGE,
Attorney

17th June, 1844.

যোত্রহীনেরদের আদালত।

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

পূর্ব্বে বাঙ্গলা দেশের কলিকাতা নগরের রতু সরকারের রাস্তায় বণিক ও মহাজন কিন্তু এক্ষণে হুগলি জিলার কোননগর নিবাসি

বিজয়কৃষ্ণ সেটের

বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে মহাজন জগমোহন সেটের দরখাস্তমতে বর্ত্তমান জুন মাসের ১৪ তারিখে এই আদালতের হুকুমক্রমে নির্দ্ধারণ হইল যে উক্ত জগমোহন সেট এই আদালতে যে দরখাস্ত দাখিল করেন্ তাহা সত্য এবং উক্ত বিজয়কৃষ্ণ সেট চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের আইনের ৭৩ অধ্যায়ের লিখিত প্রকার যোত্রহীন হইয়াছেন।

ডবলিউ জে জজ।
উকীল।

১৮৪৪। ১৭ জুন।

আলেকজাণ্ডর ডনাল্ড মাক্লৌড এবং কৃষ্টফের ফেগন সাহেবেরা

যাঁহারা সুবে বাঙ্গালার অন্তঃপাতি শহর কলিকাতায় বাস করিতেন সওদাগর ও এজেন্ট যাঁহারা মেকলিউড ফেগন কোম্পানি নামে সওদাগরি করিতেন এবং সন ১৮৪৩ সালের ১ জুলাই তারিখ শনিবারে গত জর্জ দি ফোর্থ বাদশাহের নবম আইনের ৭৩ ধারার মতে অক্ষম ঋণি বলিয়া ধার্য্য হইয়াছেন।

এতদ্দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৪ সালের ৩ আপ্রিল বুধবারে উক্ত আদালত বসিয়াতে পূর্ব্বোক্ত অক্ষম ঋণিরদিগের এক জন এসাইনি উলিয়ম ইউইং সাহেবের পক্ষে এক দরখাস্ত হয় তাহাতে তাহার প্রার্থনা এই যে তিনি তাঁহার ঐ এসাইনি কর্ম্মহইতে অবসর হইবার অনুমতি প্রাপ্ত হন ইহাতে অনুজ্ঞা হইল যে আগামি ৬ জুলাই শনিবারের পূর্ব্ব যদ্যপি ইহার প্রতিকূলে কোন বিষয় দর্শান না হয় তবে উক্ত উলিয়ম ইউইং সাহেবের ও তাঁহার সমভিব্যাহারি এসাইনি জান ওয়ালিস আলেকজাণ্ডরের পক্ষে উক্ত আদালতের সাধারণ এসাইনী মেং পেট্রিক ওহানলন সাহেব সন ১৮৪১ সালের ৯ মার্চ তারিখে যে ইনডেনটীউর আপ এসাইনমেণ্ট অর্থাৎ হস্তান্তর করণ লিপিপত্র লিখিয়া দেন্ তাহা উক্ত উলিয়ম ইউইং সাহেবের পক্ষে বাতিল হইবেক কিন্তু এই অনুমতির পূর্ব্বে উক্ত উলিয়ম ইউইং যে কোন নিয়ম অথবা কর্ম্ম করিয়াছেন তাহা অগ্রাহ্য হইবেক না এবং আর অনুমতি হইল যে উক্ত এসাইনি আগামি ৬ জুলাই তারিখঅবধি ঐ সম্পত্তির হিসাব প্রস্তুত করিয়া দাখিল করিবেন।

গ্রাণ্ট ও বেমফি। উকীল।

কলিকাতা ৩ আপ্রিল সন ১৮৪৪ সাল।

MISCELLANEOUS ADVERTISEMENTS.

সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

রিসিবর আফিস সুপ্রিম কোর্ট।

মৃত লাডলীমোহন ঠাকুরের ইষ্টেটের রিসিবর শ্রীযুত মেং রাবর্ট ওদেডা সাহেব উক্ত ইষ্টেটের দরুণ নীচের লিখিত জমীদারি ইজারা কিম্বা খরিদের বিষয়ের দরখাস্ত লইবেন।

জেলা ভুলুয়া পরগণে সন্দীপ।
তরফ ভবানীচরণ মায় চর।
জেলা ঐ পরগণে ঐ।
চর আফজল ভবানীচরণ।
মায় চর নিলক্ষ্মীদিগর।
জেলা ঐ পরগণে ঐ।
নীলাম ভবানীচরণ মায় চর।

অপর বৃত্তান্ত রিসিবর আফিসে অথবা তাঁহার উকীল মেং রাবর্ট সুইনহো সাহেবের ১ নং ইশপ্লানেড রো আফিসে জানিতে পারিবেন।

রিসিবর আফিস ১৩ জুন ১৮৪৪ সাল।

[*Government Gazette, 25th June*, 1844.]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JULY 2, 1844.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৪ সাল ২ জুলাই।

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 14.

To the Civil Judges in the Lower Provinces.

Act No. 9, of 1844, having declared that all suits within the competency of a Principal Sudder Ameen or Sudder Ameen to decide, shall ordinarily be instituted in the Courts of those officers, it becomes necessary to throw open column 3 of the Civil Statement No. 1, Parts 1 and 2, for the exhibition of such case. The Civil Judges are accordingly directed to erase the asterisks, which appear in column 3 of the above-mentioned forms, opposite to the Heading of original suits in the Courts of the Principal Sudder Ameen and Sudder Ameen.

W. Kirkpatrick, *Deputy Register.*

Fort William, 25th May, 1844.

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

১৪ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

১৮৪৪ সালের ৯ আইনে নির্দ্দিষ্ট হইয়াছে যে প্রধান সদর আমীন কি সদর আমীনদিগের যে২ মোকদ্দমা নিষ্পত্তি করিতে ক্ষমতা আছে সেই২ মোকদ্দমা সামান্যতঃ ঐ বিচারকেরদের আদালতে প্রথমত উপস্থিত করিতে হইবেক অতএব ১ নম্বরী দেওয়ানী কৈফিয়তের ১ ও ২ ভাগের ৩ ঘর উক্ত প্রকার মোকদ্দমা লিখিবার নিমিত্ত মতান্তর করিতে হইবেক। এইহেতুক উক্ত কৈফিয়তের ৩ ঘরে প্রধান সদর আমীন ও সদর আমীনের আদালতে উপস্থিত হওয়া মোকদ্দমা এই শিরোভাগের সম্মুখে (*) এই চিহ্ন উঠাইয়া ফেলিতে দেওয়ানীর জজ সাহেবদিগকে হুকুম দেওয়া যাইতেছে।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৪। ২৫ মে।

John C. Marshman, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 6.

To the Several Criminal Authorities in the Lower Provinces.

The Court are pleased to prescribe the following addition to the Rules for the preparation of the Criminal Statements.

Supplementary Rules for the preparation of the Magistrate's Statements.

Para. 109. In order that the Court may be kept informed of the Application of Acts III. and V. of 1844, and that materials may be collected to serve as data for judging of the general effects of the enactments in question, at a future period, Magistrates will add two tables, to be called parts 9 and

সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

৬ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত ফৌজদারীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

ফৌজদারীবিষয়ক কৈফিয়ৎ প্রস্তুতকরণের যে২ বিধান আছে তাহার অতিরিক্ত নীচের লিখিত বিধান সদর আদালতের সাহেবেরা নিরূপণ করিতেছেন।

মাজিষ্ট্রেট সাহেবের কৈফিয়ৎ প্রস্তুত করণের অতিরিক্ত বিধান।

১০৯ দফা। ১৮৪৪ সালের ৩ আইন এবং ৫ আইন যেরূপে খাটে তাহা সদর আদালতের সাহেবেরা নিত্য অবগত থাকিতে পারেন এই কারণে এবং ঐ২ আইনের সাধারণ ফল উত্তর কালে বিবেচনা করণার্থ বৃত্তান্ত সংগ্রহ হয় এই নিমিত্তে মাজিষ্ট্রেট সাহেবেরা নীচের লিখিত স্থানে ও প্রকারে আপনারদের ১ নম্বরী কৈফি-

10, respectively, to their Statements No. 1, at the place and in the form indicated by the accompanying exemplar.

Para. 110. It will be observed that the materials for the preparation of part 9, will be drawn from Column 9, part 6, and of part 10, from Column 6, part 6, of which they will respectively be components. Column 3 of part 10, will not be confined to the exhibition of the recovery of fines imposed during the period to which the Statement refers, but will shew all sums realized, without reference to the time when the fines were imposed.

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, 27th March, 1844.

রত্তের মধ্যে আর দুই ভাগ করিবেন তাহা ৯ ও ১০ নম্বরী ভাগ হইবেক।

১১০ দফা। দুষ্ট হইবেক যে ৯ নম্বরী ভাগ প্রস্তুত করণের বৃত্তান্ত ৯ নম্বরী ঘরের ৬ নম্বরী ভাগহইতে এবং ১০ নম্বরী ভাগের বৃত্তান্ত ৬ নম্বরী ঘরের ৬ নম্বরী ভাগহইতে সংগ্রহ করা যাইবেক। যে সময়ের সঙ্গে ঐ কৈফিয়তের সম্পর্ক আছে সেই সময়ের মধ্যে হুকুমকরা যে জরীমানা আদায় হইয়াছে তাহা কেবল ঐ ১০ ভাগের ৩ ঘরে লেখা যাইবেক এমত নহে কিন্তু যে কোন সময়ে ঐ জরীমানার হুকুম দেওয়া গিয়া থাকে তাহা কিছু বিবেচনা না করিয়া আদায়হওয়া সমুদয় টাকা তাহার মধ্যে লেখা থাকিবেক।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৪৪। ২৭ মার্চ।

No. 11.

To the Several Criminal Authorities in the Lower Provinces.

1. By the Construction of the Nizamut Adawlut No. 816, dated the 23d August 1833, Magistrates were declared competent to "remove the Chowdhrees of the several trades and professions." The Court having reconsidered the subject of this construction, and the principle which it involves, are persuaded that it is based on an incorrect view of the Chowdhree's position, and of the relation in which he stands towards the members of the trade or profession on the one hand, and the Government on the other.

2. The Chowdhree is the head of the profession, selected and appointed by its members in the exercise of their free choice with which the Government have no power to interfere, and with them rests the option of despensing with his services, whenever he may have forfeited their confidence by abusing the influence incident to his position, or acting detrimentally to their interests.

3. The Court are pleased therefore, with the sanction of Government, to declare construction No. 816, superseded, and to prohibit any interference on the part of the Magisterial Authorities in the election, recognition, or removal of Chowdhrees, of whatever trade or profession.

W. KIRKPATRICK, *Depty. Register.*

Fort William, 6th May, 1844.

১১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত প্রত্যেক ফৌজদারীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

১৮৩৩ সালের ২৩ আগষ্ট তারিখের ৮১৬ নম্বরী নিজামৎ আদালতের আইনের অর্থে লেখা ছিল যে মাজিষ্ট্রেট সাহেবেরা নানা বাণিজ্য কর্ম্ম ও ব্যবসায়ের চৌধুরীরদিগকে তগীর করিতে পারেন্। সদর নিজামৎ আদালত আইনের এই অর্থ এবং তাহার অভিপ্রায় পুনর্ব্বার বিবেচনা করিয়া বোধ করেন্ যে চৌধুরীর অবস্থা এবং এক পক্ষে বাণিজ্যকারী ও ব্যবসাদারেরদের সঙ্গে এবং পক্ষান্তরে সরকারের সঙ্গে ঐ চৌধুরীরদের যে সম্পর্ক আছে তাহার অযথার্থ বোধ করাতে ঐ আইনের অর্থ নিরূপণ হইল।

২। চৌধুরী ব্যবসায়ের প্রধান ব্যক্তি এবং ঐ ব্যবসাদারেরা আপন২ ইচ্ছাপূর্ব্বক তাঁহাকে মনোনীত করিয়া ঐ পদে নিযুক্ত করিয়া থাকে সেই কর্ম্মেতে হস্ত ক্ষেপ করিতে সরকারের অধিকার নাই। এবং তিনি যখন ঐ পদের শক্তিক্রমে গর্হিত কর্ম্ম করেন্ অথবা ঐ ব্যবসাদারেরদের নিতান্ত অমঙ্গল করেন্ তখন তাঁহাকে ঐ কর্ম্মহইতে তগীর করিবার ভার তাঁহারদের প্রতি আছে।

৩। অতএব নিজামৎ আদালত গবর্ণমেণ্টের অনুমতিক্রমে হুকুম করিতেছেন যে ৮১৬ নম্বরী আইনের অর্থ রদ হয় এবং কোন বাণিজ্য কর্ম্ম বা ব্যবসায়ের চৌধুরীরদের মনোনীত করণ বা মঞ্জুর করণ বা তগীর করণের বিষয়ে হস্ত ক্ষেপ করিতে মাজিষ্ট্রেটী পদসম্পর্কীয় কার্য্যকারকদিগকে নিষেধ করিতেছেন।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৪। ৬ মে।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

The 14th June, 1844.

NOTIFICATION.

The leave of absence for one month granted on the 29th ultimo to Baboo Thakoordoss Banerjee, Moonsiff of Indoss, Zillah West Burdwan, has been cancelled at his own request.

LEAVES OF ABSENCE.

Abdoor Rouf, Moonsiff of Chintamun, for two days, Zillah Dinagepore.

Ramnarain Roy, Moonsiff of Puteeram, for seven days, Zillah Dinagepore.

Moulvy Gholam Buttool, Moonsiff of Dum-Dum,

সদর দেওয়ানী আদালতের হুকুম।

১৮৪৪ সাল ১৪ জুন।

বিজ্ঞাপন।

জিলা পশ্চিম বর্দ্ধমানের ইন্দাসের মুনসেফ শ্রীযুত বাবু ঠাকুরদাস বাঁড়ুয্যা গত মাসের ২৯ তারিখে যে ছুটী পান্ তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইয়াছে।

ছুটী।

জিলা দিনাজপুরের চিন্তামণির মুনসেফ শ্রীযুত আবদুর রৌফ দুই দিনের ছুটী পাইয়াছেন।

জিলা দিনাজপুরের পটিরামের মুনসেফ শ্রীযুত রামনারায়ণ রায় সাত দিনের ছুটী পাইয়াছেন।

জিলা চব্বিশপরগনার দমদমার মুনসেফ শ্রীযুত মৌলবী

Zillah 24-Pergunnahs, for two weeks, from the 7th Instant

Paboo Sreekunth Singh, Moonsiff of Dewangunge, Zillah Nuddea, for one month, in extension of that granted on the 29th March last.

The 21st June, 1844.

Syed Ahmed, Moonsiff of the 1st Grade, of Tirmohuny, Zillah Jessore, for 3 days from the 11th instant.

The 26th June, 1844

Mirza Mahomed Uskuree Khan Fikreet, Moonsiff of Kundera, Zillah Beerbhoom, for 1 days.

J. HAWKINS, *Register*.

CIVIL APPOINTMENTS

No 1024

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL

APPOINTMENTS

The 6th June, 1844

Baboo Shibchunder Deb to be a Deputy Collector under Regulation IX of 1833, in Zillah Midnapore

Moulavie Ezeemoodeen Hyder to be a Deputy Collector under Regulation IX of 1833 in Zillah Chittagong

ORDERS BY THE HONOURABLE THE GOVERNOR OF BENGAL

APPOINTMENTS

The 17th June, 1844

Mr W. Brown, Deputy Magistrate under Act XV of 1843 in Balasore, is vested with the special powers described in Clause 3, Section 2, Regulation III. of 1821.

Captain H Goodwyn and Mr A Rogers, — To be Members of the Fever Hospital and Municipal Committee, vice Mr G H Gordon and Captain Boileau

The services of Sub Assistant-Surgeon Baboo Purmesser Doss have been placed at the disposal of the Government N W Provinces

LEAVE OF ABSENCE

The 20th June, 1844

Mr R Abercrombie, Officiating Joint Magistrate and Deputy Collector of Noakolly for one month, on private affairs from the date on which he may deliver over charge to Mr J Wheler

The leave of absence, on private affairs, for ten days, from the 1st April last, granted by the Judge of Chittagong to Moulavie Bud' rooddeen Mahomed Sudder Ameen of that Zillah is confirmed

The leave of absence, for five days, granted on the 1st of April last to Mr Civil Surgeon A. Smith, Deputy Salt Agent at Hidgellee, on urgent private affairs, is cancelled at his request.

NOTIFICATIONS

The 20th June, 1844

Mr G C Cheape, Civil and Sessions Judge of

গোলাম বতুল বর্ত্তমান মাসের ৭ তারিখঅবধি দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

জিলা নদীয়ার দেওয়ানগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু শ্রীকান্ত সিংহ গত মার্চ মাসের ২৯ তারিখে যে ছুটী পান্ তাহার অতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৪ সাল ২১ জুন।

জিলা যশোহরের ত্রিমোহনীর প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত সাযদ আহমদ বর্ত্তমান মাসের ১১ তারিখঅবধি তিন দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৪ সাল ২৬ জুন।

জিলা বীরভূমের কান্দেরার মুনসেফ শ্রীযুত মীরজা মহমদ ওকরি খাঁ ফিক্রিত পনের দিনের ছুটী পাইয়াছেন।

জে হকিন্স। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১০২৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৪ সাল ৬ জুন।

শ্রীযুত বাবু শিবচন্দ্র দেব ১৮৩৩ সালের ৯ আইনানুসারে জিলা মেদিনীপুরের ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত মৌলবী আয়িমউদ্দীন হৈদর ১৮৩৩ সালের ৯ আইনানুসারে জিলা চাটিগাঁর ডেপুটী কালেক্টর হইবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল গবরনর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৪ সাল ১৭ জুন।

১৮৪৩ সালের ১৫ আইনানুসারে বালেশ্বরের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত ডবলিউ ব্রৌণ সাহেব ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত জি জে গর্ডন সাহেব এবং শ্রীযুত কাপ্তান বয়লো সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত কাপ্তান এচ গ্রডউটন সাহেব এবং শ্রীযুত এ বজর্স সাহেব জ্বরের হাসপাটালের এবং নগর পরিষ্কারবাখরিয়া কমিটির মেম্বর হইবেন।

সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত বাবু পরমেশ্বর দাস উত্তরপশ্চিম দেশের গবর্ণমেন্টের অধীনে নিযুক্ত হইবেন।

ছুটী।

১৮৪৪ সাল ১০ জুন।

নওয়াখালীর একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত আর আবরক্রম্বি সাহেব যে তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত জে উইলর সাহেবের প্রতি অর্পণ করেন্ সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

চাটিগাঁর সদর আমীন শ্রীযুত মৌলবী বদরুদ্দীন মহম্মদ গত আপ্রিল মাসের ১ তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে যে দশ দিনের ছুটী ঐ জিলার জজ সাহেবের স্থানে পান্ তাহা মঞ্জুর হইয়াছে।

হিজলীর ডেপুটী নিমক এজেন্ট ও সিবিল চিকিৎসক শ্রীযুত এ স্মিথ সাহেব গত আপ্রিল মাসের ১ তারিখঅবধি আপনার অত্যাবশ্যক কর্ম্মোপলক্ষে যে পাঁচ দিনের ছুটী পান্ তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৪৪ সাল ২০ জুন।

রাজশাহীর সিবিল ও সেশন জজ শ্রীযুত জি সি চীপ সা.

Rajshahye, resumed charge of his Office from the Principal Sudder Ameen of that District on the 14th instant.

Mr. F. Skipwith, Officiating Judge of Tipperah, resumed charge of his Office from the Principal Sudder Ameen of that District on the 14th instant.

Mr. F. Stainforth, Officiating Judge of Chittagong, received charge of his Office from Mr. H. T. Raikes on the 12th instant.

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

হেব বর্দ্ধমান মাসের ১৪ তারিখে ঐ জিলার প্রধান সদর আমীনের স্থানে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

ত্রিপুরার একটিং জজ শ্রীযুত এফ স্কিপউইথ সাহেব বর্ত্তমান মাসের ১৪ তারিখে ঐ জিলার প্রধান সদর আমীনের স্থানে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

চাটিগাঁর একটিং জজ শ্রীযুত এফ ষ্টেন্‌ফোর্থ সাহেব বর্ত্তমান মাসের ১২ তারিখে শ্রীযুত এচ টি রেক্‌স সাহেবের স্থানে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন্।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

SALT. নিমক

এস্তেহার দেওয়া যাইতেছে যে নীচেরলিখিত পাঙ্গা নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারাণের উচিত যে ঐ নেমকের রকম মোং সদর ঘাটের গোলার নমুনা দৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদ করেন্ আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের বেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন্ সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখ দর ফি ১০০/ মোন
চট্টগ্রাম আরাকেন পাঙ্গা নেমক	সদর ঘাট	১৮৪৩। ৪৪	মোন ১,০০০০০/	কোং টাকা ৪১২৲

বোর্ড পরমিট নেমক ও আফিম তাং ২৪ জুন সন ১৮৪৪ সাল। এচ টরেন্স। সেক্রেটারী।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

XV. And it is hereby enacted, that the party who shall be declared the purchaser of an Estate at any such public sale as aforesaid, shall be required to deposit immediately, or as soon after the conclusion of the sale *of the Estate* as the Collector may think necessary, either in Cash, Bank of Bengal Notes, or Post Bills, or Government Securities duly indorsed, 25 per cent. on the amount of his bid, and in default of such deposit, the Estate shall, forthwith, be put up again and sold.

XVI. And it is hereby enacted, that the full amount of purchase money shall be made good by the purchaser before sunset of the thirtieth day from that on which the sale of the Estate bought by him took place, reckoning that day as one of

সেই জমীদারী নীলাম হইলে তাহা সিদ্ধ হইবেক না। কিন্তু এই ধারাক্রমে হুকুম হইল যে এইরূপ ক্ষমাকরণের কারণ কালেক্টর সাহেব অথবা কমিস্যনর সাহেব রীতিমত এক রুবকারীতে লিখিবেন। কিন্তু যদ্যপি নীলাম ক্ষমাকরণের ঐ হুকুম কালেক্টর সাহেবের নিকটে পঁহুছনের পূর্ব্বে নীলাম হইয়া গিয়া থাকে তবে কমিস্যনর সাহেব নীলাম ক্ষমার যে হুকুম পাঠাইয়াছিলেন তাহার দ্বারা ঐ নীলাম অসিদ্ধ হইবেক না ইতি।

১২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে কালেক্টর সাহেবের অথবা সরকারহইতে নীলামকরণের ক্ষমতা প্রাপ্ত অন্য কার্য্যকারকের দ্বারা জিলার সদর মোকামে ভূমির রাজস্বের কাছারীতে নীলাম সামান্যতঃ হইবেক কিন্তু যখন ভূমিসম্পর্কীয় ব্যক্তির পক্ষে উপকারক বোধ হয় তখন সদর বোর্ডের সাহেবেরা ঐ কাছারীভিন্ন অন্য কোন স্থানে নীলাম করণের হুকুম দিতে পারেন্ ইতি।

১৩ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্তমতে নীলামের নিরূপিত দিন উপস্থিত হইলে যদ্যপি কালেক্টর সাহেব কি উক্তমত ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারক পীড়া কি পর্ব্ব অথবা অন্য কোন কারণপ্রযুক্ত নীলাম আরম্ভ করিতে না পারেন্ কিম্বা আরম্ভ করিয়া যদ্যপি কোন কারণপ্রযুক্ত তাহা শেষ করিতে না পারেন্ তবে তাহার পর দিবস রবিবার না হইলে অথবা অন্য কোন পর্ব্বনিমিত্তক বন্দের দিন না হইলে পর দিনপর্য্যন্ত ঐ নীলাম বিলম্ব করিতে পারেন্। এবং ঐরূপ বিলম্বকরণের কারণ রুবকারীতে লিখিয়া তাহার নকল রেবিনিউর কমিস্যনর সাহেবের সমীপে পাঠাইবেন ও ঐ বিলম্ব করণের সমাচার ইশ্তিহারনামাতে লেখাইয়া আপন কাছারীতে লট্কাইয়া সকলকে জানাইবেন। এবং এই রূপে যেপর্য্যন্ত ঐ নীলাম আরম্ভ করিতে অথবা তাহা শেষ করিতে না পারেন্ সেইপর্য্যন্ত দিনদিন এ প্রকার কর্ম্ম করিবেন কিন্তু যদি এরূপে নীলাম বিলম্ব না হয় ও তাহা রুবকারীতে না লেখা যায় এবং তাহার সংবাদ না দেওয়া যায় তবে নীলামের উক্তমত নিরূপিত দিবসেই প্রত্যেক নীলাম নিয়ত হইবেক ইতি।

১৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনের ৫ ধারানুসারে নীলামের নিরূপিত দিনে নীলাম একাদিক্রমে হইবেক অর্থাৎ নীলাম করিতে নিশ্চয়হওয়া যে জমীদারী ঐ জিলার তৌজীতে অথবা কালেক্টর সাহেবের কাছারীতে ব্যবহৃত রেজিষ্টরের শেষ নম্বরে থাকে তাহা নীলামে প্রথম ধরা যাইবেক এবং ঐমতে একাদিক্রমে নীলাম হইবেক। এবং ঐ নম্বর অর্থাৎ সংখ্যার ক্রম ব্যতিক্রম করিয়া কোন জমীদারী নীলামে ধরিয়া দিতে কোন কালেক্টর সাহেবের কি উক্তমত ক্ষমতাপন্ন কোন কার্য্যকারকের ক্ষমতা নাহি কিন্তু এই আইনের ১৫ ধারার নিরূপিত বায়নার টাকা দিতে ত্রুটি হইলে কালেক্টর সাহেব সেই নম্বর ব্যতিক্রম করিয়া জমীদারী নীলামে ধরিতে পারেন্ ইতি।

১৫ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্ত মতে জমীদারী নীলাম হইলে যে ব্যক্তি ঐ জমীদারীর খরীদার নির্দ্ধারিত হয় সেই ব্যক্তি তৎক্ষণাৎ অথবা জমীদারীর নীলাম শেষহওনের পর কালেক্টর সাহেব যত শীঘ্র আবশ্যক বোধ করেন্ তাহার মধ্যে আপন ডাকের সংখ্যার চতুর্থাংশ টাকা নগদ কি বাঙ্গাল ব্যাঙ্ক নোট অথবা ঐ ব্যাঙ্কের পোষ্ট বিল কিম্বা দাঁড়ামত দস্তখৎকরা কোম্পানির প্রোমিসরি নোট বায়নাস্বরূপ দিবেক এবং ঐ বায়নার টাকা না দিলে ঐ জমীদারী তৎক্ষণাৎ নীলামে ধরা গিয়া বিক্রয় হইবেক ইতি।

১৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ক্রেতা যে দিবসে জমীদারী খরীদ করে সেই দিবসের পর ত্রিংশত্তম দিন সূর্য্যাস্তের পূর্ব্বে তাহার মূল্যের সমুদয় টাকা ঐ খরীদারের দিতে হইবেক। এবং যে দিবসে নীলাম হইয়া থাকে তাহা ঐ ত্রিংশত্তম দিনের এক দিন গণ্য হই-

the thirty; or if the thirtieth day be a Sunday or other close holiday, then on the first office day after the thirtieth: and in default of payment within the prescribed period as aforesaid, then and afterwards as often as such default shall occur, the deposit shall be forfeited to Government, the Estate shall be re-sold, and the defaulting purchaser shall forfeit all claim to the Estate, or to any part of the sum for which it may subsequently be sold; and in the event of the proceeds of the sale which may be eventually consummated being less than the price bid by the defaulting bidder aforesaid, the difference shall be leviable from him by any process authorized for realizing an arrear of public Revenue, and it shall be so levied and credited to the defaulting Proprietor of the Estate sold; and if default of payment of purchase money shall have occurred more than once, the defaulting bidders shall be held jointly and severally responsible for such difference to the extent of the amount of their respective bids. Provided always, that every such re-sale shall be made after notification *in the form* prescribed by Section V. of this Act. *Provided also that no payment or tender of payment of the arrear for which the Estate was first sold shall bar a re-sale under this Section.*

[Section XVIII. of the present Act]

XVII. And it is hereby enacted, that it shall be lawful for the Commissioner of Revenue to receive an appeal against any sale made under this Act if preferred to him on or before the fifteenth day from the date of sale, reckoning as in Section XVI. or if preferred to the Collector for transmission to the Commissioner on or before the tenth day from the day of sale, and not otherwise: and the Commissioner shall be competent in evey case of appeal so preferred, to annul any sale of an Estate made under this Act, which shall appear to him not to have been conducted according to the provisions of this Act, awarding at the same time to the purchaser a payment from the Proprietor of any moderate compensation for his loss, if the sale shall have been occasioned by neglect of the Proprietor, such compensation not to exceed interest, at the current rate of Government Securities, on the amount of deposit or balance of purchase money during the period of its being retained in the Collector's Office, and the order of the Commissioner shall, in such cases, be final.

[Section XIX of the present Act]

XVIII. And it is hereby enacted, that it shall be competent to the Commissioner of Revenue on the ground of hardship or injustice to suspend the passing of final orders in any case of appeal from a sale, and to represent the case to the Sudder Board of Revenue, who, if they see cause, may recommend to the Local Government to annul the sale; and the Local Government in any such case, may annul the sale and cause the Estate to be restored to the

বেক। যদি ঐ ত্রিংশত্তম দিবস রবিবার বা অন্য কোন পর্ব্বনিমিত্তক বন্দের দিন হয় তবে ত্রিংশত্তম দিবসের পর যে প্রথম দিবসে কাছারীতে কার্য্য হয় সেই দিবসে সমুদয় টাকা দিতে হইবেক। এবং যদি পূর্ব্বোক্তমতে নিরূপিত দিবসে টাকা দিতে ত্রুটি করে তবে সেই সময়ে এবং তৎপরে যতবার ত্রুটি হয় ততবার বায়নার টাকা সরকারে দণ্ডস্বরূপ লওয়া যাইবেক এবং ঐ জমীদারী পুনর্ব্বার নীলাম হইবেক এবং ত্রুটিকারী ক্রেতার ঐ জমীদারীর উপর অথবা পশ্চাৎ তাহা যত টাকায় বিক্রয় হয় তাহার কোন অংশের উপর কোন দাওয়া থাকিবেক না। এবং যে নীলাম শেষে সিদ্ধ হয় তাহাতে যদ্যপি পূর্ব্বোক্ত ত্রুটিকারী ডাকনিয়া যে মূল্যে ডাকিয়াছিল তাহাহইতে কম মূল্য হয় তবে যত কম হয় তাহা সরকারী মালগুজারী আদায়ের নিমিত্ত যে২ হুকুম নির্দ্দিষ্ট আছে তাহার কোন এক হুকুমমতে তাহার স্থানে আদায় হইবেক এবং ঐ টাকা সেইরূপে আদায় হইয়া বিক্রয়হওয়া জমীদারীর বাকীদার মালিকের নামে জমা হইবেক এবং যদি এক বারের অধিক খরীদের টাকা দেওনে ত্রুটি হয় তবে ত্রুটিকারি ডাকনিয়ারা প্রত্যেক জন যত ডাকিয়াছিল তাহার সংখ্যাপর্য্যন্ত ঐ কমী টাকার বিষয়ে তাহারা সাধারণে এবং একে২ দায়ী হইবেক। কিন্তু এইরূপ যতবার পুনর্নীলাম হয় ততবার এই আইনের ৫ ধারার নিরূপিত প্রকার এত্তেলা হইলে পর ঐ নীলাম করা যাইবেক। কিন্তু যে বাকী টাকার নিমিত্ত জমীদারী প্রথম নীলাম হইয়াছিল সেই বাকী টাকা দেওয়া গেলে বা দেওনের প্রস্তাব হইলে এই ধারানুসারে ঐ জমীদারী পুনর্নীলাম হওনের ব্যাঘাত হইবেক না ইতি।

[চলিত আইনের ১৮ ধারার সমান।]

১৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনানুসারে যে কোন নীলাম হয় তাহার উপর আপীল যদি রাজস্বের কমিস্যনর সাহেবের নিকটে ১৬ ধারার অনুসারে হিসাব করিয়া নীলামের তারিখঅবধি পঞ্চদশ দিবসে বা তাহার পূর্ব্বে করা যায় অথবা যদ্যপি কমিস্যনর সাহেবের নিকটে প্রেরণহওনের নিমিত্ত নীলামের দিবসের পর দশম দিবসে বা তাহার পূর্ব্বে কালেক্টর সাহেবের নিকটে করা যায় তবে রাজস্বের কমিস্যনর সাহেব ঐ আপীল লইতে পারেন্ নতুবা লইতে পারেন্ না। এবং এইরূপে আপীল হইলে যদি কমিস্যনর সাহেব বোধ করেন্ যে এই আইনানুসারে হওয়া কোন জমীদারীর নীলাম এই আইনের বিধিমতে নির্ব্বাহ হয় নাহি তবে সেই নীলাম রদ করিতে পারেন্ এবং যদি ভূম্যধিকারির ত্রুটিপ্রযুক্ত নীলাম হইয়া থাকে তবে খরীদারের ক্ষতিপূরণের নিমিত্ত তাহারে উপযুক্ত টাকা দিতে ভূম্যধিকারিকে হুকুম দিবেন। ঐ ক্ষতিপূরণের টাকা কালেক্টর সাহেবের কাছারীতে যে আমানতী টাকা কিম্বা খরীদের অবশিষ্ট টাকা যত কাল গচ্ছিত ছিল তাহার উপর গবর্ণমেণ্টের চলিত প্রোমিসরি নোটের সুদ অপেক্ষা অধিক হইবেক না। এবং এই মত গতিকে কমিস্যনর সাহেবের হুকুম চূড়ান্ত হইবেক ইতি।

[চলিত আইনের ১৯ ধারার সমান।]

১৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে রাজস্বের কমিস্যনর সাহেব যদ্যপি এইমত বোধ করেন্ যে নীলাম করণেতে অতিকঠিন ব্যবহার বা অন্যায় হইয়াছে তবে আপীলের চূড়ান্ত হুকুম দেওয়া স্থগিত রাখিতে পারেন এবং সেই বিষয় সদর বোর্ড রেবিনিউর সাহেবদিগকে জানাইতে পারেন্ এবং তাঁহারা উপযুক্ত কারণ দেখিলে তথাকার গবর্ণমেণ্টকে নীলাম অন্যথা করিতে পরামর্শ দিতে পারেন্ এবং তথাকার গবর্ণমেণ্ট এমত গতিকে ঐ নীলাম রহিত করিতে এবং যে নিয়ম তাঁহার যথার্থ

Proprietor on such conditions as may appear equitable and proper.

XIX. And it is hereby enacted, that all sales of which the purchase money has been paid up as prescribed in Section XVI. of this Act, and against which no appeal shall have been preferred, shall be final and conclusive at noon of the thirtieth day from the day of sale, reckoning the said day of sale as the first of the said thirty days. And sales against which an appeal may have been preferred, and the appeal dismissed by the Commissioner, shall be final and conclusive from the date of such dismissal, if more than thirty days from the day of sale, or if less, then at noon of the thirtieth day as above provided.

[Section XX of the present Act.]

XX. And it is hereby enacted, that immediately upon a sale becoming final and conclusive, the Collector or other officer as aforesaid, shall give to the purchaser a Certificate of Title in the following form :

[Section XXI. of the present Act.]

I certify that A. B. has purchased at Public Auction under Act Mehal C, and that his purchase has taken effect on and since the — day of — — (being the date *of the day after that fixed for the last day of payment.*)

(Signed) D. E. *Collector.*

And the said certificate shall be deemed in any Court of Justice sufficient evidence of the title to the Estate sold being vested in the person or persons named from the date specified : and the Collector shall also notify such transfer by written proclamation in his own Cutcherry, and in those of the Moonsiff and Daregah of the jurisdictions within which any part of the Estate sold shall be situated, and also at the Cutcherry of the Malgoozar of the Estate, or on some conspicuous place on the Estate ; and shall apply the purchase money first to the liquidation of all arrears due upon the *fixed day of payment* ; and secondly, to the liquidation of all outstanding demands debited to the Muhal in the Public accounts of the District, holding the residue, if any, in deposit on account of the late recorded Proprietor or Proprietors of the Estate sold, to be paid to their receipt on demand in the manner following : to wit, in shares proportioned to their recorded interest in the estate sold, if such distinction of shares were recorded, or if not, then as an aggregate sum to the whole body of proprietors upon their joint receipt. Povided that, if prior to payment of any surplus that may remain of the purchase money after liquidation of all Government arrears and dues to the Proprietor of the Estate sold, or his representative, the same may be claimed by creditors in satisfaction of debts due by him to them, or by any one creditor, such surplus shall not be payable to any such claimant, nor shall it be withheld from the Proprietor by attachment, except under precept,

ও উচিত বোধ হয় সেই নিয়মে ঐ জমীদারী মালিককে ফিরিয়া দেওয়াইতে পারেন্ ইতি।

[চলিত আইনের ২০ ধারার সমান।]

১৯ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে যে সকল নীলামের খরীদের টাকা এই আইনের ১৬ ধারার নিরূপিতমতে দেওয়া গিয়াছে এবং তাহার উপর আপীলের কোন প্রস্তাব হয় নাই সেই সকল নীলাম নীলামের দিবসের পর ত্রিংশত্তম দিবস দুই প্রহরের সময়ে চূড়ান্ত ও সিদ্ধ হইবেক। ঐ নীলামের দিবস ত্রিংশত্তম দিবসের প্রথম দিবস গণ্য হইবেক। এবং যে নীলামের উপর আপীল হইয়াছে এবং ঐ আপীল কমিস্যনর সাহেবের দ্বারা ডিসমিস হইয়াছে যদি নীলামের দিবসের পর ত্রিশ দিবসের অধিক হইলে তাহা ডিসমিস হয় তবে ঐ ডিসমিসের তারিখঅবধি তাহা চূড়ান্ত ও সিদ্ধ হইবেক এবং যদি ত্রিশ দিবসের কমে ডিসমিস হয় তবে পূর্ব্বোক্তমতে ত্রিংশত্তম দিবস দুই প্রহরের সময়ে তাহা চূড়ান্ত ও সিদ্ধ হইবেক ইতি।

[চলিত আইনের ২১ ধারার সমান।]

২০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে কোন নীলাম চূড়ান্ত এবং সিদ্ধ হইবামাত্র কালেক্টর সাহেব অথবা কালেক্টর সাহেবের ক্ষমতাপন্ন অন্য কোন কার্য্যকারক নীচের লিখিত পাঠানুসারে ক্রেতাকে অধিকারের সর্টিফিকট অর্থাৎ নিদর্শনপত্র দিবেন।

আমি অমুক জ্ঞাপন করি যে অমুক ব্যক্তি অমুক আইনক্রমে অমুক মহাল নীলামে খরীদ করিয়াছে এবং তাহার খরীদ অমুক মাসের অমুক তারিখঅবধি আমলে আসিবেক।—(অর্থাৎ টাকা দেওনের যে শেষ দিবস নিরূপণ হয় সেই দিবসের পর দিবসে।)

অমুক কালেক্টর।

এবং ঐ নির্দ্দিষ্ট তারিখঅবধি নিদর্শনপত্রের লিখিত ব্যক্তি বা ব্যক্তিরদের বিক্রয়হওয়া জমীদারীতে অধিকার হইয়াছে ইহার প্রচুর প্রমাণ সকল আদালতে উক্ত নিদর্শনপত্র জ্ঞান হইবেক। এবং কালেক্টর সাহেব ঐ জমীদারী খারিজ দাখিলহওনের কার্য্য এক লিখিত ইশ্তিহারের দ্বারা আপনার কাছারীতে এবং যে মুনসেফ ও দারোগার এলাকার মধ্যে বিক্রয়হওয়া জমীদারীর কোন ভাগ থাকে তাঁহারদের কাছারীতে এবং জমীদারীর মালগুজারের কাছারীতে অথবা জমীদারীতে সকল লোকের দৃষ্টিগোচর কোন স্থানে প্রকাশ করিবেন। এবং মালগুজারী দাখিল করিবার নিরূপিত দিবসে যে সকল টাকা বাকী ছিল তাহা খরীদের টাকা লইয়া পরিশোধ করিবেন অথবা যদি পুনর্নীলামের দ্বারা ঐ নীলাম শেষে সম্পন্ন হয় তবে প্রথম নীলামের দিবসে যে টাকা বাকী ছিল তাহা পরিশোধ করিবেন। দ্বিতীয়তঃ ঐ জিলার সরকারী হিসাবে ঐ মহালের নামে যে সকল পাওনা লেখা থাকে তাহা পরিশোধ করিবেন। যদি কিছু টাকা অবশিষ্ট থাকে তবে তাহা বিক্রীত জমীদারীর রেজিষ্টরীহওয়া সাবেক মালিকের কি মালিকেরদের নামে আমানৎ রাখিবেন ও তাহারা দাওয়া করিলে তাহারদের রসীদদৃষ্টে নীচের লিখিতমতে ঐ টাকা দিবেন অর্থাৎ যদ্যপি বিক্রীত জমীদারীর অংশ ভিন্ন২ লেখা গিয়া থাকে তবে ঐ লিখিত অংশমতে তাহারদিগকে টাকা দিবেন কিন্তু যদ্যপি তাহার প্রত্যেক অংশ ভিন্নরূপে না লেখা গিয়া থাকে তবে তাহারদের সকলের দস্তখৎকরা একি রসীদদৃষ্টে মোট টাকা সমস্ত ভূম্যধিকারিকে দিবেন। কিন্তু সরকারের সমস্ত বাকী এবং পাওনা পরিশোধকরণের পর যদ্যপি খরীদের টাকার অবশিষ্ট যাহা থাকে তাহা বিক্রয়হওয়া মহালের মালিককে অথবা তাহার প্রতিনিধিকে দেওনের পূর্ব্বে মহাজনেরা অথবা কোন এক মহাজন ঐ মালিকের স্থানে আপনার পাওনা আছে বলিয়া তাহার দাওয়া করে তবে প্রিসেপ্ট অর্থাৎ আদালতের হুকুমভিন্ন এবং ঐ কর্জের বিষয়ে আদাল-

and in satisfaction of decrees of Court for such debts. And if the balance of purchase money have in any such case been paid away in liquidation of the Proprietor's just debts by order of any Court, and a decree shall afterwards pass for annulling the sale, the Proprietor shall not be restored to possession until the amount so paid away be returned by him with interest.

[Section XXII. of the present Act]

XXI. And it is hereby enacted, that any suit brought to oust the certified purchaser as aforesaid, on the ground that the purchase was made on behalf of another person, not the certified purchaser, though by agreement the name of the certified purchaser was used, shall be dismissed with costs.

[Section XXIII. of the present Act]

XXII. And it is hereby enacted, that the annulment of a sale by a Commissioner shall be publicly notified by the Collector or other Officer as aforesaid in the same manner as the becoming final and conclusive of sales is required to be notified by Section XX. of this Act, and the amount of deposit and balance of purchase money shall be forthwith returned to the purchaser, with interest thereon, at the highest rate of the current Public Securities, from the dates on which they were respectively paid in, to the date on which the refund is actually made.

[Section XXIV. of the present Act.]

XXIII. And it is hereby enacted, that the party certified as the proprietor of an Estate by purchase at public sale for the recovery of arrears of Revenue shall be answerable for all instalments of the Revenue of Government which may fall due subsequently to the *fixed* day of *payment aforesaid*.

[Section XXV. of the present Act.]

XXIV. And it is hereby enacted, that no sale for arrears of Revenue or other demands realizable in the same manner, made after the taking effect of this Act, shall be set aside by a Court of Justice except upon the ground of its having been made contrary to the provisions of this Act: And except the contravention thereto shall have been declared and specified in an appeal made to the Commissioner under Section XVII. of this Act, and except the action in the Civil Court be instituted within one year, from the date of the sale becoming final and conclusive as provided in Section XIX. of this Act: And no person shall be entitled to contest the legality of a sale after having received any portion of the purchase money: Provided, however, and it is hereby enacted, that nothing in this Act contained shall be construed to debar any person considering himself wronged by any Act or circumstance connected with a sale under this Act, from his remedy in a personal action for damages against the individual

তের ডিক্রী জারীকরণভিন্ন ঐ অবশিষ্ট টাকা ঐ দাওয়াদারকে দেওয়া যাইবেক না এবং ক্রোককরণপূর্ব্বক তাহা ঐ ভূম্যধিকারিকে দিতে আটক হইবেক না। এবং যদ্যপি ঐ খরীদের অবশিষ্ট টাকা উক্ত কোন গতিকে আদালতের আজ্ঞাক্রমে ভূম্যধিকারির যথার্থ দেনা পরিশোধের কারণ দেওয়া গিয়া থাকে এবং যদি তাহার পর ঐ নীলাম অন্যথাকরণের ডিক্রী হয় তবে এইরূপ দেওয়া টাকা ভূম্যধিকারী যেপর্য্যন্ত সুদসমেত ফিরিয়া না দেয় সেইপর্য্যন্ত সে আপনার ঐ ভূমির দখল পাইবেক না ইতি।

[চলিত আইনের ২২ ধারার সমান।]

২১ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্ত মত সর্টিফিকটপ্রাপ্ত খরীদারকে বেদখল করিবার নিমিত্ত যদি এই বাবতে নালিশ করা যায় যে ঐ সর্টিফিকটপ্রাপ্ত খরীদার ভিন্ন অন্য ব্যক্তির নিমিত্ত জমীদারী খরীদ হইয়াছিল কিন্তু আপোসের দ্বারা ঐ সর্টিফিকটপ্রাপ্ত ব্যক্তির নামে দেওয়া গিয়াছিল তবে খরচাসমেত নালিশ ডিসমিস হইবেক ইতি।

[চলিত আইনের ২৩ ধারার সমান।]

২২ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে কমিস্যনর সাহেব যদ্যপি নীলাম অসিদ্ধ করেন্ তবে এই আইনের ২০ ধারায় যেরূপ নীলাম সিদ্ধ ও চূড়ান্তহওনের সংবাদ দিতে হুকুম আছে সেইরূপ কালেক্টর সাহেব কি উপরের উক্তমত ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারক অসিদ্ধ হওনের সংবাদ সর্ব্বত্র দিবেন। এবং খরীদার যে বায়নার টাকা দাখিল করিয়াছিল ও খরীদের যে অবশিষ্ট টাকা দিয়াছিল তাহা তৎক্ষণাৎ তাহাকে ফিরিয়া দেওয়া যাইবেক এবং ঐ টাকা দাখিলকরণের তারিখঅবধি তাহা ফিরিয়া দেওনের তারিখপর্য্যন্ত গবর্ণমেণ্টের চলিত প্রোমিসরি নোটের সকলহইতে উচ্চ সুদের হারানুসারে তাহাকে সুদ দেওয়া যাইবেক ইতি।

[চলিত আইনের ২৪ ধারার সমান।]

২৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে মালগুজারীর বাকী আদায়ের নিমিত্ত নীলামহওয়া জমীদারী যে ব্যক্তি খরীদ করিয়া মালিকীয় সর্টিফিকট পাইয়াছে সে ব্যক্তি টাকা দেওনের পূর্ব্বোক্তমতে নিরূপিত দিবসের পর সরকারী মালগুজারীর যে সকল কিস্তী দেয় হয় তাহার দায়ী হইবেক ইতি।

[চলিত আইনের ২৫ ধারার সমান।]

২৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইন জারী হওনের পর মালগুজারীর বাকীর নিমিত্ত অথবা অন্য যে কোন দাওয়া তাহার ন্যায় আদায় হইতে পারে তাহার নিমিত্ত যে নীলাম হয় তাহা কেবল এই হেতুতে কোন আদালতে অন্যথা হইতে পারে যে এ আইনের বিধির বিরুদ্ধ নীলাম হইয়াছিল। এবং যদি ঐ বিরুদ্ধ কর্ম্ম এই আইনের ১৭ ধারাক্রমে কমিস্যনর সাহেবের নিকটে করা আপীলেতে বিশেষরূপে লেখা ও নির্দ্দিষ্ট না হইয়াছিল এবং এই আইনের ১৯ ধারার নির্দ্দিষ্ট প্রকারে যদি নীলাম চূড়ান্ত ও সিদ্ধ হওনের তারিখঅবধি এক বৎসরের মধ্যে মোকদ্দমা দেওয়ানী আদালতে উপস্থিত না হয় তবে কোন দেওয়ানী আদালত নীলাম অসিদ্ধ করিতে পারেন্ না। এবং কোন ব্যক্তি খরীদের টাকাহইতে কিছু টাকা গ্রহণ করিলে পর নীলাম বেআইনী হইয়াছে বলিয়া নালিশ করিতে পারিবেক না। এবং আরো এই ধারাক্রমে হুকুম হইল যে এই আইনের কোন ভাগের এমত অর্থ করিতে হইবেক না যে এই আইনক্রমে হওয়া নীলামঘটিত কোন কার্য্যে বা ব্যাপারে যদি কোন ব্যক্তি আপনাকে অন্যায়গ্রস্ত বোধ করে তবে যে ব্যক্তির কার্য্যেতে অথবা ত্রুটিতে আপনাকে ক্ষতিগ্রস্ত জ্ঞান করে সেই ব্যক্তির নামে ক্ষতিপূরণের দা-

by whose act or omission he considers himself to have been wronged.

XXV. And it is hereby enacted, that in the event of a sale being reversed by a final decree of a Court of Justice, the purchase money shall be refunded to the purchaser by Government, together with interest at the highest rate of the current Public Securities.

[Section XXVI. of the present Act.]

XXVI. And it is hereby enacted, that the purchaser of an Estate sold under this Act, for the recovery of arrears due on account of the same, in the permanently settled Districts of Bengal, Behar, Orissa and Benares, shall acquire the Estate free from all encumbrances which may have been imposed upon it after the time of settlement, and shall be entitled, after notice given under Section X. Regulation V. 1812, to enhance at discretion, (any thing in the existing Regulations to the contrary notwithstanding) the rents of all under-tenures in the said Estate, and to eject all tenants thereof, with the following exceptions :

[Section XXVII. of the present Act.]

First. Tenures which were held as Istemraree or Mocurreree at a fixed rent, more than 12 years before the permanent settlement.

Secondly. Tenures existing at the time of the Decennial Settlement, which have not been, or may not be, proved to be liable to increase of assessment on the grounds stated in Section LI. Regulation VIII. of 1793.

Thirdly. Lands held by Khood Kasht or Kudeemee Ryotts having rights of occupancy at fixed rents, or at rents assessable according to fixed rules under the Regulations in force.

Fourthly. Lands held under bonâ fide leases, at fair rents, temporary or perpetual, for the erection of dwelling houses, or manufactories, or for mines, gardens, tanks, canals, places of worship, burying grounds, clearing of jungle, or like beneficial purposes, such lands continuing to be used for the purposes specified in the leases.

Fifthly. Farms granted in good faith at fair rents and for specified areas by a former Proprietor for terms not exceeding twenty years, under written leases, registered within a month from their date, provided that a written notice, specifying full particulars of the position, rent and area of the lands, the terms of the lease, and the names of the parties, shall at the same time be given by the latter to the Collector in every case, and the Collector shall be at liberty to object to the same i the event of his seeing reason to believe that the security of the Public Revenue will be materially affected thereby. The exception declared in this Clause shall not extend to leases objected to by the Collector, by a notification to be fixed up in his Office, with the sanction of the Commissioner, within three months of the date of the notice so made to him by the parties. Provided also, that a purchaser of an Estate at a sale for arrears of Revenue shall be at liberty

ওয়ায় নালিশ করণের দ্বারা প্রতিকারের চেষ্টা করিতে নিষেধ হইল ইতি।

[চলিত আইনের ২৬ ধারার সমান।]

২৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে কোন নীলাম আদালতের চূড়ান্ত ডিক্রীক্রমে অসিদ্ধ হইলে খরীদের টাকা এবং গবর্ণমেণ্টের চলিত প্রোমিসরি নোটের সকলহইতে উচ্চ সুদের হারানুসারে সুদ খরীদারকে সরকারহইতে ফিরিয়া দেওয়া যাইবেক ইতি।

[চলিত আইনের ২৭ ধারার সমান।]

২৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে বাঙ্গালা ও বেহার ও উড়িষ্যার এবং বারাণসের ইস্তমরারী জমা ধার্য্যহওয়া জিলার কোন জমীদারীতে মালগুজারী বাকী পড়িলে ঐ বাকী আদায়ের নিমিত্ত এই আইনক্রমে বিক্রয়হওয়া ঐ জমীদারী যে ব্যক্তি খরীদ করে সে ব্যক্তি বন্দোবস্তের সময়ের পর ঐ জমীদারীতে যে সকল দায় সংযোগ করা গিয়া থাকে সে সকল রহিত হইয়া জমীদারী পাইবেক এবং ১৮১২ সালের ৫ আইনের ১০ ধারার নির্দ্দিষ্ট এত্তেলা দিলে পর আপন ইচ্ছাক্রমে নীচের লিখিত বর্জিত বিষয়ব্যতিরেকে ঐ জমীদারীর সমস্ত পাট্টাদার প্রজারদিগের খাজানা বৃদ্ধি করিতে পারে এবং সমস্ত রাইয়তকে উঠাইয়া দিতে পারে এবং চলিত আইনের মধ্যে ইহার বিরুদ্ধ কিছু থাকিলেও প্রতিবন্ধক হইবেক না।

প্রথম। ইস্তমরারী বন্দোবস্তহওনের ১২ বৎসরের অধিক পূর্ব্বে যে ভূমি ইস্তমরারী কি মোকররী পাট্টাক্রমে নির্দ্ধারিত খাজানাতে দেওয়া গিয়াছিল তাহা।

দ্বিতীয়। দশসনী বন্দোবস্তের সময়ের বর্ত্তমান যে পাট্টার বিষয়ে এমত প্রমাণ দেওয়া যায় নাহি অথবা দেওয়া যাইতে পারে না যে ইঙ্গরেজী ১৭৯৩ সালের ৮ আইনের ৫১ ধারার লিখিত হেতুপ্রযুক্ত বেশী খাজানার যোগ্য সে পাট্টা।

তৃতীয়। যেং খোদকস্তা অথবা কদিমী রাইয়তেরদের নিশ্চিত খাজানায় অথবা চলিত আইনের নিশ্চিত বিধানানুসারে যে খাজানা নিরূপণ হইতে পারে এইমত খাজানায় ভোগদখলকরণের অধিকার আছে তাহারদের ভূমি।

চতুর্থ। যেং ভূমি বসতবাটী বা কারখানা নির্ম্মাণের নিমিত্ত অথবা খাদ্যকলাপ্রভৃতি আকরের নিমিত্ত কিম্বা বাগান কি পুষ্করিণী অথবা খোদা খাল কি ঈশ্বরের আরাধনার স্থান কি গোরস্থানের নিমিত্ত কি জঙ্গল কাটিবার নিমিত্ত বা অন্যং সেইরূপ উপকারক কার্য্যের নিমিত্ত প্রকৃতার্থে মিয়াদী বা চির কালের পাট্টাক্রমে উপযুক্ত খাজানায় দেওয়া গিয়া পাট্টার নির্দ্দিষ্ট কার্য্যে এইপর্য্যন্ত আসিতেছে সেইং ভূমি।

পঞ্চম। ভূমির সাবেক মালিক নির্দ্দিষ্ট ভূমির যে ইজারা প্রকৃতার্থে ওয়াজীবী খাজানায় ২০ বৎসরের অনধিক মিয়াদে লিখিত পাট্টাক্রমে দিয়াছিলেন এবং তাহার তারিখের পর এক মাসের মধ্যে তাহা রেজিষ্টরী হইয়াছিল সেই ইজারা। কিন্তু সেই সময় প্রত্যেক গতিকে ইজারদারেরা কালেক্টর সাহেবকে এক লিখিত এত্তেলা দিবেন এবং তাহাতে ঐ ভূমি যে স্থানে আছে তাহা ও তাহার খাজানা ও তাহার পরিমাণ ও পাট্টার নিয়ম ও ইজারদারেরদের নাম লেখা থাকিবেক। এবং যদ্যপি কালেক্টর সাহেবের এমত বোধ হয় যে ঐ ইজারাতে সরকারী রাজস্বের নিতান্ত ক্ষতি হওনের সম্ভাবনা তবে তিনি তাহার বিষয়ে আপত্তি করিতে পারেন্। এবং কালেক্টর সাহেব ইজারদারের স্থানে সেইরূপ এত্তেলা পাওনের তারিখের পর তিন মাসের মধ্যে কমিস্যনর সাহেবের সম্মতিক্রমে আপনার কাছারীতে এক ইশ্তিহার লট্কাইয়া যে ইজারার বিষয়ে আপনার আপত্তি জানান্ সেই ইজারা এই প্রকরণের দ্বারা বর্জিত হইবেক না। কিন্তু এইরূপ সকল ইজারা লিখিত ও রীতিমত

by suit in Court to set aside all such farms, although the same be underwritten and duly registered leases, and although such notice may have been given as aforesaid, if the same shall not have been granted in good faith at fair rents.

[Section XXVIII. of the present Act.]

XXVII. And it is hereby enacted, that the purchaser of an Estate sold under this Act for the recovery of arrears due on account of the same in Districts other than those mentioned in Section XXVI., shall acquire the Estate free from all encumbrances which may have been imposed upon it after the time of settlement, and shall be competent to avoid and annul all tenures which may have originated with the defaulter or his predecessors, being representatives or assignees of the original engager, as well as all agreements with ryotts or the like, settled or credited by the first engager, or his representatives, subsequently to the last settlement, as well as all tenures which the first engager may, under the conditions of his settlement, have been competent to set aside, alter, or renew, saving always and except bonâ fide leases of ground for the erection of dwelling houses, or buildings, or for offices thereunto belonging, or for gardens, tanks, canals, water courses, or the like purposes, which leases or engagement shall, so long as the land is duly appropriated to such purposes, and the stipulated rent paid, continue in force and effect. Provided, that nothing in this Act contained shall be construed to entitle any purchaser of land at a public sale to demand a higher rate of rent from any persons whose tenure or agreement may be annulled as aforesaid, than was demandable by the former Malgoozar, except in cases in which such persons may have held their lands under engagements, stipulating for a lower rate of rent than would have been justly demandable for the land, in consequence of abatements having been granted by the former Malgoozars from the old established rates by special favor, or for a consideration, or the like, or in cases in which it may be proved that, according to the custom of the Pergunnah, Mouzah, or other local division, such persons are liable to be called upon for any new assessment, or other demand not interdicted by the Regulations of Government.

[Section XXIX. of the present Act.]

XXVIII. And it is hereby enacted, that it shall be competent to the Local Government when it shall seem proper at any time before a sale for arrear shall have been actually made, to direct it to be made, subject to the leases, assignments, or other encumbrances with which a Proprietor in possession, his ancestors, or predecessors may have burthened his assessed Estate, or to such of them as shall appear proper. In all such cases, notice of the condition imposed by the Local Government shall be given by the Collector at the time of calling up the lot for sale, and such further notification shall be made as the Local Government may direct; Pro-

রেজিষ্টরীহওয়া পাট্টাক্রমে দেওয়া গেলেও এবং পূর্ব্বোক্তমতে তাহার বিষয়ে এত্তেলা দেওয়া গেলেও যদ্যপি তাহা প্রকৃতার্থে ওয়াজীবী খাজানায় দেওয়া যায় নাহি তবে মালগুজারীর বাকী আদায়ের নিমিত্ত কোন জমীদারীর খরীদার আদালতে নালিশ করিয়া তাহা অন্যথা করিতে পারে ইতি।

[চলিত আইনের ২৮ ধারার সমান।]

২৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ২৬ ধারার লিখিত জিলাভিন্ন অন্য কোন জিলায় যে জমীদারীর মালগুজারী বাকী পড়িয়াছে তাহা আদায়ের নিমিত্তে এই আইনক্রমে সেই জমীদারী বিক্রয় হইলে তাহার খরীদার বন্দোবস্তের সময়ের পর যে সকল দায় তাহাতে সংযোগ হইয়া থাকে তাহা রহিত হইয়া সেই জমীদারী পাইবেক এবং প্রথমতঃ যে ব্যক্তি বন্দোবস্ত করিয়াছে তাহার স্থলাভিষিক্ত বা লিখনাদির দ্বারা তৎস্বত্বপ্রাপ্ত বাকীদার কিম্বা তাহার পূর্ব্ববর্ত্তি লোক যে২ নিদর্শনপত্রাদি দিয়াছে তাহা এবং শেষ বন্দোবস্তের পরে সেই প্রথম বন্দোবস্তকারী কিম্বা তাহার স্থলাভিষিক্ত লোক প্রজাইত্যাদিরদিগকে যে২ পাট্টা দিয়া থাকে কিম্বা বহাল রাখিয়া থাকে তাহা এবং প্রথম বন্দোবস্তকারী আপন ভূমির বন্দোবস্তের নিয়মানুসারে যে২ পাট্টাইত্যাদি রদ কি মতান্তর করিতে অথবা পুনর্নূতন করিয়া দিতে পারিত তাহা ঐ খরীদার রহিত ও রদ করিতে পারিবেক। কিন্তু বসতবাটী এবং তৎসম্পর্কীয় কার্য্যার্থে অন্য গৃহ কিম্বা বাগান অথবা পুষ্করিণী কি খোদা খাল কিম্বা জলের নালাইত্যাদির নিমিত্তে ভূমির যে২ পাট্টা হইয়া থাকে যাবৎ কাল ঐ ভূমি ঐ২ কার্য্যে আইসে ও তাহার নির্দ্ধারিত খাজানা দেওয়া যায় তাবৎ কাল কখন সেই২ পাট্টা রদ করিতে পারিবেক না। কিন্তু এই আইনের তাৎপর্য্য এমত নহে যে যাহারা ভূমি নীলামে খরীদ করে তাহারা যে পাট্টাদারের পাট্টা বা বন্দোবস্ত উক্তমতে রহিত হয় সেই পাট্টাদার রাইয়তের স্থানে পূর্ব্বের মালগুজার যে খাজানা লইতে পারিত তাহারদের স্থানে তাহার বেশী লইতে পারে কিন্তু যদি ইহা বোধ হয় যে বিশেষ অনুগ্রহপ্রযুক্ত কিম্বা কোন লাভইত্যাদিপ্রযুক্ত পূর্ব্বের মালগুজারেরা পূর্ব্বের নিরূপিত জমার কিছু কমী দেওয়াতে পাট্টাদার প্রজারা ওয়াজীবী জমাহইতে কম জমার পাট্টার অনুসারে ভূমি ভোগ করে কিম্বা এমত প্রমাণ হয় যে ঐ ভূমি যে পরগনার কিম্বা মৌজার কি ভূমির অন্য কিসমতের মধ্যগত হয় তথাকার যে দস্তুর থাকে তদনুসারে সেই পাট্টাদার প্রজাদিগের স্থানে সরকারের আইনের অনিষিদ্ধ কিছু বেশী কিম্বা আর কিছু তলব করা যাইতে পারে তবে বেশী জমা লইতে পারিবেক ইতি।

[চলিত আইনের ২৯ ধারার সমান।]

২৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে স্থানীয় গবর্ণমেণ্ট যখন উপযুক্ত বুঝেন্ মালগুজারীর বাকী আদায়ের নিমিত্তে ভূমি নীলামের পূর্ব্বে কোন সময়ে ঐ ভূমির তৎকালের অধিকারী কিম্বা তাহার পিতৃপিতামহইত্যাদির অথবা তাহার পূর্ব্ববর্ত্তি লোকেরা সেই ভূমিসম্পর্কীয় যে২ পাট্টা কিম্বা হস্তান্তর করণের পত্র দিয়া থাকে কিম্বা ঐ ভূমিতে আর যে কোন দায় সংযোগ করিয়া থাকে সে সমস্ত কিম্বা তাহার মধ্যে যাহা গবর্ণমেণ্ট উপযুক্ত বুঝেন্ তাহা বহাল রাখিয়া নীলাম করিবার হুকুম দিতে পারেন্ যদি ইহা হয় তবে স্থানীয় গবর্ণমেণ্ট ঐ ভূমিতে যে২ নিয়ম বহাল রাখণের হুকুম করেন্ সেই ভূমির লাট নীলামকরণের সময়ে কালেক্টর সাহেব সেই২ নিয়মের কথা সকল লোককে জানাইবেন এবং স্থানীয় গবর্ণমেণ্ট ঐ ভূমির বিষয়ে আর যে২ হুকুম করেন্ তাহাও প্রচার করাইবেন কিন্তু এই প্রকার নিয়ম-

vided, however, that in case the sale so restricted shall not realize an amount equal to the arrear due at the time of sale, or there shall appear ground to apprehend that by reason of the restriction the future realization of the Revenue will be endangered, it shall be competent to the Local Government, at any time before such restricted sale shall have become final and conclusive, in the manner laid down in Section XIX. of this Act, to direct the sale to be cancelled, and a new sale of the Estate to be made without other restrictions than those contained in the exceptions specified in Clauses 1 to 5 of Sec. XXVI. of this Act. If, after the sale has become final and conclusive, occasion should again arise to bring to sale for arrears an Estate purchased with a restriction of the above description, it shall at all times be competent to the Local Government to direct that the *Muhal* shall be sold without any other restriction that those contained in the exceptions specified in Clauses 1 to 5 of Sec. XXVI. of this Act, or with the reservation before reserved. In the former event, should the purchase money realized by the unrestricted sale exceed in a large amount the sum obtained at the restricted sale, it shall further be competent to the Local Government to direct a portion, or the whole of the excess to be paid to persons whose interests having been reserved at the first, shall become void at the second sale.

[Section XXX. of the present Act.]

XXIX. And it is hereby enacted, that excepting Copartners of Estates under Butwarrah who may have saved their shares from sale under Sections 33 and 34, Regulation XIX. 1814, any record or unrecorded Proprietor or Copartner who may purchase in his own name or in the name of another Estate of which he is Proprietor or Copartner; or who by repurchase or otherwise, may recover possession of the said Estate after it has been sold for arrears under this Act; and likewise any purchaser of an Estate sold for other arrears or demands than those accruing upon itself, shall by such purchase acquire the Estate subject to all its encumbrances existing at the time of sale, and shall not acquire any rights in respect to ryotts and under-tenants which were not possessed by the previous Proprietor at the time of the sale of the said Estate.

[Section XXXI. of the present Act.]

XXX. And it is hereby enacted, that arrears of rent which on *the fixed day of payment* may be due to the defaulter from his tenants, shall, in the event of a sale, be recoverable by him after *the said fixed day* by any process except distraint which might have been used by him for that purpose on or before the *said fixed day*.

[Section XXXII. of the present Act.]

XXXI. And it is hereby enacted, that any Collector or Officer exercising the powers of Collector, in respect to sales, shall be competent to pu-

যুক্ত ভূমি নীলামকরণেতে যে টাকা পাওয়া যায় তাহা যদি নীলামের তারিখপর্য্যন্ত ঐ ভূমির উপর মালগুজারীর যত টাকা বাকী হয় তাহার কম হয় কিম্বা সেই ভূমিতে ঐ২ নিয়মযুক্ত থাকিলে উত্তর কালে তাহার রাজস্ব পাওনের ব্যাঘাত হইতে পারিবেক এমত বোধ হয় তবে স্থানীয় গবর্ণমেণ্ট ঐ নিয়মযুক্ত ভূমির নীলাম এই আইনের ১৯ ধারার নিরূপিত প্রকারে চূড়ান্ত ও সিদ্ধহওনের পূর্ব্বে কোন সময়ে ঐ নীলাম রদ করিতে এবং এই আইনের ২৬ ধারার ১।২।৩।৪।৫ প্রকরণের নির্দ্দিষ্ট বর্জ্জিত বিষয়ের নিয়মব্যতিরিক্ত অন্য সকল নিয়ম ছাড়াইয়া পুনর্ব্বার নীলাম করিতে হুকুম দিতে পারেন্ এবং যদি নীলাম চূড়ান্ত ও সিদ্ধহওনের পরে ঐ পূর্ব্বোক্ত নিয়মযুক্ত নীলামকরা ভূমি মালগুজারীর বাকীর নিমিত্তে পুনর্ব্বার নীলামকরণের প্রয়োজন হয় তবে স্থানীয় গবর্ণমেণ্ট সর্ব্বদা হুকুম দিতে পারেন্ যে এই আইনের ২৬ ধারার ১।২।৩।৪।৫ প্রকরণের নির্দ্দিষ্ট বর্জ্জিত বিষয় ব্যতিরেকে অন্য২ নিয়ম বর্জ্জিত করিয়া কিম্বা পূর্ব্বোক্ত নিয়মযুক্ত করিয়া সেই মহাল নীলাম করা যায়। এই দুই কল্পের প্রথম কল্প হইলে ঐ নিয়মবর্জ্জিত নীলামেতে যে মূল্য পাওয়া যায় তাহা যদি নিয়মযুক্ত নীলামেতে পাওয়া মূল্যের টাকাহইতে অনেক অধিক হয় তবে স্থানীয় গবর্ণমেণ্ট ঐ অধিক টাকার কোন অংশ কিম্বা তাহা সমুদয় প্রথম নীলামেতে যাহারদিগের উপস্বত্ব বহাল রাখা গিয়াও দ্বিতীয় নীলামেতে রহিত হইল সেই লোকেরদিগকে দিতে আজ্ঞা করিতে পারেন্ ইতি।

[চলিত আইনের ৩০ ধারার সমান।]

২৯ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে যে জমীদারী বাঁটওয়ারা হইতেছে তাহার যে অংশিরা ১৮১৪ সালের ১৯ আইনের ৩৩ এবং ৩৪ ধারাক্রমে আপনারদের অংশ নীলামহইতে রক্ষা করিয়াছে এমত অংশিভিন্ন যদি কোন রেজিষ্টরীহওয়া বা রেজিষ্টরী না হওয়া ভূম্যধিকারী অথবা শরীক যে জমীদারীর মালিক অথবা শরীক হন তাহা আপন নামে অথবা বিনামে খরীদ করেন্ অথবা এই আইনক্রমে বাকীর নিমিত্ত ঐ জমীদারী নীলামহওনের পর পুনর্ব্বার খরীদের দ্বারা অথবা অন্য প্রকারে তাহার পুনর্ব্বার দখল পান্ সেই ভূম্যধিকারী এবং জমীদারীর উপর যে বাকী পড়িয়াছে বা যে দাওয়া হইয়াছে তাহাছাড়া অন্য বাকী অথবা দাওয়ার নিমিত্ত সেই জমীদারী নীলাম হইলে তাহার খরীদার ঐ খরীদের দ্বারা নীলামের সময়ে জমীদারীর উপর যে সকল দায়সংযোগ হইয়াছিল সেই দায়সমেত তাহা পাইবেন এবং নীলামের সময়ে রাইয়ত এবং পাট্টাদার প্রজাদিগের উপর উক্ত জমীদারীর সাবেক মালিকের যে স্বত্ব ছিল না তিনি এমত স্বত্ব পাইবেন না ইতি।

[চলিত আইনের ৩১ ধারার সমান।]

৩০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে মালগুজারী দাখিল করণের নিরূপিত তারিখে আপন রাইয়তের স্থানে বাকীদারের যে বাকী খাজানা পাওনা থাকে তাহা নিরূপিত দিবসে কি ঐ দিবসের পূর্ব্বে যে কোন রীতিক্রমে আদায় করিয়া থাকেন্ সেই রীতিক্রমে নীলাম হইলে উক্ত নিরূপিত দিবসের পর তিনি আদায় করিতে পারিবেন কেবল ক্রোক করিতে পারেন্ না ইতি।

[চলিত আইনের ৩২ ধারার সমান।]

৩১ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে কোন কালেক্টর সাহেব অথবা নীলামের বিষয়ি কালেক্টর সাহেবের ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারক খোলা কাছারীতে অথবা যে দফ্তরে কোন সময়ে কার্য্য করেন্ তাহাতে আ-

nish any contempt committed in his presence in open Cutcherry or Office for the time being, by fine to an extent not exceeding Co.'s Rs. 200, commutable, if not paid, to imprisonment in the civil jail for a period not exceeding one month; and the Magistrate to whom such an offender may be sent by a Collector as aforesaid, shall carry his sentence into effect. Provided that an appeal from any order passed under this Section shall lie to the Revenue Commissioner, whose decision shall be final.

[Section XXXIII. of the present Act.]

XXXII. And it is hereby enacted, that a default to make good a bid by making the deposit required by Section XV. of this Act shall be held to be a contempt.

[Section XXXIV. of the present Act.]

XXXIII. And it is hereby enacted, that the operation of this Act shall be confined to the Provinces of Bengal, Behar, Orissa and Benares, now subject to the General Regulations, and to the Ceded and Conquered Provinces similarly subject to the General Regulations, under the Government of the Presidencies of Fort William in Bengal, and nothing in this Act contained shall affect land in the Town of Calcutta, or the Settlements of Singapore, Penang or Malacca.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered that the said Draft be reconsidered at the first Meeting of the Legislative Council of India, after the 24th day of October next.

T. R. DAVIDSON,
Offg. Secy. to the Govt. of India.

NOTIFICATION.

APPOINTMENT BY THE SUDDER DEWANNY ADAWLUT.

The 23d August, 1844.

Mazum Hossein, additional Moonsiff of Poree, to be additional Moonsiff of Balasore, Zillah Cuttack.

J. HAWKINS, *Register.*

CIVIL APPOINTMENTS.

No. 1367.

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY-GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 22d August, 1844.

Mr. J. Thornton to act, until further orders, as a Sub-Assistant at Seebsagur to the Commissioner of Assam.

The 27th August, 1844.

Captain W. Rutherford, Collector of Tolls, Calcutta Canals, is vested with the powers of a Magistrate under Section VI. Act No. XXII. of 1836,

পনার সাক্ষাৎ করা কোন অবজ্ঞার ২০০৲ দুই শত টাকার অনধিকপর্য্যন্ত জরীমানা করিতে পারেন্ এবং যদি তাহা না দেওয়া যায় তবে তাহার পরিবর্ত্তে এক মাসের অনধিক কাল দেওয়ানী জেলখানায় অপরাধিকে কয়েদ করিতে পারেন্ এবং পূর্ব্বোক্তমতে কালেক্টর সাহেব যে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে অপরাধিকে পাঠান্ তিনি ঐ দণ্ডের হুকুম জারী করিবেন। কিন্তু এই ধারাক্রমে যে হুকুম হয় তাহার উপর আপীল রাজস্বের কমিস্যনর সাহেবের সমীপে হইতে পারে এবং তাঁহার করা নিষ্পত্তি চূড়ান্ত হইবেক ইতি।

[চলিত আইনের ৩৩ ধারার সমান।]

৩২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনের ১৫ ধারায় যে বায়না করণের দ্বারা ডাক সিদ্ধ করিতে হয় সেই বায়না না দেওয়া আদালতের অবজ্ঞা গণ্য হইবেক ইতি।

[চলিত আইনের ৩৪ ধারার সমান।]

৩৩ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়মের উভয় রাজধানীর গবর্ণমেন্টের অধীনে বাঙ্গলা ও বেহার ও উড়িষ্যা এবং বারাণসের যে দেশ এক্ষণে সাধারণ আইনের অধীন আছে এবং দত্ত ও জয়করা যে দেশ সেইরূপে সাধারণ আইনের অধীন আছে কেবল সেই২ দেশে এই আইনের কার্য্য হইবেক এবং এই আইনের লিখিত কোন বিধি শহর কলিকাতা অথবা সিঙ্গাপুর বা পিনাঙ্গ কি মলাকার বসতির ভূমির সঙ্গে সম্পর্ক রাখিবেক না ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্ত প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ২৪ অক্টোবর তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম যে বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

টি আর ডেবিডসন
ভারতবর্ষের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।
JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের নিয়োগ।

১৮৪৪ সাল ২৩ আগষ্ট।

জিলা কটকের পুরীর অতিরিক্ত মুনসেফ শ্রীযুত মাজুম হুসেন বালেশ্বরের অতিরিক্ত মুনসেফ হইবেন।

জে হকিন্স। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৩৬৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৪ সাল ২২ আগষ্ট।

অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত জে থর্ণটন সাহেব আসামের শিবসাগরে কমিস্যনর সাহেবের সব-আসিষ্টান্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪৪ সাল ২৭ আগষ্ট।

কলিকাতার খালের মাসুলের কালেক্টর শ্রীযুত কাপ্তান ডবলিউ রথরফোর্ড সাহেব ১৮৩৬ সালের ২২ আইনের ৬ ধারাক্রমে মাজিষ্ট্রেটী ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন এবং ঐ

to be exercised in conformity with the Rules passed on the 1st November of that year.

Narendra Krishna, commonly called Rajah Narendra Kishen, to be a Deputy Magistrate under Act No. XV. of 1843, in Zillah Mymensing.

At the recommendation of the Superintendent of Police in the Lower Provinces, and the Magistrate of Patna, Syed Ahmud Ally, Darogah of the 1st Court Gusht in Patna, is raised from the 3d to the 2d Grade, on a salary of 75 Rupees per mensem.

LEAVE OF ABSENCE.

The 27th August, 1844.

Mr. E. Foaker, Civil Assistant Surgeon of Tipperah, for three months, under Medical Certificate, commencing from the 19th instant, to proceed to Cheera Poonjee for the benefit of his health.

By order of the Honourable the Deputy-Governor of Bengal,

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

No. 1392.

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY-GOVERNOR OF BENGAL.

LEAVE OF ABSENCE.

The 27th August, 1844.

Baboo Permessur Doss, Sub-Assistant Surgeon, attached to the North Western Provinces, for two months, under Medical Certificate, in extension of the leave for three months granted to him on the 29th January last.

Baboo Esserchunder Nye, Sub-Assistant Surgeon of West Burdwan, for three months, under Medical Certificate.

The 29th August, 1844.

Mr. A. Smelt, Civil and Session Judge of Patna, for one month, on private affairs, during the ensuing Dusserah vacation, making over charge of the current duties of his office to Mr. D'Costa, Principal Sudder Ameen of that District.

Captain R. Mathison, Revenue Surveyor in Midnapore and Hooghly, to the date of the Pilot leaving the Ship "Poictiers" at Sea, in extension of the leave granted to him on the 2d instant.

The remaining portion of the leave of absence for two years, granted on the 15th August 1842, to Mr. H. Atherton, Joint Magistrate and Deputy Collector of Pubna, is cancelled from the 23d instant, the date on which he received charge of his office from Mr. F. A. Lushington.

NOTIFICATIONS

The 29th August, 1844.

Mr. H. Atherton, Deputy Collector of Pubna, received charge of his office from Mr. F. A. Lushington on the 23d instant.

The 3rd September, 1844.

Messrs. Hercules Scott, Reginald Thornton, and Donald Ogilvy, appointed by the Honourable the Court of Directors, Members of the Civil Service

বৎসরের ১ নবেম্বর তারিখের জারী হওয়া বিধানমতে ঐ ক্ষমতাক্রমে কার্য্য চালাইবেন।

সামান্যতঃ বিখ্যাত শ্রীযুত রাজা নরেন্দ্রকৃষ্ণ বাহাদুর ১৮৪৩ সালের ১৫ আইনানুসারে জিলা ময়মনসিংহের ডেপুটী মাজিষ্ট্রেট হইবেন।

বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের শ্রীযুত সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব এবং পাটনার শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেবের পরামর্শক্রমে পাটনার পহিলা কোর্ট গস্তের দারোগা শ্রীযুত সৈয়দ আহমদ আলী তৃতীয় শ্রেণীহইতে উঠিয়া দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়া ৭৫৲ টাকা মাহিয়ানা পাইবেন।

ছুটী।

১৮৪৪ সাল ২৭ আগষ্ট।

ত্রিপুরার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ই ফোকর সাহেব স্বীয় স্বাস্থ্যের নিমিত্তে চেরাপুঞ্জিতে গমনার্থ চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ১৯ তারিখ অবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৩৯২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

ছুটী।

১৮৪৪ সাল ২৭ আগষ্ট।

উত্তরপশ্চিম প্রদেশের সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু পরমেশ্বর দাস গত জানুআরি মাসের ২৯ তারিখে যে তিন মাসের ছুটী পান্ তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

পশ্চিম বর্দ্ধমানের সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র নাই চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৪ সাল ২৯ আগষ্ট।

পাটনার সিবিল ও সেশন জজ শ্রীযুত এ স্মেল্ট সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি দশহরার বন্দে এক মাসের ছুটী পাইয়াছেন। এবং আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীন শ্রীযুত ডিকস্টা সাহেবের প্রতি অর্পণ করিবেন।

মেদিনীপুর ও হুগলীর রেবেনিউ সরবেয়র শ্রীযুত কাপ্তান আর মাথিসন সাহেব বর্ত্তমান মাসের ২ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত "পয়তিয়র্স" নামক জাহাজ সমুদ্র পথে যে তারিখে আড়কাটি ছাড়ে সেই তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

পাবনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ আথর্টন সাহেব ১৮৪২ সালের ১৫ আগষ্ট তারিখে যে দুই বৎসরের ছুটী পান্ তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ২৩ তারিখঅবধি রহিত হইল। ঐ তারিখে তিনি আপন কর্ম্মের ভার শ্রীযুত এফ এ লশিংটন সাহেবের স্থানে গ্রহণ করেন্।

বিজ্ঞাপন।

১৮৪৪ সাল ২৯ আগষ্ট।

পাবনার ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ আথর্টন সাহেব বর্ত্তমান মাসের ২৩ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত এফ এ লশিংটন সাহেবের স্থানে গ্রহণ করেন্।

১৮৪৪ সাল ৩ সেপ্টেম্বর।

শ্রীযুত হরকুলীস স্কট সাহেব ও শ্রীযুত রেজিনাল্ড থর্ণটন সাহেব ও শ্রীযুত ডনাল্ড ওগল্বি সাহেব শ্রীযুত অনরবিল কোর্টঅফ ডৈরেক্টস সাহেবেরদের দ্বারা

on the Bengal Establishment, reported their arrival on board the Ship "Seringapatam," which vessel reached Kedgeree on the 31st ultimo.

By Order of the Honourable the Deputy-Governor of Bengal,

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিরিশ্তায় নিযুক্ত হইয়া "শ্রীরঙ্গপাটাম" নামক জাহাজের দ্বারা পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন্। ঐ জাহাজ বর্দ্ধমান মাসের ৩১ তারিখে খাজুরীতে পঁহুছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

SALT. নিমক।

এস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারানের উচিত যে ঐ নেমকের রকম মোং শালিখার গোলার নমুনাদৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদ করেন্ আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের বেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন্ সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখ দর ফি ১০০/ মোন
খোরদা পাঙ্গা	শালিখা	১২৪৯ সাল	মোন ৪০০০০/	কোং টাকা ৪৪৪৲

বোর্ড পরমিট নেমক ও আফিম তাং ২ সেপ্টেম্বর সন ১৮৪৪ সাল। এচ টরেন্স। সেক্রেটারী।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্তিহার।

ইস্তাহারনামা কাছারী কালেক্টরি জিলা ঢাকা জালালপুর এই যে।

১৮৪১ সনের ১২ আইনের ৩ ধারা ও সাহেবান সদর বোর্ডের ঐ সনের ৬ অক্টোবরের বিধিঅনুসারে ও গবর্ণমেণ্ট গেজেটের ১৮৪২ সনের ২২ জানুআরির লিখিত প্রশংসিত সাহেবানের আদেশমতে ১২৫১ সনের কিস্তি আষাঢ় ও শ্রাবণ ও ভাদ্রের বাকী খাজানা যে সকল মহালাতের আদায় না হয় ঐ সকল মহালাত ১৮৪৪ সনের ২৮ সেপ্টেম্বর মোং ১২৫১ সনের ১৪ আশ্বিন এই জিলার কালেক্টরী কাছারীতে বিক্রি হইবেক উক্ত মহালাতের মালগুজারদারানদিগের উচিত যে আপন২ জিম্মার বাকী খাজানা ২৭ সেপ্টেম্বর সূর্য্যাস্তের পূর্ব্বে অথবা তাহার পূর্ব্বে আদায় করে যদি বাকীদারান উক্ত নিয়মমতে বাকী আদায় না করে তবে ঐ বাকী টাকা না লইয়া বাকীর মহালাত নীলাম করা যাইবেক ও খাজানা না লওয়ার আপত্তি গ্রাহ্য হইবেক না আর যে কেহ নীলাম খরিদের বাসনা রাখে ঐ তারিখে হাজির হইয়া খরিদ করে ইতি তারিখ ৬ আগষ্ট সন ১৮৪৪ ইং মোং সন ১২৫১ বাং তারিখ ২৩ শ্রাবণ।

Dacca Collectorate, 6th August, 1844. R. E. CUNLIFFE, *Collector.*

ইস্তাহারনামা কাছারী কালেক্টরী জেলা বর্দ্ধমান মোকাম বাকুণ্ডা।

সন ১৮৪১ সালের ১২ আইনের মর্ম্মানুসারে নীচের লিখিত মহালাতের বাঙ্গলা সন ১২৫১ সালের লাগাদ শ্রাবণ মাসের কিস্তীর বাকী মালগুজারির টাকা আদায় কারণ প্রবল প্রতাপান্বিত শ্রীযুত সাহেবান সদর বোর্ডের সন ১৮৪১ সালের ৬ অক্টোবরের সরক্যুলর চিঠীর আজ্ঞা প্রমাণ সন ১৮৪৪ সালের ২৮ সেপ্টেম্বর বাঙ্গলা সন ১২৫১ সালের ১৪ আশ্বিন শনিবারে দিবা দুই প্রহরের পর জেলা বর্দ্ধমান মোকাম বাকুণ্ডার কালক্টরী কাছারীতে প্রকাশ্যরূপে নম্বরওয়ারি শ্রেণীমত নীলামে বিক্রয় হইবেক নীলামের পূর্ব্ব দিবস সূর্য্যাস্তের পূর্ব্ব সরকারী বাকী দাখিল হইবেক তৎপর নীলামের নিরূপিত দিবসে কোনক্রমে বাকী টাকা দাখিল হইবেক না যেকেহ ইস্তাহারি মহালাত খরিদ করিবার বাসনা রাখহ নির্দ্ধারিত দিবসে জেলা বর্দ্ধমান মোং বাকুণ্ডার কালেক্টরী কাছারীতে হাজির হইয়া খরিদ করিবা নীলাম শেষ হইলে পর মূল্যের টাকার চতুর্থাংশ অর্থাৎ সিকী টাকা নগদ কি বাঙ্গালবেঙ্ক নোট অথবা ঐ বেঙ্কের পোষ্ট বিল কিম্বা দাঁড়ামত দস্তখৎকরা কোম্পানির প্রমিস্সরি নোট বায়নাস্বরূপ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক খরিদারকে নীলামের দিবসাবধি ত্রিংশৎ অর্থাৎ ত্রিশ দিবসের মধ্যে সূর্য্যাস্তের পূর্ব্বে অবশিষ্ট মূল্যের টাকা দিতে হইবেক ইতি সন ১৮৪৪। ১ সেপ্টম্বর বাং সন ১২৫১ সাল তাং ১৮ ভাদ্র।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪৪। ১০ সেপ্টেম্বর।]

নম্বর লাট	নাম পরগনা ও মহাল	জমিদারের ও মালিকের নাম	জমা কোৎ সদর	তায়দাদ রকম যাহা বিক্রী হইবেক	বাকী জমা আগষ্ট মাস ১৮৪৪ সাল শ্রাবণ সন ১২৫১।
		জমিদারী মহালাত।			
৫	নং কুচ্যাকোল	৺ নিমাই সিংহ দখিলকার বীর সিংহ বাবু	৮১৮৪ ।৶৯	মুছলম জমিদারী	১৭৯৯ ।৶৬
৬	নং পচাল	রঘুনাথ মিশ্র	৪০৮ ॥৶ ৯	ঐ	৪১ ॥৬
৭	নং জামতড়া	৺ হরিপ্রসাদ পাঠক দখিলকার কৃষ্ণপ্রসাদ পাঠকদিগর	৬৩৪১৸৶১	ঐ	১১৩ ॥৶১
		বাজেয়াপ্তি মহালাত যাহা মঞ্জুর হইয়া তৌজিভুক্ত হইয়াছে।			
৫৫	নং বাবাসত ॥ মৌজা	৺ জয়গোপাল মিশ্র ও রামলাল মিশ্রদিগর নাবালগের মাতা তারা মণি দেব্যা	২৯৮ ।৶৪	॥ মৌজার হকিয়ৎ	২৭৸৶৬
৬১	নং যমুনাবাঁধ আগাল	খরিদার গুরুদাস হাজরা	১৬৬৶৪	ইজারা হকিয়ৎ	৩১৲
৬২	নং খোদ্দ মাজ্রডিহা	রাজা জয়সিংহ	১৯৩৫৶৬	ঐ	১৯২/১১
৬৪	নং জুনসরা	বাবু বীরসিংহ বাবু রসদী	১৮৫০৶৫	ঐ	৪৬২ ॥০
৬৫	নং বন্দোনহাটী	রাধাকিশোর বসু নাবালগের মাতা রাধামণি দাস্যা	৬৪৫৶৪	ঐ	৫৯৸৶৬
৬৬	নং রাধারমণপুর	চন্দ্রনারায়ণ চক্রবর্ত্তী রসদী	৩০৮ ॥৶৮	ঐ	৭৭ ।০
৬৮	নং বাঙ্গালিচক	কাজী সাএফ আলী	১১৯৲	মুছলম মৌজা	২৮ ।৶৯
৬৯	নং জেমুয়া	শাহা জোনাব আলী	১৩৫৸/০	ঐ	২৮ ॥০
৭০	নং মুড়বা	রমাকান্ত মহাপাত্র ও গদাধর মহাপাত্র	১৬৭৶৪	ঐ	২৮॥৶০
৭১	নং পাএহাটী তরফ গাঙ্গুড়ি	গঙ্গানারায়ণ গোস্বামি দিগর	২৩৭ ।৶৯	ঐ	২১৸৶৬
৭৬	নং রাধাবল্লভপুর	ভবানন্দ ঠাকুরদিগর রসদী	১৬১৸৶৯	ঐ	৩০/১০
Captain J. Munro, Aid-de-Camp to the Governor-General, received charge of the Office of Superintendent of the Affairs of the Mysore Princes on the 28th instant.

Mr. T. Wyatt, Civil and Sessions Judge of Rungpore, resumed charge of his Office on the 23d instant.

The 30th October, 1844.

The following applications for Furloughs of the Season 1844-45 have been received, in addition to those notified on the 25th ultimo, and 10th and 23d instant.

Mr. W. P. Masson,
„ G. P. Leycester,
„ E. Latour.

By Order of the Right Honourable the Governor of Bengal,

F. J. Halliday,
Secy. to the Govt. of Bengal.

No. 1722.

ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 23d October, 1844.

Mohiboollah, Darogah of Thannah Cutwa, in East Burdwan, is raised from the 3d to the 2d grade.

The 30th October, 1844.

Mr. G. Battye and Mr. E. J. C. Richardson — to be Members of the Local Committee of Public Instruction at Bhagulpore.

Baboo Kassissur Mitter, Moonsiff of Sooksaugor in Nuddea, is promoted to the first grade, vice Pundit Dataram.

Moulavie Rochmut Oollah, Moonsiff of Soodharam in Tipperah, is promoted to the first grade vice Moulavie Muzzur Alli retired.

Mr. R. Finney to be Deputy-Collector under Regulation IX. of 1833, in Bullooah.

Mr. C. P. White, to be ditto ditto in Chittagong.

Moulavie Humeedoolla, to be ditto ditto in Bullooah.

Baboo Ramgopaul Roy, to be ditto ditto in Bullooah.

LEAVE OF ABSENCE.

The 23d October, 1844.

The Reverend A. Garstin, Chaplain of Sylhet, for three days, in extension of the leave granted to him on the 1st August last.

The 30th October, 1844.

Mr. W. S. Dickson, Civil Assistant-Surgeon of

বিজ্ঞাপন।

১৮৪৪ সাল ২৮ অক্টোবর।

ভাগলপুরের একটিং সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ সি মেটকাফ সাহেব বর্ত্তমান মাসের ২১ তারিখে আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ মাজেদের প্রতি অর্পণ করেন্।

শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের মুসাহেব শ্রীযুত কাপ্তান জে মনরো সাহেব বর্ত্তমান মাসের ২৮ তারিখে মহীশূরের রাজারদের বিষয়ব্যাপারের এতমামদারী কর্ম্ম গ্রহণ করেন্।

রঙ্গপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত টি ওয়াইয়াট সাহেব বর্ত্তমান মাসের ২৩ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

১৮৪৪ সাল ৩০ অক্টোবর।

১৮৪৪। ৪৫ সালে নিয়মিত ছুটী পাইবার নিমিত্তে দরখাস্তকারী যে সাহেবেরদের নাম গত মাসের ২৫ তারিখে এবং বর্ত্তমান মাসের ১০ ও ২৩ তারিখে প্রকাশ হয় তদতিরিক্ত নীচের লিখিত সাহেবেরা দরখাস্ত করিয়াছেন।

শ্রীযুত ডবলিউ পি মাসন সাহেব।
„ জি পি লেষ্টর সাহেব।
„ ই লাটুর সাহেব।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবর্নর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

১৭২২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৪ সাল ২৩ অক্টোবর।

পূর্ব্ব বর্দ্ধমানের কাঁটওয়া থানার দারোগা শ্রীযুত মহীউল্লা তৃতীয় শ্রেণীহইতে দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন।

১৮৪৪ সাল ৩০ অক্টোবর।

শ্রীযুত জি ডবলিউ বাটী সাহেব ও শ্রীযুত ই জে সি রিচার্ডসন সাহেব ভাগলপুরে বিদ্যাধ্যাপনের লোকেল কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত পণ্ডিত দাতারামের পরিবর্ত্তে নদীয়ার সুখসাগরের মুনসেফ শ্রীযুত বাবু কাশীশ্বর মিত্র প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

শ্রীযুত মৌলবী মজ্‌রালী কর্ম্মে ইস্তাফা দেওয়াতে ত্রিপুরার সুধারামের মুনসেফ শ্রীযুত রহমতুল্লা প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

শ্রীযুত আর ফিনি সাহেব ১৮৩৩ সালের ৯ আইনানুসারে বলুআর ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত সি পি ওয়াইট সাহেব চাটিগাঁর ঐ ঐ হইবেন।

শ্রীযুত মৌলবী হামিদুল্লা বলুআর ঐ ঐ হইবেন।

শ্রীযুত বাবু রামগোপাল রায় বলুআর ঐ ঐ হইবেন।

ছুটী।

১৮৪৪ সাল ২৩ অক্টোবর।

ছিলটের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি এ গার্ষ্টিন সাহেব গত আগষ্ট মাসের ১৩ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত তিন দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৪ সাল ৩০ অক্টোবর।

বালেশ্বরের আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত ডবলিউ এস

Balasore, for twenty days, on private affairs, from the date he may quit his Station.

Mr. J. Denham, Civil Assistant-Surgeon of Behar, for six weeks, on private affairs.

The leave of absence for ten days, granted on the 26th ultimo, to Mr. Crank, Superintendent of the Jessore Salt Chokies, is cancelled at his request.

By Order of the Right Honourable the Governor of Bengal,

F. J. HALLIDAY,

Secy. to the Govt. of Bengal.

ডিকসন সাহেব যে তারিখে আপন কর্ম্মস্থানহইতে গমন করিবেন সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে বিশ দিনের ছুটী পাইয়াছেন।

বেহারের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে ডেনহাম সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

যশোহরের নিমক চৌকীর সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ক্রাঙ্ক সাহেবকে গত মাসের ২৬ তারিখে যে দশ দিনের ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইয়াছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

NOTIFICATION.

The 30th October, 1844.

The Right Honourable the Governor of Bengal, with the concurrence of the Supreme Government of India, has been pleased to determine that from and after the 11th November 1844, the rate of duty to be charged on Salt imported by Sea into any part of the Presidency of Fort William in Bengal, shall be Three Company's Rupees on every Maund of 3,200 Tolahs.

From and after the same date, the whole of the Salt in store at the different Depots, will be available to the public at the following wholesale prices.

Name of Depot.	*Price per* 100 *Maunds.*
Hidgellee.	
Kalinugger,	Rs. 375
Kishennugger,	„ 370
Terropykea,	„ 390
Ramnugger,	„ 360
Tumlook.	
Narainpoor,	„ 385
24-Pergunnahs.	
Narainpoor,	„ 395
Chittagong.	
Sudder Ghat and Doomkhali,	„ 387
Arrakan Salt,	„ 382
Sulkea.	
Cuttack,	„ 413
Khoordah,	„ 419
Balasore,	„ 418
Chilka,	„ 424
Madras Kurkutch, 1st Quality,	„ 365
Madras Kurkutch, 2d Ditto,	„ 362
Madras Kurkutch, 3d Ditto,	„ 360

The Government reserves to itself the power of re-imposing the full amount of duty authorized by law, should circumstances arise to render such a measure necessary; but no alteration whatever will be made either in the duty now fixed on imported Salt, or in the prices to be paid for Salt sold by wholesale on account of Government, before the 1st August 1845.

Collectors of the Land Revenue and all Officers of the Government in fiscal charge of Districts, are hereby directed to make known the substance of this notification, as widely as possible throughout their several jurisdictions.

[*Government Gazette, 5th November*, 1844.]

বিজ্ঞাপন।

১৮৪৪ সাল ৩০ অক্টোবর।

ভারতবর্ষের সুপ্রিম গবর্ণমেণ্টের সম্মতিক্রমে বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর্ সাহেব হুকুম করিয়াছেন যে ১৮৪৪ সালের ১১ নবেম্বর তারিখঅবধি ও তাহার পর বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন কোন স্থানে সমুদ্রপথে নিমকের আমদানী হইলে সেই নিমকের ৩২০০ তোলার ফিমোনের উপর কোং ৩৲ তিন টাকা মাসুল লওয়া যাইবেক।

আরো নানাস্থানের গোলাজাৎ সকল নিমক উক্ত তারিখের পরঅবধি সাধারণ লোকেরদের নিকটে নীচের লিখিত দরে মোটে বিক্রয় হইবেক।

গোলার নাম	১০০৲ মোনের মূল্য
হিজলী।	
কালীনগর	৩৭৫৲ টাকা
কৃষ্ণনগর	৩৭০৲
তেরোপাইক্যা	৩৯০৲
রামনগর	৩৬০৲
তমলুক।	
নারায়ণপুর	৩৮৫৲
২৪ পরগনা।	
নারায়ণপুর	৩৯৫৲
চাটিগাঁ।	
সদর ঘাট ও ডোমখালি	৩৮৭৲
আরাকান নিমক	৩৮২৲
শালিখা।	
কটক	৪১৩৲
খোরদা	৪১৯৲
বালেশ্বর	৪১৮৲
চিলকা	৪২৪৲
মান্দ্রাজ করকচ উত্তম	৩৬৫৲
মান্দ্রাজ করকচ মধ্যম	৩৬২৲
মান্দ্রাজ করকচ অধম	৩৬০৲

কিন্তু গবর্ণমেণ্টের এই ক্ষমতা থাকিল যে উত্তর কালে আবশ্যক হইলে নিমকের উপর আইনে যে সম্পূর্ণ মাসুল নির্দ্দিষ্ট আছে তাহা পুনরায় বসান্। কিন্তু আমদানীহওয়া নিমকের উপর যে মাসুল এক্ষণে নিরূপণ হইল তাহার অথবা গবর্ণমেণ্টের তরফে মোটে বিক্রয়হওয়া নিমকের যে দর উপরে লেখা গেল তাহার কোন ফেরফার ১৮৪৫ সালের ১ আগস্ট তারিখের পূর্ব্বে করা যাইবেক না।

ভূমির রাজস্বের সকল কালেক্টর সাহেবকে এবং সকল জিলার তহসীলের ভারপ্রাপ্ত গবর্ণমেণ্টের সকল কার্য্যকারককে হুকুম দেওয়া যাইতেছে যে তাঁহারা এই বিজ্ঞাপনের মর্ম্ম আপনং এলাকার মধ্যে সাধ্যপর্য্যন্ত প্রচার করেন্।

The Board of Customs, Salt and Opium, will issue the necessary instructions to their subordinates in the Salt and Customs Departments.

By Order of the Right Honourable the Governor of Bengal,

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

পরমিট ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরা নিমক ও পরমিটের সিরিশ্তায় আপনারদের অধীন কার্য্যকারকেরদিগকে এই বিষয়ে আবশ্যকমতে হুকুম দিবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

LAND ADVERTISEMENTS. — ভূমিবিষয়ক ইশ্তিহার।

এস্তাহারনামা কাছারী কালেক্টরী জিলা মুরশিদাবাদ এই যে

অত্র জিলাসংক্রান্ত সরকারের খাস মহাল তুজা ঈশানপুর যাহার মফঃসল জমা ২৩,৫৬০৲ টাকা সন ১২৫২ সালের ১ বৈশাখঅবধি ১০ দশ বৎসর মেয়াদে ইজারা দেওয়া যাইবেক এবং ইজারাদারের লাভ ও মফঃসলের খরচার জন্য শতকরা ২০৲ টাকাঅবধি ২৫৲ টাকাপর্য্যন্ত সরঞ্জামী মিনাহ দেওয়া যাইবেক যে ইজারা লইবেক তাহাকে উত্তম জামিন দিতে হইবেক অথবা জমার অর্দ্ধেক আমানৎ করিতে হইবেক ইজারার দরখাস্ত মুরশিদাবাদের কালেক্টরী কাছারীতে দাখিল হইবেক ইজারার প্রার্থিত ব্যক্তিরদের অন্য যে কোন সমাচার জানা আবশ্যক হইবেক তাহা ঐ কাছারীতে জানিতে পারিবেক ইহা সর্ব্ব সাধারণের জ্ঞাপনার্থে ইস্তাহার দেওয়া গেল ইতি সন ১৮৪৪। ৩১ অক্টোবর মোং সন ১২৫১। তারিখ ১৬ কার্ত্তিক।

Moorshedabad, 31*st October*, 1844.

W. GREY, *Asst. Collr. in Charge.*

INSOLVENT COURT. — যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

NOTICE is hereby given, that by an order of the said Court, the matters of the Petition of Hurrochunder Ghose, Creditor of DOORGAPERSAUD SIRCAR, late of Simlah, in the Town of Calcutta, Merchant and Trader, against whom an adjudication of Insolvency was made and pronounced by this Court, on the 27th day of September last, on the application of the said Hurrochunder Ghose, are appointed to be heard in the said Court on Saturday the 7th day of December next.

The names of the Creditors of the said Doorgapersaud Sircar, appear in a Schedule filed in the Office of the Chief Clerk of the said Court, to which Creditors may refer.

BEDELL, *Insolvent's Attorney.*

Calcutta, November 4, 1844.

NOTICE is hereby given, that by an order of the said Court, the matters of the Schedule of PRANNAUTH BOSE, late of Intally in the Suburbs of Calcutta, lately carrying on business at Puggeaputty, in the Burrabazar, in the Town of Calcutta, Merchant and Trader, but at present residing in the Danish Settlement of Serampore, against whom an adjudication of Insolvency was made and pronounced by the said Court on the 13th day of September last, on the petition of one Kalleepersaud Chowdry, a Creditor of the said Prannauth Bose, under the provisions of the act of Parliament made and passed in the 9th year of the Reign of His late Majesty King George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard on Saturday the 7th day of December next.

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে কলিকাতা নগরের শিমল্যানিবাসি মহাজন ও বাণিজ্যকারী যে

দুর্গাপ্রসাদ সরকার

হরচন্দ্র ঘোষ নামক তাহার এক জন মহাজনের দরখাস্তমতে গত সেপ্টেম্বর মাসের ২৭ তারিখে এই আদালতে যোত্রহীন প্রকাশ হয় সেই দুর্গাপ্রসাদ সরকারের মহাজন উক্ত হরচন্দ্র ঘোষের দরখাস্তের শুননি আগামি ডিসেম্বর মাসের ৭ তারিখ শনিবারে উক্ত আদালতে হইবেক।

উক্ত দুর্গাপ্রসাদ সরকারের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল করা গিয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

ডবলিউ বিডেল। যোত্রহীনের উকীল।

কলিকাতা ১৮৪৪। ৪ নবেম্বর।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বে কলিকাতা নগরের বড়বাজারের পগেয়াপটীর মহাজন ও বাণিজ্যকারি অথচ ঐ কলিকাতা নগরের শহরতলী ইটালি নিবাসি কিন্তু এক্ষণে দেম্মার্কীয়েরদের অধীন শ্রীরামপুরনিবাসি যে

প্রাণনাথ বসু

গত সেপ্টেম্বর মাসের ১৩ তারিখে উক্ত প্রাণনাথ বসুর এক জন মহাজন শ্রীযুত কালীপ্রসাদ চৌধুরীর দরখাস্তমতে ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইন নামক চতুর্থ জর্জ রাজার নবম বৎসরীয় আইনানুসারে যোত্রহীন প্রকাশ হইয়াছেন তাঁহার তফসীলের প্রকাশিত বিষয় আগামি ডিসেম্বর মাসের ৭ তারিখ শনিবারে শুননি হইবেক।

The names of the Creditors of the said PRANNAUTH BOSE, appear in a Schedule filed in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

NATHANIEL HUDSON,
Attorney for the Insolvent.

Calcutta, 2d November, 1844.

উক্ত প্রাণনাথ বসুর মহাজনেরদের নামের তফসীল উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে অতএব যে মহাজনের বাঞ্ছা হয় তাহা দেখিতে পারেন্।

নাথানিয়ল হডসন।
যোত্রহীনের উকীল।

কলিকাতা। ১৮৪৪। ২ নবেম্বর।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

TREATISE ON INHERITANCE, &c.
Just published at the Serampore Press,
IN OCTAVO—PRICE, Co.'s Rs. 6,

A TREATISE ON INHERITANCE, GIFT, WILL, SALE AND MORTGAGE; with an Introduction to the Laws of the Bengal Presidency. By F. E. ELBERLING, Esq. of the Danish Civil Service. Applications for the Work to be made to Messrs. Thacker and Co., St. Andrew's Library; Messrs. Ostell and Lepage, British Library; and Messrs. P. S. D'Rozario and Co., No. 5, Tank Square, Calcutta.

[*Government Gazette, 5th November*, 1844.]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, NOVEMBER 12, 1844.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৪ সাল ১২ নবেম্বর।

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE.

No. 16.

From the Officiating Secretary to the Sudder Board of Revenue to the Commissioner of Revenue for the Division of ———

I am directed by the Sudder Board of Revenue to communicate to you that, under the authority of an order of Government (No. 340,) dated the 29th of April last, you are empowered to sanction refunds of sums credited to Government in all cases where such refunds may be rendered necessary in consequence of any order passed by you within your competency as a Commissioner of Revenue.

(Signed) G. PLOWDEN,
Officiating Secretary.

Fort William, 30th October, 1844.

সদর বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

১৬ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর একটিং সেক্রেটারী সাহেবের পত্র।

সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে তোমাকে জানাইতেছি যে যে সকল টাকা সরকারের নামে জমা হইয়াছে তাহা যদি তোমার করা কোন হুকুমের দ্বারা ফিরিয়া দিবার আবশ্যক হয় এবং রাজস্বের কমিস্যনরী পদোপলক্ষে যদি সেইরূপ হুকুম দিবার ক্ষমতা তোমার থাকে তবে গত আপ্রিল মাসের ২৯ তারিখের ৩৪০ নম্বরী গবর্ণমেণ্টের হুকুমানুসারে তুমি সেই টাকা ফিরিয়া দেওয়াইতে পার।

জি প্লৌডন।
একটিং সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম। ১৮৪৪। ৩০ অকটোবর।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

NOTIFICATION.

An examination will be held on the 1st day of June 1845, in the College of Fort William, for the purpose of filling up existing vacancies in the secondary or Military Class of the Medical College. All candidates will be expected to possess an adequate knowledge of the Hindoostanee Language, to enable them to read and write from dictation, or from a printed work in the Persian or Devnagri character.

All interpreters of Regiments and Battalions will be requested through the Military Department not to grant certificates of qualification to any candidate under the age of fifteen and above that of twenty years, and likewise to reject all who may not pass the prescribed ordeal with a sufficient degree of fluency and facility. Much disappointment

বিজ্ঞাপন।

মেডিকাল কালেজের অন্তঃপাতি দ্বিতীয় অর্থাৎ মিলিটারীসম্পর্কীয় সম্প্রদায়ের কএক পদ শূন্য হইয়াছে অতএব তাহাতে ছাত্র নিযুক্ত করিবার নিমিত্তে ১৮৪৫ সালের জুন মাসের ১ তারিখে ফোর্ট উলিয়ম কালেজে ইম্তিহান হইবেক। পদাকাঙ্ক্ষিরদের হিন্দুস্থানী ভাষায় এমত উপযুক্ত জ্ঞান থাকিবে যে তাহারা ঐ ভাষা পাঠ করিতে পারে এবং কেহ আওড়াইলে তাহা লিখিতে পারে অথবা পারসী কিম্বা দেবনাগর অক্ষরে ছাপাহওয়া কেতাব দেখিয়া লিখিতে পারে।

রেজিমেণ্ট এবং বাটালিয়নের সকল দোভাষি সাহেবের প্রতি হুকুম হইল যে তাঁহারা পনের বৎসরের ন্যূন কি বিশ বৎসরের অধিক বয়স্ক কোন পদাকাঙ্ক্ষিকে যোগ্যতার সর্টিফিকট না দেন এবং যাহারা নিরূপিত পরীক্ষায় উচিতমত এবং অনায়াসে উত্তীর্ণ না হইতে পারে তাহারদিগকে অগ্রাহ্য করেন। ইহার পূর্ব্বে দূর স্থানের যে বালকেরদিগকে সর্টিফিকট দেওয়া গিয়াছিল তাহারা

expense, and inconvenience, have already been experienced by lads from distant stations being furnished with Certificates who were found on examination quite unqualified for admission, and it is with a view to prevent the recurrence of this that the above measure has been adopted.

Candidates for admission will be required to present themselves before the Secretary to the Medical College, at least three days prior to the day of Examination, in order that a proper descriptive Roll may be prepared for transmission to the Examiners of the College of Fort William.

All Students in the Military class are amenable to the Articles of War, and regularly Enlisted as soldiers.

No candidate will be admitted to the School who is physically unfit for the duties of a soldier.

By order of the Honourable the President and Council of Education,

F. J. MOUAT, M. D.

Secretary.

Council of Education, the 15th Sept. 1844.

ইমতিহানের সময়ে কালেজে ভর্ত্তি হওনের অযোগ্য বোধ হওয়াতে তাহারদিগের আশাভঙ্গ ও খরচ ও ক্লেশ হইয়াছে এবং এইরূপ বিঘ্ন উত্তর কালে না হয় এই নিমিত্ত উপরের উক্ত হুকুম দেওয়া গেল।

কালেজে ভর্ত্তিহওনের আকাঙ্ক্ষি ব্যক্তিরদের আবশ্যক যে ফোর্ট উলিয়ম কালেজের পরীক্ষক সাহেবেরদের নিকটে পাঠাইবার নিমিত্ত তাহারদের এক উপযুক্ত চেহারা প্রস্তুত হয় এজন্যে ইমতিহানের দিনের অন্যূন তিন দিন পূর্ব্বে মেডিকাল কালেজের সেক্রেটারী সাহেবের সম্মুখে তাহারা উপস্থিত হয়।

মিলিটারীসম্পর্কীয় সম্প্রদায়ের সকল ছাত্রেরা যুদ্ধসম্পর্কীয় আইনের অধীন হইবে এবং সিপাহীস্বরূপ তাহারদের নাম রীতিমতে ফিরিস্তিতে লেখা যাইবেক।

ঐ পদাকাঙ্ক্ষি যে কোন ব্যক্তি ক্ষীণ শরীরপ্রযুক্ত সিপাহীর কর্ম্ম করিতে না পারে সে গ্রাহ্য হইবেক না।

বিদ্যাধ্যাপনের কমিটির শ্রীযুত অনরবিল প্রসীডেন্ট সাহেবের এবং কৌন্সেলের হুকুমক্রমে প্রকাশিত।

এফ জে মৌআট।

সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৪৪। ১৫ সেপ্টেম্বর।

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

The 25th October, 1844.

LEAVE OF ABSENCE.

Gholam Imam, Moonsiff of Latoo, Zillah Sylhet, from the 15th ultimo to the 5th instant.

Baboo Goluckchunder Chowdry, Moonsiff of Mendigunge, Zillah Backergunge, for one month in addition to the period of the Dusserah Vacation.

NOTIFICATION.

The 8th November, 1844.

In consequence of the Court House being under repairs, the Court of Sudder Dewanny Adawlut will not be opened for the despatch of business until Wednesday the 20th instant.

J. HAWKINS, *Register.*

সদর দেওয়ানী আদালতের হুকুম।

১৮৪৪ সাল ২৫ অক্টোবর।

ছুটী।

জিলা ছিলটের লাটুর মুনসেফ শ্রীযুত গোলাম এমাম গত মাসের ১৫ তারিখঅবধি বর্ত্তমান মাসের ৫ তারিখ পর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

জিলা বাকরগঞ্জের মেন্দিগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু গোলোকচন্দ্র চৌধুরী দশহরার বন্দের অতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৪ সাল ৮ নবেম্বর।

সদর দেওয়ানী আদালতের ঘর মেরামৎ হইতেছে অতএব বর্ত্তমান মাসের ২০ তারিখ বুধবারপর্য্যন্ত ঐ আদালত বন্দ থাকিবেক।

জে হকিন্স। রেজিষ্টর।

CIVIL APPOINTMENTS.

No. 1738.

ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 23d October, 1844.

Mr. L. S. Jackson to be an Assistant to the Magistrate and to the Collector of Hooghly.

The 2d November, 1844.

Mr. T. Young to be a Joint Magistrate and Deputy Collector of the 2d grade in Behar.

LEAVES OF ABSENCE.

The 2d November, 1844.

Mr. T. Young, Joint Magistrate and Deputy Collector of the 2d grade, in Behar, for two months, under Medical Certificate, in extension of the leave granted to him on the 6th June last.

Mr. F. Lowth, of the Civil Service, for one

রাজকর্ম্মে নিয়োগ।

১৭৩৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৪ সাল ২৩ অক্টোবর।

শ্রীযুত এল এস জাকসন সাহেব হুগলীর মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন।

১৮৪৪ সাল ২ নবেম্বর।

শ্রীযুত টি ইয়ং সাহেব বেহারের দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

ছুটী।

১৮৪৪ সাল ২ নবেম্বর।

বেহারের দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত টি ইয়ং সাহেব গত জুন মাসের ৬ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত এফ লৌথ সাহেব গত সেপ্টেম্বর

month, in addition to the leave granted to him on the 26th September last.

The 6th November, 1844.

Baboo Ramsoonder Roy, Deputy Collector under Regulation IX. of 1833, in Bullooah, for one month, from the 18th ultimo, under Medical Certificate.

The leave of absence, for two months, granted on the 5th August last, to the Honourable F. Drummond, exercising the powers of Joint Magistrate and Deputy Collector of Purneah, is cancelled.

The leave of absence, granted on the 16th ultimo, to Mr. Uncovenanted Deputy Collector Hough of Cuttack, is cancelled.

NOTIFICATIONS.

The 6th November, 1844.

Mr. A. Littledale, Magistrate of Mymensing, made over charge of his office to Mr. G. C. Fletcher on the 29th ultimo.

Mr. G. C. Cheap, Civil and Sessions Judge of Rajeshye, resumed charge of his office from the Principal Sudder Ameen on the 31st ultimo.

Mr. H. D. H. Fergusson, Officiating Magistrate of Tipperah, made over charge of his office to Mr. R. Abercrombie on the 1st instant.

Mr. W. H. Martin, Additional Judge of Hooghly, assumed charge of his office on the 1st instant.

The subject of the grants of waste lands in the Sunderbunds having been under the consideration of the Governor, it is hereby notified, for the information of the grantees and of the public at large, that the Sudder Board of Revenue have received instructions to attend to applications for an extention of the rent free term, from such grantees as may appear to the Board's satisfaction to have exerted themselves to fulfil the conditions of their agreements, and whose failure to do so has been owing to circumstances beyond their control.

The Government, at the recommendation of the Board, will be willing to extend the term in such cases to any period not exceeding ten years beyond that fixed in the original grant.

By Order of the Right Honourable the Governor of Bengal,

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

No. 343.
FORT WILLIAM.
FINANCIAL DEPARTMENT.
The 7th November, 1844.

ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL.

LEAVE OF ABSENCE.

Assistant Surgeon James Dodd, of the Madras Establishment, and Deputy Assay Master of the Calcutta Mint, for two years, to proceed to the Cape of Good Hope, on Medical Certificate.

মাসের ২৬ তারিখে যে ছুটী পান্ তদাতরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৪ সাল ৬ নবেম্বর।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে বলুআর ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রামসুন্দর রায় চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত মাসের ১৮ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

পূরণিয়ার জাইন্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর সাহেবের ক্ষমতাপ্রাপ্ত শ্রীযুত অনরবিল এফ ড্রমণ্ড সাহেবকে গত আগষ্ট মাসের ৫ তারিখে যে দুই মাসের ছুটী দেওয়া যায় তাহা রহিত হইয়াছে।

কটকের অচিহ্নিত ডেপুটী কালেক্টর শ্রীযুত হফ সাহেবকে গত মাসের ১৬ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহা রহিত হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৪৪ সাল ৬ নবেম্বর।

ময়মুনসিংহের মাজিস্ট্রেট শ্রীযুত এ লিটলডেল সাহেব গত মাসের ২৯ তারিখে আপন দফ্তরখানার কর্ম্মের ভার শ্রীযুত জি সি ফ্লেচর সাহেবের প্রতি অর্পণ করেন্।

রাজশাহীর সিবিল ও সেশন জজ শ্রীযুত জি সি চীপ সাহেব গত মাসের ৩১ তারিখে প্রধান সদর আমীনের স্থানে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

ত্রিপুরার একটিং মাজিস্ট্রেট শ্রীযুত এচ ডি এচ ফরগসন সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখে আপন দফ্তরখানার কর্ম্মের ভার শ্রীযুত আর আবরক্রম্বি সাহেবের প্রতি অর্পণ করেন্।

হুগলীর অতিরিক্ত জজ শ্রীযুত ডবলিউ এচ মার্টিন সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন্।

সুন্দর বনের পতিত ভূমির যে২ পাট্টা দেওয়া গিয়াছিল তাহার বিষয়ে শ্রীযুত গবর্নর্ সাহেবকে বিবেচনা করিতে অনুরোধ হওয়াতে ইহার দ্বারা পাট্টাদার এবং সর্ব্ব সাধারণ লোককে জানান যাইতেছে যে যে২ পাট্টাদার বোর্ডের বিবেচনাতে আপনারদের বন্দোবস্তের নিয়ম পূর্ণ করিতে যত্ন করিয়াছে অথচ তাহারা অনিবার্য্য ঘটনাপ্রযুক্ত কৃতকার্য্য হইতে পারে নাই এমত পাট্টাদারেরদের লাখেরাজী মিয়াদ বাড়াইতে দরখাস্ত করিলে বোর্ড রেবিনিউর সাহেবেরদের প্রতি সেই দরখাস্তে মনোযোগ করিতে হুকুম হইয়াছে।

এই২ মত গতিকে বোর্ডের সাহেবেরা পরামর্শ দিলে গবর্ণমেণ্ট আসল পাট্টাতে লাখেরাজী যে মিয়াদ নির্দ্দিষ্ট ছিল দশ বৎসরের অধিক না হয় এইপর্য্যন্ত ঐ মিয়াদ বাড়াইতে প্রস্তুত আছেন্।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবর্নর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৩৪৩ নম্বর।
ফোর্ট উলিয়ম
ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।
১৮৪৪ সাল ৭ নবেম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবর্নর্ সাহেবের হুকুম।

ছুটী।

মান্দ্রাজের সিরিশ্তার আসিষ্টাণ্ট চিকিৎসক এবং কলিকাতার টাকশালের ডেপুটী ধাতুপরীক্ষক শ্রীযুত জেম্স ডড সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে কেপে গমনার্থ দুই বৎসরের ছুটী পাইয়াছেন।

APPOINTMENT.

Assistant Surgeon W. B. O'Shaughnessey, M. D., to Officiate as Deputy Assay Master of the Calcutta Mint during Mr. Dodd's absence.

J. A. DORIN,
Secy. to the Govt. of India.

No. 1755.

ORDERS BY THE RIGHT HONORABLE THE GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 6th November, 1844.

The Reverend F. Hinde to be Assistant Chaplain at St. James' Church.

Mr. E. Deedes to officiate as Civil and Sessions Judge of East Burdwan, during the absence of Mr. B. Golding, or until further orders.

Mr. G. W. Battye to officiate as Civil and Sessions Judge of Purneah, until relieved, making over charge of the Bhaugulpore Collectorate to Mr. E. Lautour, the Magistrate of that District.

LEAVES OF ABSENCE.

The 6th November, 1844.

Mr. H. P. Russell, Civil and Sessions Judge of Moorshedabad, for ten days, on private affairs, in extension of the leave granted to him on the 10th ultimo.

Mr. R. E. Cunliffe, Magistrate and Collector of Dacca, for one month, under Section XI. of the Amended Rules of the 17th May 1843, making over charge of his office to Mr. B. H. Cooper.

Mr. J. H. Crawford, Collector of East Burdwan, for one month, on private affairs, from the 22d instant to the 22d proximo, making over charge of the current duties of his office to his Assistant, Mr. A. Pigou.

Mr. E. A. Samuells, Magistrate of Tirhoot, for one month, under Medical Certificate, in extension of the leave granted to him on the 18th March last.

The Reverend J. T. Jones, Chaplain of Howrah, for one month, from the 18th proximo, under Section XI. of the Amended Absentee Rules, preparatory to Furlough.

Mr. R. Ince, Superintendent of the Salt Chokies at Chittagong, for one month, commencing from the 10th instant.

Mr. R. H. Hewett, Sub-Deputy Opium Agent at Sarun, for six weeks, commencing from the date on which he may leave his Station.

Baboo Chunder Mohun Chatterjie, Deputy Magistrate under Act XV., of 1843, for four days, in extension of the leave granted to him on the 26th September last.

NOTIFICATION.

The 6th November, 1844.

The undermentioned sum belonging to an Emi-

নিয়োগ।

শ্রীযুত ডড সাহেবের অনুপস্থানপর্য্যন্ত আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত ডবলিউ বি ওসগনেসি সাহেব কলিকাতার টাকশালের ডেপুটী ধাতুপরীক্ষকতা কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

জে এ ডোরিন।
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

১৭৫৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৪ সাল ৬ নবেম্বর।

শ্রীযুত পাদরি এফ হাইণ্ড সাহেব কলিকাতার নেড়া গিরজার আসিষ্টান্ট ধর্ম্মোপদেশক হইবেন।

শ্রীযুত বি গোল্‌ডিং সাহেবের অনুপস্থান বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত ই ডীডস সাহেব পূর্ব্ব বর্দ্ধমানের সিবিল ও সেশন জজী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জি ডবলিউ বাটী সাহেব ভাগলপুরের কালেক্টরী কর্ম্মের ভার ঐ জিলার মাজিষ্ট্রেট শ্রীযুত ই লাটুর সাহেবের প্রতি অর্পণ করিয়া অন্য সাহেব নিযুক্ত না হওনপর্য্যন্ত পূরণিয়ার সিবিল ও সেশন জজী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৪৪ সাল ৬ নবেম্বর।

মুরশিদাবাদের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ পি রসেল সাহেব গত মাসের ১০ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে দশ দিনের ছুটী পাইয়াছেন।

ঢাকার মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত আর ই কনলিফ সাহেব আপনার কর্ম্মের ভার শ্রীযুত বি এচ কুপর সাহেবের প্রতি অর্পণ করিয়া ১৮৪৩ সালের ১৭ মে তারিখের শুধরা বিধানের ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

পূর্ব্ব বর্দ্ধমানের কালেক্টর শ্রীযুত জে এচ ক্রফর্ড সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ২২ তারিখঅবধি আগামি মাসের ২২ তারিখপর্য্যন্ত এক মাসের ছুটী পাইয়াছেন। তিনি আপন সিরিশ্‌তার চলিত কর্ম্মের ভার আপন আসিষ্টান্ট শ্রীযুত এ পিগু সাহেবের প্রতি অর্পণ করিবেন।

ত্রিহুতের মাজিষ্ট্রেট শ্রীযুত ই এ সামুএল্‌স সাহেব গত মার্চ মাসের ১৮ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

হাবড়ার ধর্ম্মোপদেশক শ্রীযুত জে টি জোন্‌স সাহেব নিয়মিত ছুটী লওনের পূর্ব্বে ছুটী প্রাপণার্থ শুধরা বিধানের ১১ ধারানুসারে আগামি মাসের ১৮ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

চাটিগাঁর নিমকচৌকীর সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত আর ইন্‌স সাহেব বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

সারণের আফীনের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত আর এচ হিউএট সাহেব যে তারিখে আপন কর্ম্মস্থানহইতে গমন করেন্ সেই তারিখঅবধি ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৪৩ সালের ১৫ আইনানুসারে ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু চন্দ্রমোহন চাটুর্য্যা গত সেপ্টেম্বর মাসের ২৬ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত চারি দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৪ সাল ৬ নবেম্বর।

মরিচ উপদ্বীপহইতে যে এক জন মজুর ফিরিয়া আ-

grant, who has died on his return from the Colony of Mauritius, is held in deposit at the General Treasury, payable to parties who may prove their right to the same.

Name of Emigrant.	Amount at his Credit in the General Treasury.	Name of Colony from whence returned.	Name of Ship in which returned.
Ram Chunjun, ...	159-1-6	Mauritius,	Isabella Watson.

The attention of the several Magistrates and Officers, exercising Magisterial powers in the Lower Provinces, is directed to this Notification, in order that every facility may be given to the relatives of the deceased to establish their just claims.

By Order of the Right Honourable the Governor of Bengal,

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

সিতেছিল তাহার পথে মৃত্যু হওয়াতে তাহার নীচের লিখিত টাকা জেনরল ত্রেজুরীতে জমা হইয়াছে তাহাতে যাহার হক থাকে সে প্রমাণ দিলে তাহা পাইতে পারিবেক।

মজুরের নাম	জেনরল ত্রেজুরীতে যত টাকা জমা হইয়াছে।	যে স্থানহইতে ফিরিয়া আসিতেছিল	যে জাহাজে ফিরিয়া আসিতেছিল
রামচঞ্চন	১৫৯/৬	মরিচ	ইজাবেলা ওয়াটসন

মৃত ব্যক্তির কুটুম্বেরা আপনারদের হক অক্লেশে সাব্যস্ত করিতে পারে এই নিমিত্ত এই বিজ্ঞাপনের প্রতি বাঙ্গলাপ্রভৃতি দেশের সকল মাজিষ্ট্রেট সাহেবের এবং মাজিষ্ট্রেটী ক্ষমতাপ্রাপ্ত অন্য সকল কার্য্যকারক সাহেবের প্রতি মনোযোগ করিতে বিশেষ হুকুম হইয়াছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবর্নর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্নমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

এস্তাহারনামা কাছারী কালেক্টরী জিলা মুরশিদাবাদ এই যে

অত্র জিলাসংক্রান্ত সরকারের খাস মহাল হুদা ঈশানপুর যাহার মফঃসল জমা ২৩,৫৬০৲ টাকা সন ১২৫২ সালের ১ বৈশাখঅবধি ১০ দশ বৎসর মেয়াদে ইজারা দেওয়া যাইবেক এবং ইজারাদারের লাভ ও মফঃসলের খরচার জন্য শতকরা ২০৲ টাকাঅবধি ২৫৲ টাকাপর্য্যন্ত সরঞ্জামী মিনাহ দেওয়া যাইবেক যে ইজারা লইবেক তাহাকে উত্তম জামিন দিতে হইবেক অথবা জমার অর্দ্ধেক আমানৎ করিতে হইবেক ইজারার দরখাস্ত মুরশিদাবাদের কালেক্টরী কাছারীতে দাখিল হইবেক ইজারার প্রার্থিত ব্যক্তিরদের অন্য যে কোন সমাচার জানা আবশ্যক হইবেক তাহা ঐ কাছারীতে জানিতে পারিবেক ইহা সর্ব্ব সাধারণের জ্ঞাপনার্থে ইস্তাহার দেওয়া গেল ইতি সন ১৮৪৪। ৩১ অক্টোবর মোং সন ১২৫১। তারিখ ১৬ কার্ত্তিক।

Moorshedabad, 31*st October*, 1844.

W. GREY, *Asst. Collr. in Charge.*

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of COLIN CAMPBELL, lately carrying on business in copartnership with William Frederick Fergusson, Theodore Dickens, Robert Thomas, Charles Hogg, Henry John Leighton, and John Hutcheson Fergusson, at Calcutta, under the Style or Firm of Fergusson, Brothers and Company, and in China, under the Style or Firm of Fergusson, Leighton and Company, Insolvents,

NOTICE is hereby given, that by an order made in this matter on the twenty-eighth day of August last, it was ordered, that unless cause be shewn to the contrary on Saturday the seventh day of December next, Colin Campbell, the within named Insolvent, should be forever discharged from all liability whatsoever for or in respect of the debts due

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

উলিয়ম ফ্রেড্রিক ফর্গসন ও থিওডোর ডিকিন্স ও রাবর্ট তামস ও চার্লস হগ ও হেনরি জান লেটন ও জান হচিসন ফর্গসন সাহেবের যৌতায় কলিকাতায় ফর্গসন ব্রাদর কোম্পানির নামে এবং চীন দেশে ফর্গসন লেটন কোম্পানির নামে কর্ম্মকারী যোত্রহীন

কালিন কাম্বেল সাহেবের

বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে গত আগষ্ট মাসের ২৮ তারিখে এই বিষয়ে হুকুম হইয়াছিল যে আগামি ডিসেম্বর মাসের ৭ তারিখে বিপরীত প্রচুর প্রমাণ প্রকাশ না হইলে নীচের লিখিত সাহেবেরদের যে সকল দাওয়া উক্ত যোত্রহীন কালিন কাম্বেল সাহেবের উপর থাকে তাহাহইতে তিনি সম্পূর্ণরূপে মুক্ত হইবেন।

বিশেষতঃ কাপ্তান আবট সাহেব, বিবি আন্ আট্‌কিন্‌সন্, এন্‌সাইন্ জি বীডুএল সাহেব, তামস ক্রুস সাহেব, কাপ্তান টি এচ জি বেসাণ্ট সাহেব, বিবি হাজী খানম, বিবি মরে, বিবি এম সি ব্রিকডেল, জে টি ব্রৌন সাহেব, কর্ণেল জি বি বেট সাহেব, বিবি দোএন্দা বেগম, লেপ্টেনেণ্ট জে ডবলিউ বেনেট সাহেব, মেজর জজ ব্লেক সাহেব, বিবি মুবারক উল মেসা, সি ডবলিউ ব্লণ্ট সাহেব, মেজর জি

from him to the following persons, that is to say: Captain Abbott; Mrs. Anne Atkinson; Ensign G. Beadwell; Thomas Bruce; Captain T. H. G. Besant; Beebee Hanjee Khanum; Beebee Murray; Mrs. M. C. Brickdale; J. T. Brown; Colonel G. B. Bett; Beebee Dorndah Begum; Lieutenant J. W. Bennett; Major George Blake; Beebee Moobaruk Oal Messa; C. W. Blunt; Major G. W. Bonham; R. C. Blunt; Robert Bluntish; Captain G. A. Brownlow; Balguerie and Company; W. N. Chapman; Major W. Caine; The Honourable C. H. Cameron; Colonel H. Cook; J. Carruthers; Colonel James Clark, representative of the Estate of N. Beetong; Mrs. Colley, representative of W. J. Colley; Bransby Cooper; L. A. Cooke; Lieutenant W. A. Cooke; Colonel James Clarke; Edward Cropley; Henry Dale, executor of C. Charlton; Mrs. A. C. Darby; William Dent; Major Debnam, administrator of the Estate of the Reverend J. J. Tucker, deceased; C. H. Dennehy; Captain J. T. Davies; T. Dickens, representative of H. Cavell, deceased; Patrick Dudgeon, executor of Colonel W. Yule; Captain J. D. Dyke; George Drummond; William Dollard; R. B. Duncan; J. A. Dunbar; Eleanora, legatee of W. C. Ord; Eglinton, McClure and Company; F. J. A. Elson; H. C. Erskine; T. C. Elliot; Estate of John Gilmore; Estate of John Smith; Estate of William Fairlie; Estate of C. Ponchelette; Estate of Mrs. H. Haigh; Estate of James Grant; Estate of Colonel R. Limond; Captain G. J. Fraser; Mrs. E. Faddy; Dr. William Fergusson; James Fergusson; John Hutcheson Fergusson, Junior, as administrator to the Estate of David Clarke, deceased; W. F. Fergusson, Executor of C. F. Fergusson; W. F. Fergusson, Executor of Samuel Frost; W. F. Fergusson, Executor of A. Mackenzie; W. F. Fergusson, Executor of J. Kieruff; W. F. Fergusson, Executor of Captain T. O'Beirne; Captain T. F. Fleming; John Franks; Major R. Gardner; Mrs. C. Gordon; D. Glass, deceased, representatives Messieurs Boyd, Beeby and Company; John Grose; W. Grant; Goluckchunder Doss, representative unknown; C. Gubbins; Major W. B. Girdlestone; Murray Gladstone, administrator to the Estate of Richard Vaughan, deceased; George Grasemann; Captain G. T. Greene; Captain F. Gresley; Hugh Guthrie; Mrs. H. Hampton; Miss A. M. Hampton, Executrix of Charles Hampton, deceased; Charles Hawkins; Colonel D. Harriot; Charles Hawkins; Charles Hawkins, Executor of Henry Taylor; George Kerklotts; D. J. Henshaw; R. N. C. Hamilton; General H. Huthwaite; Lieutenant Charles Holroyd; Thomas Holroyd; James Hourson; Lieutenant A. Hunter; Inglis and Company; George Inglis; Thomas Inglis; T. Intveld; Meda Inchee; Captain R. Jefferson; R. C. Jenkins; R. C. Jenkins, Executor of W. Fraser; R. C. Jenkins, Representative of Colonel C. Grant; Lieutenant F. Jenkins; General F. J. T. Johnston; Duppa Hamilton Kearnes; Captain R. E. Keily; Captain J. D. Kennedy; Kemp, Brothers; Captain E. Lestrange; C. J. Long; H. S. Lane, Executor of C. F. Mag-

ডবলিউ বম্‌হাম সাহেব, আর সি ব্লন্ট সাহেব, রাবর্ট ব্লন্টিশ্ সাহেব, কাপ্তান জি এ ব্রৌন্‌লো সাহেব, বালগেরি কোম্পানি, ডবলিউ এন চাপ্‌মান্ সাহেব, মেজর ডবলিউ কেন সাহেব, আনরবিল সি এচ কামিরণ সাহেব, কর্ণেল এচ কক্ সাহেব, জে কারুথর্স সাহেব, এন বিটৎ সাহেবের ইষ্টেটের প্রতিনিধি কর্ণেল জেম্‌স ক্লার্ক সাহেব, ডবলিউ আই কলি সাহেবের প্রতিনিধি বিবি কলি, ব্রান্সবি কুপর সাহেব, এল এ কুক সাহেব, লেৎ ডবলিউ এ কুক সাহেব, কর্ণেল জেম্‌স ক্লার্ক সাহেব, এড্বার্ড ক্রপলি সাহেব, সি চার্লটন সাহেবের অছি এচ ডেল সাহেব, বিবি এ সি ডার্বি, উলিয়ম ডেণ্ট সাহেব, মৃত পাদরি আই আই টকর সাহেবের ইষ্টেটের অছি মেজর ডেবনাম সাহেব, সি এচ ডেনেহি সাহেব, কাপ্তান আই টি ডেবিস সাহেব, মৃত এচ কাবেল সাহেবের প্রতিনিধি টি ডিকিন্স সাহেব, কর্ণেল ডবলিউ ইউল সাহেবের অছি পাত্রিক ডজন্ সাহেব, কাপ্তান জে ডি ডাইক সাহেব, জর্জ ড্রমণ্ড সাহেব, উলিয়ম ডলার্ড সাহেব, আর বি ডন্‌কান্ সাহেব, আই এ ডন্‌বার সাহেব, ডবলিউ সি অর্ড সাহেবের উত্তরাধিকারিণী এলিওনোরা অর্ড, এগ্লিন্টন মাক্‌লুর কোম্পানি, এফ আই এ এলসন সাহেব, এচ সি অরস্কিন সাহেব, টি সি এলিয়ট সাহেব, জান গিল্‌মোর সাহেবের ইষ্টেট, জান স্মিথ সাহেবের ইষ্টেট, উলিয়ম ফেরলি সাহেবের ইষ্টেট, সি পঞ্চিলেট সাহেবের ইষ্টেট, বিবি এচ হেগের ইষ্টেট, জেম্‌স গ্রাণ্ট সাহেবের ইষ্টেট, কর্ণেল আর লিমণ্ড সাহেবের ইষ্টেট, কাপ্তান জি আই ফ্রেজর সাহেব, বিবি ই ফাডি, ডাক্তর উলিয়ম ফর্গসন সাহেব, জে ফর্গসন সাহেব, মৃত ডেবিড ক্লার্ক সাহেবের অছি জোট জান হচিসন ফর্গসন সাহেব, সি এফ ফর্গসন সাহেবের অছি ডবলিউ এফ ফর্গসন সাহেব, সামুএল ফ্রস্ট সাহেবের অছি ডবলিউ এফ ফর্গসন সাহেব, এ মাকেঞ্জি সাহেবের অছি ডবলিউ এফ ফর্গসন সাহেব, আই কীরফ সাহেবের অছি ডবলিউ এফ ফর্গসন সাহেব, কাপ্তান টি ওবিয়র্ণ সাহেবের অছি ডবলিউ এফ ফর্গসন সাহেব, কাপ্তান টি এফ ফ্লেমিং সাহেব, জান ফ্রাঙ্কস্ সাহেব, মেজর আর গার্ডনর সাহেব, বিবি সি গর্ডন, মৃত ডি গ্লাস সাহেবের প্রতিনিধি বয়ড বিবি কোম্পানি, জান গ্রোস সাহেব, ডবলিউ গ্রাণ্ট সাহেব, গোলোকচন্দ্র দাস তাঁহার প্রতিনিধি জানা যায় না, সি গবিন্স সাহেব, মেজর ডবলিউ বি গর্ডলষ্টোন সাহেব, মৃত রিচার্ড বন সাহেবের ইষ্টেটের অছি মরে গ্লাডষ্টোন সাহেব, জার্জ গ্রেসমান সাহেব, কাপ্তান জি টি গ্রীন সাহেব, কাপ্তান এফ গ্রেস্‌লি সাহেব, হিউ গথরি সাহেব, বিবি এচ হাম্‌টন, মৃত চার্লস হাম্‌টন সাহেবের অছি মিস এ এম হাম্‌টন, চার্লস হাকিন্স সাহেব, কর্ণেল ডি হারিয়ট সাহেব, চার্লস হকিন্স সাহেব, হেনরি টেলর সাহেবের অছি চার্লস হকিন্স সাহেব, জার্জ হর্কলট্‌স সাহেব, ডি আই হেন্‌শা সাহেব, আর এন সি হামিল্‌টন সাহেব, জেনরল এচ হথওএট সাহেব, লেৎ চার্লস হল্‌রয়ড সাহেব, তামস হল্‌রয়ড সাহেব, জেম্‌স হৌরসন সাহেব, লেৎ এ হণ্টর সাহেব, ইঙ্গলিস কোম্পানি, জার্জ ইঙ্গলিস সাহেব, তামস ইঙ্গলিস সাহেব, টি ইণ্টবেল্‌ড সাহেব, মেদা ইঞ্চী, কাপ্তান আর জেফরসন সাহেব, আর সি জেন্‌কিন্স সাহেব, ডবলিউ ফ্রেজর সাহেবের অছি আর সি জেন্‌কিন্স সাহেব, কর্ণেল সি গ্রাণ্ট সাহেবের প্রতিনিধি আর সি জেন্‌কিন্স সাহেব, লেৎ এফ জেন্‌কিন্স সাহেব, জেনরল এফ আই টি জনষ্টন সাহেব, ডপা হামিল্‌টন্ কিয়র্ণস্ সাহেব, কাপ্তান আর ই কাইলি সাহেব, কাপ্তান আই ডি কেনেডি সাহেব, কেম্প ব্রাদর, কাপ্তান ই লেষ্ট্রেঞ্জ সাহেব, সি আই লৎ সাহেব, সি এফ মান্যাক সাহেবের অছি এচ এস জেন সাহেব, এনসাইন ডি এম ডি লা সাহেব, রিচার্ড লিড্যার্ড সাহেব, এচ সি বনেট লডলো সাহেব, মৃত কুয়ার্টর মাষ্টর টি আডাম্‌স্ সাহেবের প্রতিনিধি ডি মাকসুএল সাহেব, বিবি এম মাকডনাল্‌ড, আর মাকউইনিল সাহেব, জি জি মাকিণ্টশ্

niac; Ensign D. M. D. Law; Richard Lidiard; H. C. Bonet Ludlow; D. Maxwell, representative of the late Qr. Master T. Adams, deceased; Mrs. M. Macdonald; R. McWhinnies; G. G. Macintosh; R. R. Maidman; J. McClelland, representative of Wm. Davidson, deceased; Major J. H. Mackinlay; Mrs. Methold, representative of Robert Dashwood, deceased; Captain William Mitchell; Captain G. B. Mitchell; R. B. Morgan; Colonel A. S. H. Mountain; J. and N. Murphy; John Muir; Muttyloll Seal; D. B. Morrieson; Lieut. E. Meade; Lieutenant R. Morrieson; Lieutenant J. Morrieson; Captain J. L. Mowatt; C. E. Newcomen; Executor of A. D. Monteath, deceased; W. Newnham; Mrs. W. Ogilvy, administratrix of W. Ogilvy, deceased; R. O'Dowda, administrator to the Estate of Captain M. Smith; R. O'Dowda; administrator to the Estate of Major J. Rushan; R. O'Dowda, administrator to the Estate of Beebee Delford; Owners of the Mauritius; John Palmer; Miss Sophia Palmer; R. Quantrill; Radhim Mahomed Zaim; John Robb, Executor of Wm. Robb; E. A. Reade; Lieut. T. Renny; Ritchie, Stewart and Company; Ritchie and Company; Mrs. M. Robinson; T. H. Robinson; D. Conductor Ross; John Row; H. Scott, Executor of Captain J. Scott; Captain J. R. Scott; Mrs. D. E. Shuttleworth, administratrix to the Estate of D. E. Shuttleworth deceased; Lieutenant John Smith; Colonel C. C. Smith; Captain W. M. Smith; R. W. Scott; Colonel S. W. Steel; Captain W. M. Stewart; Colonel O. Stubbs; Captain John Stubbs; George Swinton; Conductor J. Symms; Major E. J. Smith; John Taylor, Colonel, C. B; H. M. Taylor; General Sir Joshua Thackwell, F. V. A. Thurburn, Executor; Mrs. C. Thompson, representative of Jas. Thompson, deceased; Tontine of India, representative, Henry John Leighton; Lieutenant W. S. Twycross; Joseph Tosh; R. T. Tucker; Captain C. Twedale; Trust for Mrs. Captain E. Buckle, Trustees, Captain A. H. E. Boileau, and J. H. Fergusson; Trust for Mr. H. Cape, Trustee, W. F. Fergusson; Trust for Mrs. M. Clarkson, Trustee, W. F. Fergusson; Trust for Mr. C. Denham, Trustee, J. H. Fergusson, Senr.; Trust for Mrs. T. Dickens, Trustee, R. Thomas; Trust for Mr. E. C. Anderson, Colonel James Blaikie, Trustee; Trust for Mrs. C. Debnam, Trustees, J. H. Fergusson, and Colin Campbell; Trust for Mr. J. B. Deverell, deceased, Trustee, G. Inglis; Trust for Miss S. Deverell, Trustee, G. Inglis; Trust for Miss S. Deverell, Trustee, G. Inglis; Trust for Widow and Children of J. A. Deverell, Trustee, G. Inglis; Trust for Mr. and Mrs. T. Spens, Trustee, W. F. Fergusson; Trust for Mrs. H. Conyers, T. Dickens, Trustee; Trust for Mrs. G. Carter, J. Fairlee, J. King, and J. Andrews, Trustees; Trust for Mendiete, Urarte and Company, representative H. J. Leighton; Trust for William Davis, Trustee, R. C. Jenkins; Trust for Mrs. M. Haines's Children, Trustee, T. Dickens; Trust for Mr. S. Trotter and Children, Trustee, R. C. Jenkins; Trust for Mrs. W. F. Fergusson,

সাহেব, আর আর মেডমান সাহেব, মৃত ডবলিউ ডেবিড্‌সন্ সাহেবের প্রতিনিধি আই মাকলেলাণ্ড সাহেব মেজর আই এচ মাকিনলে সাহেব, মৃত রাবর্ট ডাগুড সাহেবের প্রতিনিধি বিবি মেথোলুড, কাপ্তান উলিয়ম মিচেল সাহেব, কাপ্তান জি বি মিচেল সাহেব, আর বি মর্গান সাহেব, কর্ণেল এ এস এচ মৌন্টেন সাহেব, আই এবং এন মরফি সাহেব, জান মুর সাহেব, মতিলাল শীল, ডি বি মরিসন সাহেব, লেং ই মীড সাহেব, লেং আর মরিসন সাহেব, লেং আই মরিসন সাহেব, কাপ্তান আই এল মৌআট সাহেব, মৃত এ ডি মন্টীথ সাহেবের অছি সি ই নিউকমেন সাহেব, ডবলিউ নিউনহাম সাহেব, মৃত ডবলিউ ওগলবির অছি বিবি ডবলিউ ওগলবি, কাপ্তান এম স্মিথ সাহেবের ইষ্টেটের অছি আর ওডোডা সাহেব, মেজর আই রুশান সাহেবের ইষ্টেটের অছি আর ওডোডা সাহেব, বিবি ডেলফোর্ডের ইষ্টেটের অছি আর ওডোডা সাহেব, মরিস্যাল জাহাজের কর্ত্তা, জান পামর, মিস সোফাইয়া পামর, আর কান্টিল সাহেব, রাধীম মহম্মদ জাইম, উলিয়ম রব সাহেবের অছি জান রব সাহেব, ই এ রীড সাহেব, লেং টি রেনি সাহেব, রিচি ষ্টুআর্ট কোম্পানি, রিচি কোম্পানি, বিবি এম রাবিন্‌সন, টি এচ রাবিন্‌সন সাহেব, ডি কণ্ডক্টর রস সাহেব, জান রো সাহেব, কাপ্তান জে স্কট সাহেবের অছি এচ স্কট সাহেব, কাপ্তান আই আর স্কট সাহেব, মৃত ডি ই শটলওয়র্থ সাহেবের অছি বিবি ডি ই শটলওয়র্থ, লেং জান স্মিথ সাহেব, কর্ণেল সি সি স্মিথ সাহেব, কাপ্তান ডবলিউ এম স্মিথ সাহেব, আর ডবলিউ স্কট সাহেব, কর্ণেল এস ডবলিউ ষ্টিল সাহেব কাপ্তান ডবলিউ এম ষ্টুআর্ট সাহেব, কর্ণেল ও ষ্টবুস সাহেব, কাপ্তান জান ষ্টবুস সাহেব, জর্জ সুইন্টন সাহেব, কণ্ডকটর আই সিম্‌স্ সাহেব, মেজর ই আই স্মিথ সাহেব, কর্ণেল জান টেলর সাহেব, এচ এম টেলর সাহেব, জেনরল সর জশুয়া থাকুএল সাহেব, এফ বি এ থর্ণর্ণ সাহেব, মৃত জে তামসন সাহেবের প্রতিনিধি বিবি সি তামসন, ভারতবর্ষের টন্‌টীন তাহার প্রতিনিধি হেনরি জান লেটন সাহেব, লেং ডবলিউ এস টওয়াইক্রস সাহেব, জোসেফ টশ সাহেব, আর টি টকর সাহেব, কাপ্তান সি টুইডেল সাহেব, কাপ্তান ই বকল সাহেবের মেয়ের ট্রষ্টি কাপ্তান এ এচ ই বয়লো সাহেব এবং আই এচ ফর্গসন সাহেব, এচ কেপ সাহেবের ট্রষ্টি ডবলিউ এফ ফর্গসন সাহেব, বিবি এম ক্লার্কসনের ট্রষ্টি ডবলিউ এফ ফর্গসন সাহেব, সি ডেনহাম সাহেবের ট্রষ্টি বড় আই এচ ফর্গসন সাহেব, বিবি টি ডিকেন্সের ট্রষ্টি আর তামস সাহেব, ই সি আওর্সন সাহেবের ট্রষ্টি কর্ণেল জেম্‌স ব্রেকি সাহেব, বিবি সি ডেবনামের ট্রষ্টি আই এচ ফর্গসন সাহেব ও কালিন কাম্বেল সাহেব, মৃত জে বি ডেবরেল সাহেবের ট্রষ্টি জি ইঙ্গলিস সাহেব, মিস এস ডেবরেলের ট্রষ্টি জি ইঙ্গলিস সাহেব, মিস এস ডেবরেলের ট্রষ্টি জি ইঙ্গলিস সাহেব, আই এ ডেবরেল সাহেবের বিধবা ও বালকেরদের ট্রষ্টি জি ইঙ্গলিস সাহেব, টি স্পেন্স সাহেব ও তাঁহার মেয়ের ট্রষ্টি ডবলিউ এফ ফর্গসন সাহেব, বিবি এচ কনিয়র্সের ট্রষ্টি টি ডিকেন্স সাহেব, বিবি জি কার্টরের ট্রষ্টি আই ফের্লি সাহেব এবং আই কিং সাহেব এবং আই আন্ড্রুস সাহেব, মেন্দিএতে উরিয়ার্টে কোম্পানির প্রতিনিধি এচ আই লেটন সাহেব, উলিয়ম ডেবিসের ট্রষ্টি আর সি জেনকিন্স সাহেব, বিবি এম হেন্‌সের বালকেরদের ট্রষ্টি টি ডিকিন্স সাহেব, এস ট্রাটর সাহেব ও বালকেরদের ট্রষ্টি আর সি জেনকিন্স সাহেব, বিবি ডবলিউ এফ ফর্গসন সাহেবের ট্রষ্টি বড় আই এচ ফর্গসন সাহেব, এফ আই ফর্গসন সাহেবের ট্রষ্টি এ গিলমোর সাহেব, ডবলিউ এফ ফর্গসন সাহেবের ট্রষ্টি এ গিলমোর সাহেব, জেম্‌স ও ফের্লি সাহেবের ট্রষ্টি মৃত ডি ক্লার্ক সাহেব, তাঁহার ইষ্টেটের অছি আই এচ ফর্গসন সাহেব, বিবি ফাতিমা

Trustee, J. H. Fergusson, Senr.; Trust for Master F. J. Fergusson, Trustee, A. Gilmore; Trust for Mr. W. F. Fergusson, Trustee, A. Gilmore; Trust for James O. Fairlie, Trustee, D. Clark, deceased, administrator of D. Clark's Estate, J. H. Fergusson; Trust for Beebee Fatima Khanum, Trustee J. H. Fergusson, Senior; Trust for Mrs. E. Bernard, deceased; Trust for Mrs. M. C. Elderton, Trustees, P. O. Carnegy and C. M. Elderton; Trust for Mrs. Colin Campbell, Trustee, W. F. Fergusson; Trust for Master W. F. Clark, Trustee, James Fergusson; Trust for Mr. E. J. Shuttleworth, Trustees, W. F. Fergusson, Colin Campbell, C. G. Udny, G. T. Urquhart, deceased; Captain H. Vitch; George Vint; Major W. Warde; Revd. Mr. W. Ward; deceased; Waddington and Sandes; William Watson; Mr. C. F. Watson; Captain J. Woodburn; Lieutenant A. S. Waugh; Major T. Wilkinson; Captain A. H. S. Young; William Hunter Smoult, late Sheriff; Adam Freer Smith, Sheriff; John Harris Stonehouse; Messieurs Briggs, Thurburn and Company; Magniac, Jardine and Company; C. F. Weber, Esquire; Boyd, Beeby and Company; D. E. and A. Acraman; Hamilton, Stopford and Company; Chooneeloll; H. E. Hunter; Calcutta Insurance office; Commercial Insurance Office; Globe Insurance Office; Indemnity Insurance Office; Hope River Insurance Office; The Agra Bank; Doctor D. Campbell; The Honourable Captain H. B. Dalzell; Doctor A. V. Dunlop; A. C. Dunlop, Esquire; Gisborne and Company; James Weir Hogg, Esquire; Union Bank; J. M. Higginson, Esquire; Major C. E. T. Oldfield; John Franks, Esquire; Thomas Sandes, Esquire; Watson, Borrodaile and Company; Lyall, Matheson and Company; Sandes, Frith and Sandes; Leach, Hettlewell and Company; Cockerell and Company; J. H. Fergusson, Senr.; Adam, Scott and Company; Mackenzie, Lyall and Company; Saunders, May, Sarkies, and Company; Bold and Starkey; Macvicar, Smith and Company; Webster, Cossart, Gordon, and Company; Gillanders, Arbuthnot and Company; H. F. Shank; James Cumine; E. Nosky and Company; Gisborne and Company; Peter Dodd and Company; J. Holmes and R. W. Allan; Livingstone, Syers and Company; Hamilton and Company; Allan, Paten and Company; Overend, Gurney and Company; Chapman, Griffiths, Paull and Company; Mackillop, Stewart, and Company; Mrs. C. Reierson; Turner, Stopford, and Company; T. E. M. Turton, and W. P. Grant, Secrs. Eastern Steam Navigation Company; William Allhusen; General George Dick; Francisco Pereira; F. R. Hampton; Davidson, Barkley and Company; Colville, Gilmore and Company; London Joint Stock Bank; M. F. G. Sandes; Major General Waters, Bareilly; J. Nassan Clark; Miss M. Wright; Peel, Bellairs and Company; Henry Fendall; Thomas Barker; G. A. Bushby; Eglinton, McClure and Company; Stulz and Houseley; G. S. Dick; Captain G. H. Dyke; W. Bruton; James Cowell; Colvin, Ainslie, Cowie and Company; J. Mackerell Smith; James Hall;

